


প্রকাশক ঃ

হাদীছ ফাউণ্ডেশন বাংলাদেশ

কাজলা, রাজশাহী।

ফোন ও ফ্যাক্সঃ (অনুঃ) ০৭২১-৭৬০৫২৫, ফোনঃ (অনুঃ) ৭৬১৩৭৮, ৭৬১৭৪১
মুদ্রণে ঃ দি বেঙ্গল প্রেস, রাণীবাজার, রাজশাহী, ফোনঃ ৭৭৪৬১২।



প্রচ্ছদ পরিচিতি ঃ ওমানের সুলতানের মসজিদ।

Monthly AT-TAHREEK an extra-Ordinary Islamic research Journal of Bangladesh directed to Salafi Path based on real Tawheed and Sahih Sunnah. Enriched with valuable writings of renowned scholars and Columnists of home and abroad, aiming to establishing a pure islamic society in Bangladesh. Some of regular columns of the Journal are: 1. Dars-i- Quran 2. Dars-i- Hadees 3. Research Articles. 4. Lives of Sahaba & Pioneers of Islam 5. Wonder of Science 6. Health, Medicine & Agriculture 7. News: Home & Abroad & Muslim world. 8. Pages for Women 9. Children 10. Poetry 11. Fatawa etc.

Monthly AT-TAHREEK

Cheif Editor: Dr. Muhammad Asadullah Al-Ghalib.

Editor: Muhammad Sakhawat Hossain.

Published by: Hadees Foundation Bangladesh.

Kajla, Rajshahi, Bangladesh.

Yearly subscription at home Regd. Post. Tk. 170/00 & Tk. 90/00 for six months.

Mailing Address: Editor, Monthly AT-TAHREEK

NAWDAPARA MADRASAH (Air port Road) P.O. SAPURA, RAJSHAHI.

Ph & Fax: (0721) 760525, Ph: (0721) 761378, 761741.

ীয়াসিক

بسم الله الرحمن الرحيم

আড-ভাহন্নীক

مجلة "التحريك" الشمرية علمية أدبية ودينية

ধর্ম, সমাজ ও সাহিত্য বিষয়ক গবেষণা পত্রিকা

রেজিঃ त॰ রাজ ১ ৬ ৪ ু জন্ম হার্টি জন্ম ৭ম বর্ষঃ ১ম সংখ্যা শা'বান-রামাযান ১৪২৪ হিঃ আশ্বিন -কার্তিক ১৪১০ বাং অক্টোবর ২০০৩ ইং সম্পাদক মণ্ডলীর সভাপতি ७३ यूराचान जाजानुद्वार जान-गानित সম্পাদক মুহামাদ সাধাওয়াভ হোসাইন সার্কুলেশন ম্যানেজার আবুল কালাম মুহামাদ সাইফুর রহমান বিজ্ঞাপন ম্যানেজার শামসূল আলম

কম্পোজঃ হাদীছ ফাউডেশন কম্পিউটার্স

যোগাযোগঃ

নির্বাহী সম্পাদক, মাসিক আত-ভাহরীক নওদাপাড়া মাদরাসা (বিমান বন্দর রোড), পোঃ সপুরা, রাজশাহী। মাদরাসা ও 'আত-ভাহরীক' অফিস ফোনঃ (০৭২১) ৭৬১৩৭৮ সার্কুঃ ম্যানেজার মোবাইলঃ ০১৭১-৯৪৪৯১১ কেন্দ্রীয় 'যুবসংঘ' অফিস ফোনঃ ৭৬১৭৪১

সম্পাদক মঙ্গীর সভাপতি ফোন ও ফ্যাব্রঃ (বাসা) ৭৬০৫২৫। ই-মেইলঃ tahreek@librabd.net

ঢাকাঃ

ভাওহীদ ট্রাষ্ট অফিস কোন ও ফ্যাক্সঃ ৮৯১৬৭৯২। 'আন্দোলন' ও 'যুবসংঘ' অফিস ফোনঃ ৯৫৬৮২৮৯।

शमिया ४२ टीका योख।

হার্দীছ ফাউবেশন বাংলাদেশ কাজলা, রাজশাহী কর্তৃক প্রকাশিত এবং দি বেকল প্রেস, রাণীবাজার, রাজশাহী হ'তে মুদ্রিত।

সূচীপূত্

| Ž C | जन्मामकी य | ૦ર |
|----------|---|-------------|
| E C | थवंबर | |
| X | 🗖 ঐ সকল হারাম যেওলিকে জনগা হালকা মনে করে | 2 |
| | অধচ তা ধেকে বেঁচে থাকা ওয়াজিব (৩য় কিন্তি) | 00 |
| | - मृनः ग्राचाम ছात्मर जान-ग्रनाकिम | |
| Ř | 🗇 ছালাতৃত ভারাবীহঃ রাক'আত সংখ্যা | op. |
| | - यूयाश्क्त विन यूष्ट्रिन | |
| | ☐ শবেবরাত - <i>আত-তাহরীক ডেঙ্ক</i> ☐ ছিন্নামের কাবারেল ও মাসায়েল | 79 |
| 2 | ্র ছিরানের পথারেল ও মাসারেল - <i>আভ-তাহরীক ডে</i> ক | خ ۶ |
| Ž | 🗇 ভারতের পানি আগ্রাসন রুখতে হবে | ક્ ર |
| X | - মেলর (অবঃ) আহাদুজ্ঞামান | • |
| Ş | 🛘 পবিত্র কুরআনের অপৌকিক শৈল্পিক সঙ্গতি | ર 8 |
| | - प्रशापान रामीमून रैनमाम | |
| 8 | 🗖 পারভারসন বা বিকৃত গণতন্ত্রের দেশ আমেরিকা | ২৬ |
| Ž. | - आवमूत्र त्रह्मान | , |
| 8 | ভারতীয় জবরদখল ও 'শান্তিবাহিনী'র অভত তৎপরতা -উমর ফারুক আল-হাদী | |
| | | ২৮ |
| | নবীনদের পাতাঃ | 90 |
| 8 | দরিদ্রতা প্রতিকারে ইসলাম -সুমন শাম্স | |
| § o | চিকিৎসা জগৎঃ | ৩8 |
| 8 | 🗖 বাভাবী লেবু 🗖 লিভার বা যকৃতের দেশীয় | |
| | চিকিৎসা 🗖 জন্তিসের পরীক্ষিত ঔষধ | |
| 80 | গল্পের মাধ্যমে জ্ঞানঃ | ৩৫ |
| 8 | ☐ श्रेष्ठात्रभा - <i>पानुह हामाम मानाकी</i> | Vu. |
| Š, | | |
| ₹ . | | ৩৬ |
| 5 | খদেশ-বিদেশ | ৫ ৩ |
| = | মুস্পিম জাহান | 8২ |
| _ | বিজ্ঞান ও বিশ্বয় | 88 |
| | পাঠকের মতামত | 86 |
| ¥ | সংগঠন সংবাদ | 86 |
| go | र्थातीस्त्र | 8৮ |



হে কল্যাণের অভিসারীগণ! এগিয়ে চল

রহমত ও বকরতের পশরা নিয়ে, মাগফেরাত ও নাজাতের সুসংবাদ নিয়ে বছর ঘুরে রামাযান আমাদের দুয়ারে সমাগত। আঝেরাতে মুজিকামী সত্যিকারের কল্যাণের অভিসারীগণ এ মাসকে তাদের পরকালীন মুজির অসীলা হিসাবে স্বাগত জানায়। তাই রামাযানের এক মাস পূর্বে শা বান মাস থেকেই তাদের প্রভৃতি তব্দ হয়ে যায়। শা বানের প্রথমার্থেই তারা নকল ছিয়ামের অভ্যাস তব্দ করে দেয়। অতঃপর রামাযানের আগমনে বিপুল উৎসাহে ও গভীর ভালবাসা নিয়ে করম ছিয়াম তব্দ করে। সারা দিন সে কেবল খানাগিনা ও যৌন সজোল থেকেই বিরত থাকে না, বরং ছিয়ামকে ক্রণ্টিপূর্ণ করতে পারে এমন কাজ থেকে নিজের সকল অল-প্রভালকে বিরত রাখে। নিজের জিহাকে যাবতীয় মিথ্যা ও গীবত-তোহমত থেকে, নিজের হন্ত-পদকে যাবতীয় অন্যায় কর্ম থেকে ও নিজের অন্তর্গকে বাবতীয় অলং চিন্তা থেকে দ্রে রাখে। সে বিশ্বাস করে যে, যে হাত-পা ও চক্ক-কর্ণ এখন তার অনুগত রয়েছে, ক্রিয়ামতের দিন এরা স্বাধীন হয়ে যাবে। যদি এদেরকে আমি আল্লাহুর আনুগত্যে ব্যবহার না করে শয়তানের আনুগত্যে ব্যবহার করি, তাহ'লে ক্রিয়ামতের দিন এরাই আমার বিক্লজে সান্ধী দিবে (য়য়নীন ৬৭)। অন্যদের চোখে খুলা দেওয়া যাবে, কিছু এই সান্ধীরা অবিজ্বো। শয়নে-স্বপনে, চলনে-বলনে দিবারাত্রি এরা আমার একান্ত সাথী। এদের মাধ্যমেই আমি সবকিছু করি। এদেরকে লুকিয়ে কিছুই করার ক্ষমতা আমার নেই। তাই গোয়েশা পুলিশের চাইতে আমি এদেরকে বেশী তয় করি। দুনিয়াবী আদালতের বিচারকদের চাইতে আমি মহা বিচারক আল্লাহুর আদালতকে বেশী তয় পাই। সেদিন যদি আমার জিহ্বা, আমার চক্ক-কর্ণ, আমার যৌনান্দ, আমার হলয়, আমার হন্তব, আমার সমন্ত দেহয়ন্ত্র একযোগে আমার বিক্লজে সান্ধী দেয়, সেদিন আর কে আছে, যে আমার পক্ষে সান্ধাই সান্ধী হবে।

হে যুবক! বার্ধক্য আসার আগে তোমার যৌবনকে, রোগ আসার আগে তোমার সুহুতাকে, অবচ্ছলতা আসার আগে তোমার বচ্ছলতাকে, ব্যন্ততা আসার আগে তোমার অবসরকে, মৃত্যু আসার আগে তোমার জীবনকে তোমার সৃষ্টিকর্তা আল্লাহর সন্তুষ্টি অর্জনের কাজে লাগাও (মুপলিয়)। তোমার সৃষ্টিকর্তা আল্লাহ তাকুওরালীল বালা ব্যতীত কাক আমল কবুল করেন না (মান্নোহং?)। রামাযান তোমাকে সেই সুযোগ এনে দিয়েছে। অভএব এসো! আমরা জাল্লাতের পথে চলার সিদ্ধান্ত বছণ করি। এসো! আমাদের জিহ্বাকে সর্বদা আল্লাহুর যিকরে ব্যন্ত রাখি। দেহমন ঢেলে দিয়ে তাঁর ইবাদতে রত হই। রামাযানের রাত্রিগুলিকে আমরা ইবাদতের মাধ্যমে জীবন্ত রাখি। হে মুমিন পুরুষ ও নারী! একবার পিছন দিরে দেখ, জীবনের ক'টি বসন্ত তুমি পার করে এসেছা তোমার কাছে প্রেরিত আল্লাহুর বাণী আল-কুরআনুল হাকীম তোমার ঘরের তাকে রক্ষিত আছে। ঐ মূল্যবান সম্পদ কি তুমি কখনো পড়ে দেখেছা কখনো কি তা শেষপর্যন্ত অর্থসহ পাঠ করেছা হয়তবা করোনি। অতএব আর দেরী নয়। সিদ্ধান্ত নাও আগামী রামাযানেই তুমি কুরআন খতম করবে এবং সারা বছর সাধ্যমত দৈনিক কিছু অংশ অর্থসহ তেলাওয়াত করবে। আখেরাতের অমূল্য পাথেয় ছহীহ হাদীছের সংকলনগুলি খরিদ করো ও তা থেকে মুক্তা আহরণ করে পরকালের পাথেয় হাছিল কর।। মনে রেখ, কুরআন তার পাঠক ও আমলকারীর জন্য কিয়ামতের দিন সুকারিশকারী হবে (মুপলিয়)।

হে মুমিন! সর্বদা হালাল রূথি গ্রহণের সিদ্ধান্ত নাও। আর তোমার আরের একটি অংশ আল্লাহ্র দ্বীনের প্রচারে-প্রসারে ব্যয় করো। শয়তানের তাবেদারদের পয়সা শয়তানী কাজের প্রচার-প্রসারে দেদারসে ব্যয় হচ্ছে। দ্বীনদার মুমিনদের পয়সা পবিত্র কুরআন ও ছ্ইছি হাদীছ ভিত্তিক নির্ভেজাল দ্বীনী আন্দোলনে অবশ্যই ব্যয়িত হ'তে হবে। নইলে সম্পদের মূল মালিক আল্লাহ্র কাছে তুমি বি্বামতের দিন কিভাবে জবাবদিহী করবে? তোমার সম্পদের একটি অংশ দৃস্থ মানবতার সেবার ব্যয় করো। বহু অসহায় নারী-পুরুষ আজ্ব মানবেতর জীবন যাপন করছে। তুমি তোমার দরদী হাত তাদের দিকে বাড়িয়ে দাও। আল্লাহ তাঁর অনুগ্রহের হাত তোমার দিকে বাড়িয়ে দিবেন। হে শক্তিমান! তুমি শক্তিহীনের উপরে যুলুম করো না। যুলুম বি্বামতের দিন তোমার জন্য অন্ধকার হয়ে দেখা দিবে (বুগারী, মূসিদ্ম)।

হে ব্যবসায়ী! রামাথানকে তুমি তোমার ব্যবসায়ের হাতিয়ারে পরিণত করো না। বরং রামাথানের বরকত হাছিলের স্বার্থে অন্য সময়ের চাইতে কিছু কম লাভ কর। দ্রব্যমূল্য বৃদ্ধির মাধ্যমে ক্রেতার উপরে যুলুম করে যে কয়টা পয়সা তুমি বেশী উপার্জন করবে, ঐ হারাম পয়সা কিয়ামতের দিন বিষধর সর্পের আকারে তোমার গলায় বেড়ী দিয়ে দৃ'চোয়াল চেপে ধরে লবে, আমিই তোমার মল, আমিই তোমার সলদ (বৃদারী)। হে সুউচ্চ প্রাসাদের অধিবাসী! অহংকার করো না। অতি সত্ত্বর তোমাকে ভূগর্ভের অন্ধকার কবরে স্থান নিতে হবে। হে বিচারক! অবিচার করো না। তোমাকে বিচার করবেন যিনি, তিনি তোমার মাধার উপরে আছেন।

হে আলেম! তাক্ওয়া অর্জন করুন। তাক্ওয়াহীন আলেম মূর্খের চেয়েও ক্ষতিকর। হে নেতা! লাখো কোটি মানুষের ভাল-মন্দের দায়িত্ব আপনার উপরে। যদি আপনি দায়িত্ব পালনে খেয়ানত করেন, তাহ'লে আপনার জন্য জান্নাতকে হারাম করা হয়েছে *(মুগলিম)*।

হে মসজিদের খাদেম ও ইমাম! সাহারী ও ইফতারের পূর্বে ও পরে মাইকবাজি করে গুনাহ কামাই করো না। তোমার ঐ সোকার তেলাওয়াত ও ইসলামী সঙ্গীত তোমার জন্য নেকীর বদলে গোনাহ বয়ে আনে। এর মাধ্যমে ভূমি ইবাদতকারীর ইবাদত নষ্ট করছ, রোগীর, তেলাওয়াতকারীর ও নিদ্রিত ব্যক্তির প্রশান্তিতে ব্যাঘাত ঘটাচ্ছ এবং ভূমি 'রিয়া'-র অপরাধে অপরাধী হচ্ছ। 'রিয়া' হল ছোট শিরক (সাংসাদ)। শিরকের গোনাহ তওবা ছাড়া মাফ হয় না। অতএব প্রদর্শনী ও লোক গুনানী বাদ দিয়ে আল্লাহভীক্ত হও।

হে প্রিয় বোনেরা! আল্লাহ তোমাদেরকে 'শ্রেষ্ঠ সম্পদ' রূপে (মুস্পিম) পরীক্ষা হিসাবে দুনিয়ায় পাঠিয়েছেন। তাই সর্বদা নিজেকে সংযত রাখো। পর্দাহীন অবস্থায় কখনোই বের হবে না। গৃহকোপ তোমার জন্য সর্বাধিক নিরাপদ আশ্রয়স্থল। শুধু রান্লা-বান্লা ঘরকন্না নিয়েই ব্যন্ত থেকো না। ইবাদত ও তেলাওয়াতের জন্য একটা সময় তোমাকে বের করতেই হবে। তোমার অতলান্তিক প্রেম ও স্নেহ দিয়ে তোমার স্বামী ও সন্তানদেরকে আল্লাহ্র পথে ধরে রাখো। তোমার গৃহকে জান্লাতী গৃহে পরিণত করো। আধুনিক শয়তানী মিডিয়াসমূহের হিংস্র ছোবল থেকে তোমার পবিত্র গৃহকে হেফাযত কর। ধর্মের নামে চালু হওয়া অসংখ্য শিরক ও বিদ'আতী রসম-রেওয়াজ থেকে তোমার গৃহকে মুক্ত রাখো। মনে রেখ এগুলি তোমার জান্লাতের পথে সবচেয়ে বড় বাধা। হে বোন! নিত্য নতুন পোষাক কেনার আগে নিজের কাফনের কথা চিন্তা কর। আথেরাতে হিসাব দেওয়ার আগে দুনিয়ার নিজের হিসাব নাও।

হে মুমিন পুরুষ ও নারী। ঐ শোন রামাযানের প্রতিরাত্তির আহ্বান… 'হে কল্যাণের অতিযাত্তীরা এগিয়ে এসো! হে অকল্যাণের অতিসারীরা বিরত হও! আল্লাহ্র হুকুমে রামাযানের প্রতি রাত্তিতে বহু ব্যক্তি জাহান্নাম থেকে মুক্তি প্রাপ্ত হবে' (নাসাঁই, ইন্দু সন্ধাই)। অতএব এসো যাবতীয় অন্যায় থেকে তওবা করি। এসো আমরা সেই মুক্তি প্রাপ্তদের অন্তর্ভুক্ত হওয়ার জন্য প্রতিজ্ঞাবদ্ধ হই। আল্লাই আমাদের সহায় হৌন- আমীন! (স. স.)।

প্রবন্ধ

ঐ সকল হারাম যেগুলিকে জনগণ হালকা মনে করে অথচ তা থেকে বেঁচে থাকা ওয়াজিব

मृणः भूशायाम ছाणिश आल-भूनाष्टिम* অनुवानः भूशायाम आकृण भारतक**

(৩য় কিন্তি)

খাতির জমানোর জন্য মুনাফিক ও ফাসিকদের সঙ্গে উঠাবসা করাঃ

দুর্বল ঈমানের অনেক মানুষই পাপাচারী ও দৃষ্ঠকারীদের সঙ্গে স্বেচ্ছায় উঠাবসা করে। এমনকি আল্লাহ্র দ্বীন ও তার অনুসারীদের প্রতি যারা অহরহ বিদ্রাপ করে, তাদের সঙ্গেও তারা দহরম-মহরম সম্পর্ক রেখে চলে, তাদের মুছাহেবী করে। অথচ এ কাজ যে হারাম তাতে কোন সন্দেহ নেই। আল্লাহ তা'আলা এরশাদ করেন,

وَ إِذَا رَأَيْتَ الَّذِيْنَ يَخُوضُونَ فِي آيتِنَا فَأَعْرِضُ عَنْهُمْ حَتَّى يَخُوضُوا فِيْ حَدِيْثِ غَيْدِهِ وَ إِمَّا يُنْسِيَنَكَ الشَّيْطَانُ فَلاَ تَقَعُدُ بَعْدُ الذُّكْرَى مَعَ الْقَوْمِ الظَّالِمِيْنَ-

'যখন আপনি তাদেরকে আমার কোন আয়াত বা বিধান সম্পর্কে উপহাসমূলক আলোচনায় মগ্ন দেখতে পান তখন আপনি তাদের থেকে সরে থাকুন, যে পর্যন্ত না তারা অন্য প্রসঙ্গে লিপ্ত হয়। আর যদি শয়তান আপনাকে ভুলিয়ে দেয়, তাহ'লে স্বরণে আসার পর যালিম সম্প্রদায়ের সঙ্গে আপনি আর বসবেন না' (আন'আম ৬৮)।

সূতরাং ফাসিক-মুনাফিকদের সঙ্গে আত্মীয়তার সম্পর্ক যত গভীরই হৌক কিংবা তাদের সাথে সমাজ করায় যতই মঙ্গা লাওক এবং তাদের কণ্ঠ যতই মধুর হৌক তাদের সঙ্গে উঠাবসা করা বৈধ নয়।

হাঁ, যে ব্যক্তি তাদেরকে ইসলামের দা'ওয়াত প্রদান করে, তাদের বাতিল আন্ধীদার প্রতিবাদ করে কিংবা তাদেরকে অন্যায় থেকে নিষেধ করার জন্য তাদের নিকট গমনাগমন করে সে উক্ত নির্দেশের আওতাভুক্ত হবে না। স্বেচ্ছায়, খুশীমনে ও কোন কিছু না বলে নীরবে তাদের সাথে মিলতাল রাখাতেই সব গোল। অন্যত্র আল্লাহ তা'আলা বলেন.

فَإِنْ تَرْضَوْا عَنْهُمْ فَإِنَّ اللَّهَ لاَيَرْضَى عَنِ الْقَوْمِ الْفَوْمِ الْفَاسِقِيْنَ-

* श्रेशांड जालम्, সউमी जाরব।

'যদি তোমরা তাদের প্রতি সন্তুষ্ট থাক, তবে (জেনে রেখ) আল্লাহ ফাসিক বা দৃষ্টিকারী সম্প্রদায়ের প্রতি সন্তুষ্ট নন' (তওবাহ ৯৬)।

क वर्ष १४ साम् वीत्रक वाच-प्रस्तीत १६ स्त १४ मत्याः वात्रिक वाच-प्रातीक श्राप्ताः १४ सत्या

ছালাতে ধীরস্থিরতা পরিহারঃ

সবচেয়ে' বড় চ্রি হচ্ছে ছালাতে চ্রি। রাস্লুল্লাহ (ছাঃ) বলেন,

أَسْوَأُ النَّاسِ سَرَقَةُ الَّذِي يَسْرِقُ مِنْ صَلَاتِهِ قَالُواْ يَا رَسُولُ اللَّهِ وَ كَيْفَ يَسُرِقُ مِنْ صَلَاتِهِ قَالَ لَا يَتِمِّ ركُوعَهَا وَلاَ سُمُودُهَا-

'সবচেয়ে' নিকৃষ্ট চোর সেই ব্যক্তি যে ছালাতে চুরি করে। ছাহাবীগণ বললেন, ইয়া রাসূলাল্লাহ। সে কিভাবে ছালাতে চুরি করে? তিনি বললেন, সে রুক্-সিজদা পরিপূর্ণভাবে করে না'।^{২২}

আজকাল অধিকাংশ মুছ্ন্লীকে দেখা যায় কে তারা ছালাতে ধীরস্থির ভাব বজায় রাখে না। ধীরে-সুস্থে রুক্-সিজদা করে না। রুক্ থেকে যখন মাথা তোলে তখন পিঠ সোজা করে দাঁড়ায় না এবং দু'সিজদার মাঝে পিঠ টান করে বসে না। খুব কম মসজিদই এমন পাওয়া যাবে যেখানে এ জাতীয় দু'চারজন পাওয়া যাবে না। অথচ ছালাতে ধীরস্থিরতা বজায় রাখা ফরয। স্বেচ্ছায় তা পরিহার করলে কোন মতেই ছালাত শুল হবে না। সুতরাং বিষয়টি বেশ স্পর্শকাতর। রাস্কুরাহ (ছাঃ) বলেছেন,

لاَ تَجْزِيْ صَلاَةُ الرَّجُلِ حَتَّى يُقِيْمَ ظَهْرَهُ فِي الرُّكُوْعِ وَ السُّحُوْد-

'কোন ব্যক্তি যে পর্যন্ত না রুকু-সিজদায় তার পৃষ্ঠদেশ সোজা করবে, সে পর্যন্ত তার ছালাত যথার্থ হবে না' ^{২৩} কাজটি যে অবৈধ এ বিষয়ে কোন সন্দেহ নেই। যে মুছন্নী এরপ করে সে ভর্ৎসনার যোগ্য। আবু আবুল্লাহ আশ আরী বর্ণিত একটি হাদীছে এসেছে, রাস্লুল্লাই (ছাঃ) একদা ছাহাবীদের সাথে ছালাত আদায়ের পর তাদের একটি দলের সাথে বসেছিলেন। এমন সময় এক ব্যক্তি এসে ছালাতে দাঁড়াল। সে রুকু করছিল আর সিজদায় গিয়ে ঠোকর মারছিল। তা দেখে নবী করীম (ছাঃ) বললেন. 'তোমরা কি এই লোকটিকে লক্ষ্য করেছ? এভাবে ছালাত আদায় করে কেউ যদি মারা যায়, তবে সে মুহাম্মাদের মিল্লাত থেকে খারিজ হয়ে মারা যাবে। কাক যেমন রজে ঠোকর মারে সে তেমনি করে তার ছালাতে ঠোকর মারছে। যে ব্যক্তি রুকু করে আর সিজদায় গিয়ে ঠোকর মারে তার দৃষ্টান্ত সেই ক্ষুধার্ত লোকের ন্যায়, যে একটি দু'টির বেশী খেজুর খেতে পায় না। দু'টি খেজুরে তার কতটুকু ক্ষুন্নিবন্তি

^{**} সহকারী শিক্ষক, विनाইদহ সরকারী উচ্চ বিদ্যালয়, विनाইদহ।

२२. षाश्याम ৫/७১०; हरीहन जात्य' श/७७१।

২৩. আবৃদাউদ ১/৫৩৩; ছহীহুল জামে' হা/৭২২৪।

হতে পারে?'।^{২৪}

যায়েদ বিন ওয়াহ্হাব হ'তে বর্ণিত আছে, একবার হ্যায়ফা (রাঃ) জনৈক ব্যক্তিকে দেখতে পেলেন যে, সে রুক্-সিজ্ঞদা পূর্ণাঙ্গরূপে আদায় করছে না। তিনি তাকে বললেন, 'তুমি ছালাত আদায় করনি। আর এ অবস্থায় যদি তুমি মৃত্যুবরণ কর, তাহ'লে যে ধীন সহ আল্লাহ তা'আলা মুহামাদ (ছাঃ)-কে পাঠিয়েছিলেন তুমি তার বাইরে মৃত্যুবরণ করবে'। ২৫

THE RESERVE OF THE PARTY OF THE

বে ব্যক্তি ছালাতে ধীরস্থিরতা বজায় রাখে না, সে যখন উহার বিধান জানতে পারবে তখনকার ওয়াক্তের ফর্য ছালাত তাকে আবার পড়তে হবে। আর অতীতে যা ভূল হয়ে গেছে সে জন্য তওবা করবে, সেগুলি আর পুনরায় পড়তে হবে না। যেমন হাদীছে এসেছে, রাস্লুল্লাহ (হাঃ) একদিন জনৈক দ্রুত ছালাত আদায়কারীকে লক্ষ্য করে বললেন, — হালাত আদায় করনি । বিশ্ব ছালাত আদায় করনি । বিশ্ব এখানে অতীত ছালাত কাযা করার কথা বলা হয়নি।

ছালাতে অনর্থক কাজ ও বেশী বেশী নড়াচড়া করাঃ

ছালাতে অনর্থক কাজ ও বেশী বেশী নড়াচড়া করা এমন এক আপদ, যা থেকে অনেক মুছন্ত্রীই বাঁচতে পারে না। কারণ তারা আল্লাহ্র নিম্নোক্ত আদেশ প্রতিপাদন করে না। — হুঁহুঁহুঁহু কোন্ত্রাহ্র জন্য অনুগত হয়ে দাঁড়ার্থ বাঁক্রার ২৩৮)।

মহান আল্লাহ বলেন,

قَسدْ اَفْلَحَ الْمُسؤَمِنُوْنَ، الَّذِيْنَ هُمْ فِي مَسَلاَتِهِمْ خَاشِعُوْنَ-

'নিক্যাই সেই সকল মুমিন সফলকাম, যারা নিজেদের ছালাতে বিনীত থাকে' *(আল-মুমিন্ন ১-২)*।

কিন্তু উজ্ঞ লোকেরা আল্লাহ্র এ বাণীর গৃঢ়ার্থ বুঝে না। তাই ছালাতে আদবের পরিপন্থী অনেক কিছুই তারা করে থাকে। রাস্পুরাহ (ছাঃ)-কে সিজদার মধ্যে মাটি সমান করা যাবে কি-না জিজ্ঞেস করা হ'লে তিনি বলেছিলেন

لاَ تَمْسَعُ وَأَنْتَ. تُمَلِّى فَسَإِن كُنْتَ لاَ بُدُّ فَسَاعِلاً فَوَاحِدَةٌ تَسُويِةَ الْحَصِي-

'ছালাত অবস্থায় তুমি কিছু মুছতে পারবে না। একান্তই যদি করতে হয় তাহ'লে কংকরাদি একবার সমান করতে পারবে'।^{২৭} আলেমণণ বলেছেন, ছালাতে নিম্পুরোজনে বেশী মাত্রায় লাগাভারভাবে নড়াচড়া করলে ছালাত বাতিল হয়ে থাবে। সূতরাং থারা ছালাতে নিরর্থক খেলায় লিও হয় তাদের অবস্থা কেমন হ'তে পারে! তাদের তো দেখা যায়, তারা আল্লাহর সামনে দাঁড়িয়েছে। অপচ ঘড়ির সময় নিরীক্ষণ করছে, কিংবা কাপড় সোজা করতে ব্যস্ত হয়ে পড়েছে। অপবা আসুল দিয়ে নাক পরিষার করছে। অনেকে আবার ছালাতে দাঁড়িয়ে ভানে-বামে অপবা উপরের দিকে তালাতে থাকে। অপচ তাদের চোখ যে উপড়ে ফেলা হ'তে পারে কিংবা লয়তান ছালাতে তাদের মনোযোগ নাই করে দিতে পারে, সে সম্পর্কে তাদের মনে কোনই উদ্বেশ নেই।

ছালাতে ইচ্ছাপূর্বক ইমামের আগে মুক্তাদীর গনাঃ যে কোন কাজে তাড়াহড়া করা মানুষের জন্ত্রণড় স্কুরার। এ প্রসঙ্গে আল্লাহ বলেন,

وَ كَانَ الْإِنْسَانُ عَجُولًا-

মানুষ খুব দ্ৰুততা প্ৰিয়' (वनी ইসরাইন در)। নবী করীম (ছাঃ) বলেছেন, اَلتَّانَيْ مِنَ اللَّهِ وَ الْمُجِلَّةُ مِنَ 'বীরস্থিরতা আক্লাহ্র পক হ'তে আর ভাড়াহড়া শয়তানের পক হ'তে'। كه

জামা আতের মধ্যে লক্ষ্য করলে দেখা যায় যে ডানে-বামে অনেক মৃছন্ত্রী ইমামের রুক্-সিজদায় যাওয়ার আগেই রুক্-সিজদায় চলে যাছে। এমনকি লক্ষ্য করলে নিজের মধ্যেও এই প্রবণতা লক্ষ্য করা যায়। উঠা-বসার তাকবীরগুলিতে তো এটা হরহামেশাই হ'তে দেখা যায়। এমনকি সালামেও অনেকে ইমামের আগে সালাম ফিরিয়ে ফেলে। বিষয়টি অনেকের নিকটই তরুত্ব পায় না। অথচ নবী করীম (ছাঃ) এজন্য কঠোর শান্তির হুমকি তনিয়েছেন। তিনি বলেন

أَمَا يَخْشَى الَّذِي يَرْفَعُ رَأْسَهُ قَبْلُ الْإِمَامِ أَنْ يَحُوْلُ اللهِمَامِ أَنْ يَحُوْلُ اللهُ رَأْسَهُ وَأَسَهُ وَأَسَهُ وَأَسَهُ وَأَسَهُ وَأَسَهُ وَأَسَهُ وَأَسَهُ وَأَسَهُ وَأَسَ

'সাবধান! যে ব্যক্তি ইমামের আগে মাথা তোলে তার কি ভয় হয় না যে, আল্লাহ তার মাথাটা গাধার মাথায় রূপান্তরিত করতে পারেন?' ৷^{২৯}

একজন মৃছল্পীকে যখন ধীরে-সুস্তে ছালাতে উপস্থিত হওয়ার কথা বলা হয়েছে এবং তাড়াতাড়ি বা দ্রুত পায়ে যেতে নিষেধ করা হয়েছে, তখন বীয় ছালাত যে ধীরে-সুস্তে আদায় করতে হবে তাড়ে আর সন্দেহ কি? আবার কিছু লোকের নিকট ইমামের আগে গমন ও পিছনে পড়ে থাকার বিষয়টি তালগোল পাকিয়ে যায়। তাই মুক্কতাহিদগণ এ

२८. हरीर हेंबरन ब्रायमा ५/००२ पुदः चानवानी, विरुष्ट् वानाधिन नावी, पुर ५७५।

२৫. द्रवादी, काठहम वादी २/२ १८ ९४।

२७. यूत्रिय, 'हामाठ' प्रशाप्त ।

२१. ग्रेमनिर्ग, प्रातृनांछेन ১/৫৮১ पृक्ष; इरीष्ट्रम खार्स्स श/१८৫२।

२৮. वाग्रराकी, नुनानून कृवता ५०/५०४ १६ निमनिमा **करीशक वा/५९५४** । २७. युननिम ১/७२०-२५ **९**४ ।

জন্য একটি সৃন্ধ নিয়ম উল্লেখ করেছেন। তা হ'ল, ইমাম বখন তাকবীর শেষ করবেন মুক্তাদী তখন নড়াচড়া তরু করবে। ইমাম 'আল্লাছ আকবার' এর 'ব' বর্ণ উচ্চারণ করা মাত্রই মুক্তাদী রুক্-সিজদায় যাওয়ার জন্য মাথা নীচু করা তরু করবে। অনুরূপভাবে রুক্ হ'তে মাথা তোলার সময় ইমামের 'সামি'আল্লা-ছ লিমান হামিদাহ'-এর 'হ' বর্ণ উচারণ শেষ হ'লে মুক্তাদী মাথা তলবে।

ছাহাবীগণ যাতে রাস্লুক্সাহ (ছাঃ)-এর আগে চলে না যান সে বিষয়ে খুব সতর্ক ও সচেষ্ট থাকতেন। বারা বিন আযিব (রাঃ) বলেন, ছাহাবীগণ রাস্লুক্সাহ (ছাঃ)-এর পিছনে ছালাত আদায় করতেন। যখন তিনি রুক্ হ'তে মাথা তুলতেন তখন আমি এমন একজনকেও দেখিনি যে, রাস্লুক্সাহ (ছাঃ)-এর কপাল মাটিতে রাখার আগে তার পিঠ বাঁকা করেছে। তিনি সিজদায় গিয়ে সারলে তারা তখন সিজদায় পতিত হ'তেন।

অপরদিকে ইমামকেও ছালাতের তাকবীরে সুনাত মুতাবেক আমল করা যক্ররী। এ সম্পর্কে আবু হুরায়রা (রাঃ) বর্ণিত একটি হাদীছে এসেছে.

كَانَ رَسُولُ اللّهِ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا قَامَ إِلَى الصَّلَاةِ يَكَبَّرُ حِيْنَ يَرْكُعُ... ثُمُّ يَكَبِّرُ حِيْنَ يَرْفَعُ رَأْسَهُ ثُمُّ يَكَبِّرُ حِيْنَ يَرْفَعُ رَأْسَهُ ثُمُّ يَكَبِّرُ حِيْنَ يَرْفَعُ رَأْسَهُ ثُمُّ يَكَبِّرُ حَيْنَ يَوْفَعُ رَأْسَهُ ثُمُّ يَكَبِّرُ حَيْنَ يَوْفَعُ رَأْسَهُ ثُمُّ عَنْ الصَّلَاةِ كُلُّهَا حَتَّى يَقْضِيْهَا وَ يَكَبِّرُ حِيْنَ يَقُومُ مِنَ الْتِنْتَيْنَ بَعْدَ الْجُلُوسُ -

'রাসূলুল্লাহ (ছাঃ) যখন ছালাতে দাঁড়াতেন তখন শুরুতে তাকবীর বলতেন। তারপর যখন রুক্তে যেতেন তখন তাকবীর বলতেন। যখন সিজদায় যেতেন তখন তাকবীর বলতেন। তারপর যখন সিজদা থেকে মাথা তুলতেন তখন তাকবীর বলতেন। অতঃপর যখন (ঘিতীয়) সিজদায় যেতেন তখন তাকবীর বলতেন। ক্রভাবেন, সিজদা থেকে মাথা তুলতে তাকবীর বলতেন। এভাবে ছালাত শেষ না হওয়া পর্যন্ত তাকবীর বলতেন। আর ঘিতীয় রাকাতে বৈঠক শেষে দাঁড়ানোর সময়ও তাকবীর বলতেন'।

সূতরাং এভাবে ইমাম যখন ছালাতে উঠা-বসার সঙ্গে তার তাকবীরকে সমন্ত্রিত করে একই সাথে আদায় করবেন এবং মুক্তাদীগণও উল্লিখিত নিয়ম মেনে চলবে তখন স্বারই জামা'আতের বিধান ঠিক হয়ে যাবে।

পেঁরাজ-রসুন কিংবা দুর্গদ্ধ জিনিস খেয়ে মসজিদে গমনঃ

কাঁচা পোঁয়াজ, কাঁচা রসুন, সিগারেট ও বিড়ি খেলে মুখে এমন দুর্গন্ধ হয় যে তার নিকটে অবস্থান করা দায় হয়ে পড়ে। মসজিদের পৃত-পবিত্র পরিবেশ কলুষিত হয়, সৌন্দর্য বিঘ্রিত হয়। অথচ আল্লাহ তা'আলা বলেন,

يَا بَنِي أَدَمَ خُذُوا زِيْنَتَكُمْ عِنْدَ كُلُّ مَسْجِدٍ-

'হে বনু আদম! তোমরা প্রতি ছালাতের সময় তোমাদের সৌন্দর্যকে ধারণ কর' (আ'রাফ ৩১)। অর্থাৎ তোমরা পোশাক পরিধান কর ও শালীন পরিবেশ বজায় রাখ। কিন্তু দুর্গন্ধ পরিবেশকে অশালীন করে তোলে।

হষরত জাবির (রাঃ) হ'তে বর্ণিত, রাস্লুলাহ (ছাঃ) বলেছেন.

مَنْ أَكَلَ ثُومًا أَوْ بَصَلِاً فَلْيَعْتَزِلْ لَنَا أَوْ قَالَ فَلْيَعْتَزِلْ لَنَا أَوْ قَالَ فَلْيَعْتَزِلْ مَسْجَدَنَا وَ لِيَقْعُدُ فَيْ بَيْتِه –

'বে ব্যক্তি রসুন কিংবা পৌরাজ খাবে, সে যেন আমাদের খেকে দ্রে থাকে। অথবা তিনি বলেছেন, সে যেন আমাদের মসজিদ থেকে দ্রে থাকে এবং নিজ বাড়ীতে বসে থাকে'।

মুসলিম শরীফের বর্ণনায় এসেছে,

مَنْ أَكَلَ الْبُصِلَ وَ الشَّوْمَ وَ الْكُرَّاتَ فَالاَ يَقْرُبَنَّ مُسْجِدَنَا فَإِنَّ الْمَلاَئِكَةَ تَتَأَثَّى مِمَّا يَتَأَثَّى مِنْهُ بَنُوْ اَدُمَ-

'যে ব্যক্তি পৌরাজ, রসুন ও কুর্রাছ* খাবে সে যেন কখনই আমাদের মসজিদ পানে না আসে। কেননা বনী আদম যাতে কট্ট পায় ফিরিশতারাও তাতে কট্ট পায়'।^{৩8}

হযরত ওমর (রাঃ) একদা জুম'আর খুৎবায় বলেছিলেন, হে লোক সকল! তোমরা দু'টি গাছ খেরে থাক। আমি ঐ দু'টিকে কদর্য বা হারাম ছাড়া অন্য কিছু মনে করি না। সে দু'টি হচ্ছে পৌরাজ ও রসুন। কেননা আমি রাস্পুরাহ (ছাঃ)-কে দেখেছি, কারো মুখ থেকে তিনি এ দু'টির গন্ধ পেলে তাকে মসজিদ থেকে বের করে দেওয়ার নির্দেশ দিতেন। ফলে

७०. ছহীহ মুসলিম হা/৪৭৪।

७১. वाग्रुटाक्ते २/३७ पृः; हामीছ हाजान, इत्रुप्तग्राऍन गामीन ४/३७० पृः।

७२. हरीर वृषाती रा/१८७।

৩৩. বুখারী, ফাতহল বারী ২/৩৩৯ পৃঃ। * কার্রাছ বা কুর্রাছ এক প্রকার গন্ধযুক্ত সজী। এর কতক পেঁয়াজ ও কতক রসুনের মত দেখায়। উর্দৃতে একে 'গন্দনা' বলে -অনুবাদক। ৩৪. ছহীহ মুসলিম ১/৩৯৬।

তাকে বের করে দেওয়া হ'ত। সুতরাং কাউকে উহা খেতে হলে সে যেন পাকিয়ে খায়'।^{৩৫}

অনেকেই কাজ-কর্ম শেষে হাত-মুখ খোয়ে তা ঠাগা হওয়ার আগেই মসজিদে ঢুকে পড়ে। এদিকে ঘামের জন্য তার বগল ও মোযা দিয়ে বিশ্রী রকমের গদ্ধ বের হ'তে থাকে। এ ধরনের লোকও উক্ত বিধানের আওতায় পড়বে। আর সবচেয়ে' নিকৃষ্ট হ'ল ধূমপায়ীরা। তারা হারাম ধূমপান করতে করতে মুখে চরম দুর্গদ্ধ জন্মিয়ে নেয়। এ অবস্থায় মসজিদে ঢুকে তারা আল্লাহ্র মুছল্পী বান্দা ও ফেরেশতাদের কষ্ট দেয়।

ব্যভিচারঃ

বংশ, ইয়য়ত ও সন্তুম রক্ষা করা ইসলামী শরী'আতের অন্যতম লক্ষ্য। এজন্য ইসলাম ব্যভিচারকে হারাম করেছে। আল্লাহ তা'আলা বলেন,

وَ لاَ تَقْرَبُوا الزُّنَا إِنَّهُ كَانَ فَاحِشَةً وَّ سَاءَ سَبِيلًا -

'তোমরা ব্যভিচারের নিকটবর্তী হয়ো না। নিক্রই উহা একটি অশ্লীল কাজ ও খারাপ পদ্খা' (বনী ইসরাঈল ৩২)।

শরী আত পর্দা ফরয করেছে, নারী-পুরুষ উভয়কে দৃষ্টি সংযত রাখতে বলেছে এবং অনাত্মীয়া দ্বীলোকদের সঙ্গে নির্চ্চনে মিলিত হওয়াকে কঠোরভাবে নিষেধ করেছে। এভাবে ব্যভিচারের সকল উপায় বন্ধ করে দেয়া হয়েছে। তা সত্ত্বেও কেউ ব্যভিচার করে বসলে তাকে কঠিন শান্তির সম্মুখীন হ'তে হবে।

বিবাহিত ব্যভিচারী ও ব্যভিচারিণীকে না মরা পর্যন্ত পাধর নিক্ষেপ করতে হবে। এভাবে সে তার কাজের উপযুক্ত পরিণাম ভোগ করবে এবং হারাম কাজে তার প্রতিটি অঙ্গ যেমন করে মজা উপভোগ করেছিল এখন তেমনি করে যন্ত্রণা উপভোগ করবে। আর অবিবাহিত ব্যভিচারী ও ব্যভিচারিণীদেরকে একশত বেত্রাঘাত করতে হবে। বেত্রাঘাতের ক্ষেত্রে এটাই শরী'আতের সর্বোচ্চ শান্তি। একদল মুমিনের সামনে অর্ধাৎ জনতার সামনে খোলা ময়দানে এ শান্তি কার্যকর করতে হবে, যাতে সে অপমান চুড়ান্ত হয়। একই সঙ্গে তাকে এক বংসরের জন্য অপরাধ সংঘটিত এলাকা থেকে বহিন্ধার করতে হবে। এরূপ ব্যবস্থা চালু হ'লে ব্যভিচারের মাত্রা প্রায় শুন্যের কোটায় নেমে আসবে বলে আশা করা যায়।

ব্যভিচারী নর-নারী বারযাখ* জগতেও কঠিন শান্তি পোহাবে। তারা এমন একটি অগ্নিকুণ্ডের মধ্যে থাকবে যার উর্ধাংশ হবে সংকীর্ণ কিন্তু নিম্নাংশ হবে প্রশস্ত। তার নীচ থেকে আগুন জ্বালান হবে। সেই আগুনের মধ্যে তারা উলঙ্গ, বিবন্ত্র অবস্থায় থাকবে আর যন্ত্রণায় চিৎকার করতে থাকবে। ঐ আগুন এতই উত্তপ্ত হবে যে তার তোড়ে তারা উপরের শিকে উঠে আসবে। এমনকি তারা প্রায় বেরিয়ে আসার উপক্রম করবে। যখনই এমন হবে তখনই আগুন নিভিয়ে দেয়া হবে। ফঙ্গে তারা আবার অগ্নিকুণ্ডের তলদেশে ফিরে যাবে। বিষুয়ামত পর্যন্ত তাদের জন্য এ ব্যবস্থা চলতে থাকবে।

पुत्र वर्ष अधिकारका, पानिक काल-कार्योक अन्य वर्ष अस्तरका, स्रामिक व्याप-कार्योके (वस्पान अस्तरकार अस्तरकार)

ব্যভিচারের বিষয়টি আরও কদর্য ও ঘৃণিত হয়ে দাঁড়ায় তখন, যখন কোন ব্যক্তি বয়সে ভারী ও এক পা কবরে চলে যাওয়ার পরও বরাবর ব্যভিচার করে যায়। আবু হরায়রা (রাঃ) হ'তে মারফ্' সূত্রে বর্ণিত আছে, রাস্লুল্লাহ (ছাঃ) বলেছেন,

ثَلَاثَةً لاَ يُكَلِّمُهُمُ اللَّهُ يَوْمَ الْقِيسَامَةِ وَ لاَ يُزَكِّينُهِمْ وَلاَيَتْظُرُ إِلَيْهِمْ وَ لَهُمْ عَذَابُ أَلِيْمُ شَيْخُ زَانٍ وَ مَلِكُ كَذَّابُ وَ عَائِلُ مُسْتَكْبِرُ-

'ক্রিয়ামত দিবসে তিন ব্যক্তির সঙ্গে আল্লাহ তা'আলা কথা বলবেন না, তাদেরকে পবিত্র করবেন না, তাদের দিকে তাকাবেন না; বরং তাদের জন্য থাকবে যন্ত্রণাদায়ক শান্তি। তারা হ'ল বয়োবৃদ্ধ ব্যভিচারী, মিথ্যাবাদী রাষ্ট্রনায়ক ও অহংকারী দরিদ্র'। ১৬

অনেকে ব্যভিচার বা পতিতাবৃত্তিকে পেশা হিসাবে গ্রহণ করে। অথচ পতিতাবৃত্তি থেকে অর্জিত আয় নিকৃষ্ট উপার্জনাদিরই একটি। যে পতিতা তার ইয্যত বেচে খায় সে মধ্যরাতে যখন দো'আ কবুলের জন্য আকাশের দরজা উন্মোচিত হয় তখন দো'আ কবুল হওয়া থেকে বঞ্চিত হয়। ৩৭ অভাব ও দারিদ্য আল্লাহ্র বিধান লংঘন করার জন্য কোন শারক ওয়র হ'তে পারে না।

আমাদের যুগে তো অন্থীলতার সকল দুয়ার খুলে দেয়া হয়েছে। শয়তান ও তার দোসরদের চক্রান্তে অন্থীলতার পথ ও পস্থান্তলি সহজলত্য হয়ে গেছে। পাপী-দুঙ্কৃতিকারীরা এখন খোলাখুলি শয়তানের অনুসরণ করছে। মেয়েরা দ্বিধাহীন চিত্তে ব্যাপকভাবে বাইরে যাতায়াত করছে। তারা দেশ-বিদেশ সফর করছে। মোড়ে মোড়ে বখাটে ছেলেদের বক্র চাহনি ও হা করে মেয়েদের পানে তাকিয়ে থাকা তো নৈমিন্তিক ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। অবাধ মেলা-মেশা, পর্ব-পত্রিকা ও ব্লু ফ্রিমে দেশ ভরে গেছে। ফ্রি সেক্রের দেশগুলিতে মানুষের ভ্রমণের পরিমাণ বেড়ে যাছে। কেকত বেশী খোলামেলা হ'তে পারে যেন তার প্রতিযোগিতা চলছে। ধর্বণ ও বলাৎকারে দেশ ছেয়ে যাচ্ছে। হারাম সন্তানের সংখ্যা বেড়ে যাচ্ছে। ক্লিনিকে বিভিন্ন পদ্ধতির (এম,আর) নামে অবৈধ গর্ভপাতের মাধ্যমে মানব সন্তানদের হত্যা করা হছে।

७৫. युत्रनिय ১/७৯७।

^{*} मृजुंत्र भेत्र (पर्रेक भूनक्षणात्म भूर्व भर्यन्त मान्य य छागरः अवज्ञान कत्रतः जारक वात्रयाच वरण- अनुवानक।

৩৬. মুসদিম ১/১০২-১০৩ পৃঃ। ৩৭. ছহীহুল জামে' হা/২৯৭১।

হে আল্লাহ! আমরা তোমার নিকট দয়া, অনুগ্রহ ও গোপনীয়তা প্রার্থনা করছি এবং এমন সম্ভ্রম কামনা করছি বার বদৌলতে তুমি আমাদেরকে সকল অশ্লীলতা থেকে রক্ষা করবে। আমরা তোমার নিকট আমাদের মনের পবিত্রতা ও ইয়যতের হেফাযত প্রার্থনা করছি। দয়া করে তুমি আমাদের মাঝে ও হারামের মাঝে একটি অন্তরাল তৈরী করে দাও। আমীন!

পুংমৈথুন বা সমকামিতা

অতীতে হযরত লৃত (আঃ)-এর জাতি পুংমৈথুনে অভ্যন্ত ছিল। তাদের প্রসঙ্গে আল্লাহ তা'আলা বলেন

وَ لُوْطًا إِذْ قَالَ لَقَوْمِهِ إِنْكُمْ لَتَأْتُوْنَ الْفَاحِشَةِ مَا سَبَقَكُمْ بِهَا مِنْ أَحَد مَنَ العَالَمِيْنَ - أَثنَكُمْ لَتَأْتُوْنَ العَالَمِيْنَ - أَثنَكُمْ لَتَأْتُوْنَ الرَّجَالَ وَ تَأْتُوْنَ فِي نَادِيْكُمُ المُنْكَرَ -

'পৃতের কথা শ্বরণ করুন! যখন তিনি তাঁর কওমকে বললেন, তোমরা নিশ্চয়ই এমন অশ্লীল কাজ করছ যা তোমাদের পূর্বে বিশ্বে আর কেউ করেনি, তোমরাই তো পুরুষে উপগত হচ্ছ, তোমরাই তো রাহাজানি করছ, তোমরাই তো ভরা মজলিসে অন্যায় কাজ করছ (দানকৃত ২৯)। যেহেতু এই অপরাধ ছিল জঘন্য, অত্যন্ত মারাশ্বক ও কদর্যময় তাই আল্লাহ তা'আলা পৃত (আঃ)-এর জাতিকে একবারেই চার প্রকার শান্তি দিয়েছিলেন। এ জাতীয় এতগুলি শান্তি একবারে অন্য কোন জাতিকে ভোগ করতে হয়নি। এ শান্তিগুলি ছিলঃ তাদের চক্ষু উৎপাটন, উঁচু লোকদের নীচু করে দেয়া, অবিরাম কঙ্কর পাত ও হঠাৎ ধ্বংসের আগমন।

পৃংমৈথুনের শান্তি হিসাবে ইসলামী শরী আতের পণ্ডিতগণের অগ্নাধিকার প্রাপ্ত মত হ'ল, স্বেচ্ছায় মৈথুনকারী ও মৈথুনকৃত ব্যক্তি উভয়কেই তরবারীর আঘাতে শিরচ্ছেদ করতে হবে। ইবনু আব্বাস (রাঃ) মারফ্ সূত্রে রাস্লুল্লাহ (ছাঃ) থেকে বর্ণনা করেছেন যে,

مَنْ وَجَدْتُمُوْهُ يَعْمَلُ عَمَلَ قَوْمِ لُوْطٍ فَاقْتُلُواْ الْفَاعِلَ وَالْمَفْعُولُ بِهِ-

'তোমরা লৃতের সম্প্রদায়ের ন্যায় পুংমৈথুনের কাজ কাউকে করতে দেখলে মৈথুনকারী ও মৈথুনকৃত উভয়কেই হত্যা করবে'।^{৩৮}

মৈথুন বা সমকামিতার প্রাকৃতিক কুফলও কম নয়। এসব নির্লজ্জ বেহায়াপনার কারণেই আমাদের কালে এমন কিছু রোগ-ব্যাধি মহামারী আকারে দেখা দিয়েছে যা পূর্বকালে ছিল না। বর্তমান পৃথিবীর মহাত্রাস এইডস তার জ্বলম্ভ উদাহরণ। এইডসই প্রমাণ করে যে, সমকামিতা রোধে ইসলামের কঠোর ব্যবস্থা গ্রহণ যথার্থ হয়েছে।

শারঈ ওযর ছাড়া ন্ত্রী কর্তৃক স্বামীর শয্যা গ্রহণ অস্বীকার করা

আৰু হ্রায়রা (রাঃ) হ'তে বর্ণিত, রাস্লুলাহ (ছাঃ) বলেছেন,

إِذَا دَعَا الرَّجُلُ إِمْرَاتَهُ إِلَى فِرَاشِهِ فَأَبُتُ فَبَاتَ فَبَاتَ غَضْبَانَ عَلَيْهَا لَعَنَتُهَا الْمَلَائِكَةُ حَتَّى تُصْبِحَ -

'যখন কোন স্বামী তার দ্রীকে স্বীয় শব্যা গ্রহণ বা দৈহিক মিশনের জন্য আহবান জানায়, কিন্তু দ্রী তা অস্বীকার করায় স্বামী তার উপর ক্রন্ধ হয়ে রাত কাটায়, তখন ফেরেশতাগণ প্রভাত অবধি ঐ দ্রীর উপর অভিশাপ দিতে থাকে'। ^{৩৯}

অনেক মহিলাকেই দেখা যায় স্বামী-স্ত্রীতে একটু খুনস্টি হ'লেই স্বামীকে শান্তি দেয়ার মানসে তার সঙ্গে দৈহিক মেলামেশা বন্ধ করে বসে। এতে অনেক রকম ক্ষতি দেখা দেয়। পারিবারিক অশান্তির সৃষ্টি হয়। স্বামী দৈহিক তৃত্তির জন্য অবৈধ পথও বেছে নেয়। অন্য স্ত্রী গ্রহণের চিন্তাও তার মধ্যে পেয়ে বসে। এভাবে বিষয়টি হিতে বিপরীত হয়ে দাঁড়াতে পারে। সূতরাং স্ত্রীর কর্তব্য হবে স্বামী ডাকামাত্রই তার ডাকে সাড়া দেওয়া।

রাস্বুরাহ (ছাঃ) বলেছেন,

إِذَا دَعَنَا الرَّجُلُ إِمْرَاتَهُ إِلَى فِرَاشِهِ فَلْتُحَبِّ وَ إِنْ كَانَ عَلَى ظَهْرِ قُطْبٍ

'যখন কোন পুরুষ তার ন্ত্রীকে তার সঙ্গে দৈহিক মিলনের জন্য ডাকবে, তখনই যেন সে তার ডাকে সাড়া দেয়। এমনকি সে জ্বলম্ভ উনুনের পাশে থাকলেও'।^{৪০}

স্বামীরও কর্তব্য হবে, ন্ত্রী রোগাক্রান্ত, গর্ভবতী কিংবা অন্য কোন অসুবিধায় পতিত হ'লে তার অবস্থা বিবেচনা করা। এতে করে তাদের মধ্যে সৌহার্দ বজায় থাকবে এবং মনমালিন্য সৃষ্টি হবে না।

শারঈ কারণ ছাড়া ন্ত্রী কর্তৃক স্বামীর নিকট তালাক প্রার্থনা করা

এমন অনেক ব্রীলোক আছে যারা স্বামীর সঙ্গে সম্প্রীতির একটু অভাব ঘটলে কিংবা তার চাওয়া-পাওয়ার একটু ব্যত্যয় ঘটলেই তার নিকট তালাক দাবী করে। অনেক সময় ব্রী তার কোন নিকট আত্মীয় কিংবা প্রতিবেশী কর্তৃক এরূপ অনিষ্টকর কাজে প্ররোচিত হয়। কখনো সে স্বামীকে লক্ষ্য করে তার জাত্যাভিমান উক্তে দেওয়ার মত শব্দ উচ্চারণ করে। যেমন সে বলে, 'যদি তুমি পুরুষ লোক হও

७৮. वाश्याम ३/७०० भुः; इशिक्ष्म कात्य श/७५७५ ।

७৯. दूथात्री, काष्ट्रम वात्री ७/७১৪ भुः ।

८०. या अग्राहितृम वाय्यात २/১৮১ श्रेः; इरीएम काय्य रा/८८१।

তাহ'লে আমাকে তালাক দাও'। কিন্তু তালাকের যে কি বিষময় ফল তা সবার জানা আছে। তালাকের কারণে একটি পরিবারে ভাঙ্গন সৃষ্টি হয়। সম্ভানরা ছিন্নভিন্ন হয়ে যায়। এজন্য অনেক সময় দ্রীর মনে অনুশোচনা জাগতে পারে। কিন্তু তখন তো আর করার কিছুই থাকে না। এসব কারণে শরী'আত কথায় কথায় তালাক প্রার্থনাকে হারাম করে সমাজের যে উপকার করেছে তা সহজেই অনুমেয়। হ্যরত ছাওবান (রাঃ) বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন,

أَيُّمًا إِمْرَأَةٍ سِنَأَلَتْ زُوجَهَا الطَّلاقَ مِنْ غَيْرِ مَا بَأْسٍ فَحَرَامٌ عَلَيْهَا رَائِحَةُ الْجَنَّةِ -


'কোন মহিলা যদি বিনা দোষে স্বামীর নিকট তালাক প্রার্থনা করে তাহ'লে জান্নাতের সুগন্ধি তার জন্য হারাম হয়ে যাবে'।^{8১}

হযরত উত্থবা বিন আমের (রাঃ) রাসূলুল্লাহ (ছাঃ) থেকে বর্ণনা করেন.

إِنَّ الْمُخْتَلِعَاتِ وَ الْمُنْتَزِعَاتِ هُنَّ الْمُنَافِقَاتُ-'খোলা'কারিণী ও সম্পর্ক ছিনুকারিণী রমণীগণ মুনাফিক'।^{8২}

হাঁ যদি কোন শারঈ ওবর থাকে যেমন- স্বামী ছালাত আদায় করে না, অনবরত নিশা করে কিংবা দ্রীকে হারাম বা ফাহেশ কাজের আদেশ দেয়, অন্যায়ভাবে মারধোর করে, ন্ত্রীর শারঈ অধিকার থেকে তাকে বঞ্চিত করে। কিন্তু স্বামীকে নছীহত করেও ফেরান যাচ্ছে না এবং সংশোধনেরও কোন উপায় নেই সেক্ষেত্রে তালাক দাবী করায় কোন দোষ হবে না। বরং দ্বীন ও জীবন রক্ষার্থে সে তালাক প্রার্থনা করতে পারে। [চলবে]

८১. जारमान ৫/২৭৭ পृक्ष; ছरीइन क्राप्य रा/২৭০৩। ८२. जावदानी, कवीद्र ১२/७७৯ পृ:; स्टीस्न कात्म टा/১৯७८।



ছালাতুত তারাবীহ আট রাক'আত না বিশ রাক'আতঃ একটি বিশ্লেষণ

यूयाक्षत विन यूक्तिन

উপস্থাপনাঃ

'ছালাতৃত তারাবীহ' একটি গুরুত্বপূর্ণ নফল ছালাত। এটি 'ছালাতুল লাইল' বা রাত্রিকালীন ইবাদত। যা রামাযান মাসে রাতের প্রথমভাগে পড়তে হয়। ১ এ ছালাতই অন্য মাসে রাতের শেষাংশে পড়াকে 'তাহাজ্বদ' বলে।^২ এজন্য রামাযান মাসে রাতের প্রথমাংশে তারাবীহ পড়লে শেষাংশে তাহাচ্ছুদ পড়তে হয় না।^৩ রাসূ**ল** (ছাঃ) ফরয হওয়ার আশংকায় ছাহাবায়ে কেরামকে সঙ্গে নিয়ে জামা আত সহকারে অত্যন্ত গুরুত্বের সাথে মাত্র তিনদিন এ ছালাত আদায় করেছিলেন।⁸ তাই তাঁর উন্মতের প্রতিও উক্ত ইবাদত গুরুত্বের সাথে নিয়মিত আদায় করা সুন্নাত। কারণ এখন তার ফর্য হওয়ার আশংকা নেই। যেমনটি ওমর (রাঃ) চালু করেছিলেন। তবে লক্ষ্য রাখতে হবে অন্যান্য ইবাদতের ন্যায় এটাও যেন আল্লাহুর নিকট গ্রহণীয় হয়। কারণ যেকোন ইবাদত আল্লাহ্র নিকট গ্রহণীয় হওয়ার জন্য অন্যতম প্রধান দু'টি শর্ত রয়েছে। (১) একমাত্র আল্লাহুর সম্ভুষ্টির জন্য হওয়া। (২) ঐ ইবাদত রাসূল (ছাঃ) যে পদ্ধতিতে আদায় করেছেন সে পদ্ধতি মোতাবেক হওয়া।^৫ উক্ত শর্তদ্বয়ের কোন একটি ছাড়া পড়লে সে ইবাদত আর ইবাদত বলে গণ্য হবে না। প্রথমটি বাদ পড়লে অর্থাৎ আল্লাহুর উদ্দেশ্যে না হয়ে অন্য কোন উদ্দেশ্যে হ'লে তা শিরক হবে। মহান আল্লাহ বলেন, 'আল্লাহুর ইবাদত কর তাঁরই আনুগত্যে একনিষ্ঠচিত্তে' *(যুমার ২)*। অন্যত্র তিনি বলেন, 'যে ব্যক্তি তার প্রতিপালকের সাক্ষাৎ কামনা করে, সে যেন সৎ আমল করে এবং তার প্রতিপালকের ইবাদতের সাথে অন্য কাউকে যেন শরীক না করে' *(কাহ্*ফ ১১০)। অনুরূপভাবে দ্বিতীয় শর্ত ছাড়া পড়লে অর্থাৎ রাসলের পদ্ধতি মোতাবেক না হয়ে অন্য কোন পদ্ধতিতে হ'লে তা বিদ'আত হবে। যা শরী'আতে প্রত্যাখ্যাত ও বর্জনীয়।

- ১. ছহীহ বুখারী (উপমহাদেশীয় ছাপা), ১/২৬৯ ও ১২৬পঃ, হা/২০১৬ ७ ৯২৪; इरीर मूजनिम (बे), ১/২৫৯ पृः रा/১৭৮১; इरीर पार्नाউन शं/১७१८; शंमीरह धरमरह, بعد أن صلى العشاء । श्वा राजितस्याती २/१७ ७३ । خرة
- २. दुवाती, मुत्रमिम, जामवानी, मिमकाछ हा/১२२७ ७ ১२२৫; বঙ্গানুবাদ-মেশকাত ৩য় খণ্ড, হা/১১৫৫ ও ১১৫৭ 'রাত্রির ছালাতের প্রতি উৎসাহ প্রদান' অনুচ্ছেদ।
- ৩. আবুদাউদ, তিরমিয়ী, মিশকাত হা/১২৯৮; বঙ্গানুবাদ ওয় খণ্ড, হা/১২২৪ 'রামাযান মাসে রাত্রির ছালাত' অনুচ্ছেদ।
- ८. मुखानताक रात्कम रा/১৬০৮, ১/৬०৭ পृक्ष, সনদ ছरीर; रेवनू नाट्ছत ञान-माऋषी, कि्य़ामून नार्डेन,9३ ৮৯; টीका न१ ১ ५३।
- ४. पूराचान विन खामीन याग्रन, जान-आकीमाजून टॅमनामिग्रार, १३ २७।

রাসূলুরাহ (ছাঃ) বলেন, 'কেউ যদি এমন কোন আমল করে বার প্রতি আমার নির্দেশ নেই, তা প্রত্যাখ্যাত'।

কোন কাজ আল্লাহ্র সম্ভুষ্টির উদ্দেশ্যে হওয়ার বিষয়টি সম্পূর্ণ হৃদয়ের সাথে সম্পৃক্ত। কিন্তু প্রশ্ন হচ্ছে সে কার্য সম্পাদনের জন্য রাসূল কর্তৃক প্রদন্ত পদ্ধতি কোথায় পাওয়া যাবেং নিকয়ই তা কুরআন ও ছহীহ হাদীছের মধ্যেই পাওয়া বাবে, অন্য কোথাও নয়। কারণ রাসূল (ছাঃ) তাঁর উন্মতের জন্য এই দু'টি বস্তুই রেখে গেছেন, তৃতীয় কোন কিছু রেখে যাননি। তিনি এ দু'টিকেই অত্যন্ত শব্দ করে অকিড়ে ধরে থাকার জন্য কঠোরভাবে নির্দেশ দান করেছেন। ^৭ এখানে ছহীহ হাদীছ বলার কারণ হ'লঃ তথুমাত্র ছহীহ হাদীছই শরী'আতের দলীল হওয়ার যোগ্য, যঈফ ও खान रामीह बाता कथाना मनीन সাব্যস্ত হয় ना। মুহান্দিছগণের ঐক্যমতে যঈফ ও জাল হাদীছ সর্বদাই বর্জনীয়। যদিও কেউ কেউ তথুমাত্র ফহীলতের ক্ষেত্রে শর্তসাপেকে যঈফ হাদীছ গ্রহণীয় বলে মন্তব্য করেছেন।^৮ তবে প্রথম সারির প্রায় সকল মুহাদিছগণের মতে ফ্যীলতের ক্ষেত্রেও যঈফ ও জাল হাদীছ গ্রহণযোগ্য নয়। যেমন- ইমাম বুখারী, মুসলিম, নাসাঈ এবং তাঁদের নিকটস্ক ইয়াহইয়া ইবনে মুঈন, ইবনুল আরাবী, ইবনু হাযাম, ইবনু তাইমিয়াহ প্রমুখ। । এছাড়া তাঁদের পরে আজ পর্যন্ত সকল যুগে সকল মুহাদিছই যঈফ হাদীছ বর্জনের জন্য মুসলিম উন্মাহর প্রতি বিশেষ গুরুতারোপ করেছেন।

অতএব সুস্পষ্টভাবে প্রতীয়মান হ'ল যে, ছহীহ হাদীছ ছারা প্রমাণিত কাজই তথুমাত্র আমলবোগ্য এবং যেকোন ইবাদতের পদ্ধতি যা রাস্ল কর্তৃক প্রদর্শিত হয়েছে তা ছহীহ হাদীছের মধ্যেই রয়েছে। স্তরাং ছালাতেরও নিরম-পদ্ধতি তাতে পূর্ণাঙ্গদ্ধপেই রয়েছে। তাছাড়া ছালাত আদায়ের পদ্ধতি সম্পর্কে রাস্ল (ছাঃ) খাছভাবে নির্দেশ দান করেছেন। তিনি বলেছেন, أَمْنَا رُأَيْتُمُو نَى 'তোমরা ঐরপভাবেই ছালাত আদায় কর যেরপভাবে আমাকে আদায় করতে দেখছ'।* অভএব, তারাবীহর ছালাতও সে পদ্ধতিতেই আদায় করতে হবে যেভাবে তিনি করেছেন, যা ছহীহ সূত্রে প্রমাণিত হয়েছে।

কিছু বড় পরিভাপের বিষয় যে, মাযহাবী গৌড়ামী এবং হাদীছের অপব্যাশ্যাকারী কথিত কিছু আলেমদের কারণে অধিকাংর সর্বশ্রাণ মুসলমান ছহীহ হাদীছ সমূহে বর্ণিত রাসৃল (ছাঃ)-এর পদ্ধতি মোতাবেক তারাবীহর মত একটি গুরুত্বপূর্ণ ইবাদত পালন করতে পারে না। অন্যান্য ছালাত ও ইবাদতের ক্ষেত্রে ভারা যেমন অসংখ্য যঈফ ও জাল হাদীছ এবং স্বরচিত অপব্যাখ্যার মধ্যে সাধারণ মুসলমানদের ডুবিয়ে রেখেছে, তেমনি তারাবীহুর ক্ষেত্রেও किছু यञ्चेक ७ जान वर्षना अवर खास व्याचात्र मरशा নিমজ্জিত রেখেছে। 'ছহীহ হাদীছের আলোকে তারাবীহুর ছালাত বিশ রাক'আত', 'ভারাবীহ ও তাহাজ্বদ ভিন্ন ছালাড', 'তারাবীহ ২০ রাক'আড আর ভাহাজ্বদ ৮ রাক'আত' ইত্যাদি মিধ্যা ও ভ্রান্ত বক্তব্য ছড়িয়ে তারা সাধারণ মানুষকে প্রভারিত করছে। এ সমস্ত কায়েমী বার্থবাদী, প্রতারক ও ফেরেববাজরা আমাদের উদ্দেশ্য নয়। কারণ তারা বুঝেও বুঝে না. দেখেও দেখে না এবং তনেও ওনে না (আ'রাফ ১৭৯)। বরং আমাদের উদ্দেশ্য হ'ল-সাধারণ মুসলমান। তারা যেন প্রবঞ্চনাপূর্ণ মাযহাবী ও তাকুশীদী বেড়াজাল ছিন্ন করে, মানব রচিত ফেকুহী অন্ধত্ব চিরতরে পরিহার করে, নামধারী ধৌকাবাজ আলেমদের ধূর্তামি ও ঔদ্ধত্যপূর্ণ শিখনী এবং বক্তব্য থেকে মুখ ফিরিয়ে নিরপেক ও নিঃশর্তভাবে কেবলমাত্র কুরআন ও ছহীহ হাদীছের প্রতি আমল করতে পারে। বক্ষমাণ প্রবন্ধে এ সম্পর্কে প্রামাণ্য আলোচনা পেশ করা হ'ল। দৃঢ় প্রত্যাশা ব্যক্ত করছি বে, উক্ত নিবদ্ধ সঠিক পথের অনুসন্ধানী ও নিরপেক্ষ হৃদয়ের অধিকারী ব্যক্তির জন্য দিশারী বিবেচিত **হবে ইনলাআল্লাহ**।

৮ রাক'আত তারাবীহর অকাট্য প্রমাণঃ

(١) عَنْ أَبِى سَلَمَةَ بِن عَبِد الرَّحْمَنِ أَنَّهُ سَأَلَ عَانِشَةَ رَضِي اللَّهُ عَنْهَا كَيْفَ كَانَتْ صَلَاةً رَسُولِ اللَّه صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ (بِاللَّيْلِ) فِي رَمَضَانَ؟ فَقَالَتْ مَا كَانَ يَزِيْدُ فِي رَمَضَانَ؟ فَقَالَتْ مَا كَانَ يَزِيْدُ فِي رَمَضَانَ وَلاَ فِي غَيْرِهَا عَلَى إِحْدى عَشَرَةَ رَكْعَةً يُصَلِّي أَرْبَعًا فَلاَ تَسْأَلُ عَنْ حُسْنِهِن وَطُولِهِن ثُم يُصَلِّي أَرْبَعًا فَلاَ تَسْأَلُ عَن حُسْنِهِن وَطُولِهِن ثُم يُصِلِّي أَرْبَعًا فَلاَ تَسْأَلُ عن حُسْنِهِن وَطُولِهِن ثُم يُصَلِّي أَرْبَعًا فَلاَ تَسْأَلُ عن حُسْنِهِن وَطُولِهِن ثُم يُصِلِّي ثَلاَتًا-

(১) আবু সালামাহ ইবনে আবদুর রহমান (রাঃ) একদা মা আরেশা (রাঃ)-কে রাস্লুরাহ (ছাঃ)-এর রামাযানের রাতের^{১০} ছালাভ কেমন ছিল জিছ্জেস করেন। মা আরেশা (রাঃ) উত্তরে বলেন, রাস্লু (ছাঃ) রামাযান মাসে এবং রামাযানের বাইরে অন্য মাসে রাতের ছালাভ এগার (১১) রাক'আতের বেশী আদার করতেন না। তিনি প্রথমে

১০. हरीर यूजनिय रा/১९२७, व रामीरह 'ब्राज' मचित्र छेरतस् ब्राहरः।

७. मुननिय श/८८७৮ 'भीयारमा' जशाद्य, २/११ नृ:।

शंटकम शं/७১৮, ১/১৭১ 'हैनम' जयात्र, जेनम शंजान; मुख्यात्वा मालक, मिनकाण शं/১৮৬; वजानुवाम ऽम चः शं/১৭२ 'किणाव छ नुवाहटक जॉकएए धता' जनुटब्बम।

७. माग्नच प्रशामान नाहिक्सीन जानवानी, जागागून मिन्नाह किछ जांनीक् जाना किक्सिन मृन्नाह (तिग्राचंद्र मान्नव ताग्राह, ১৪০৯ हिंद्र), शृः ७৪-७৮, 'कायाराम मश्काख यभक हामीइ वर्जनीय्र' जनुरक्तमः, विखातिष्ठ प्रदे थे, इहीह जाज-जात्रगीव छग्नाछ जात्रहीव-धत छुमिका।

आज्ञामा कामानृकीन क्रारम्भी (नितिया), क्राध्यारयम् छ छहिमीह, गृः
 अठः छामामून मिन्नार, गृः ७४।

^{*} हरीर त्यांत्री रा/७०১, ১/৮৮ पृঃ 'जायान' खथात्र; त्रिणकाण रा/७৮० 'जायान' जथात्र।

(২+২) চার রাক'আত পড়েন। তুমি (আবু সালামাহ) তার त्रीनर्य ७ मीर्चण সম্পর্কে জিজেন কর না। অভঃপর ডিনি (২+২) চার রাক'আত পড়েন। তুমি তার সৌন্দর্য ও দীর্ঘতা সম্পর্কে জিজেস কর না। অতঃপর তিনি তিন রাক'আত (বিতর) পড়েন।

বর্ণিত হাদীছটি ১১-এর অধিক হাদীছগ্রন্থে বর্ণিত হয়েছে।^{১১} এর বিভদ্ধতা সম্পর্কে আলোচনার প্রশুই উঠে না। কারণ ইমাম বুখারী ও মুসলিম স্ব স্ব ছহীহ গ্রন্থে এটি বর্ণনা করেছেন। বিশেষ করে ইমাম বুখারী (রহঃ)

صلاة التراويع 'णातावीश्त हानाए' معلاة التراويع করেছেন। তাছাড়া তিনি আরো দু'টি অধ্যায়ে নিয়ে এসেছেन। ইমাম মুসলিম একই অধ্যায়ে ভিন্ন ভিন্ন সনদে দু'টি হাদীছ বর্ণনা করেছেন।

উক্ত হাদীছ থেকে সুস্পষ্টভাবে প্রমাণিত হয় যে, রামাযান মাসে হোক আর অন্য মাসে হোক রাসূল (ছাঃ) রাত্রির ছালাত ১১ রাক'আতই পড়তেন এর বেশী নর। যার আট রাক'আত তারাবীহ বা তাহাজ্বদ আর তিন রাক'আত বিতর। আরো প্রমাণিত হ'ল যে, তারাবীহ ও তাহাজ্বদ একই ছালাত, ভিন্ন কোন ছালাত নয়। তাই ইমাম বুখারী হাদীছটি 'তাহাজ্জুদ' ছালাতের অধ্যায়েও নিয়েছেন। আর উক্ত হাদীছের সনদ সম্পর্কে দ্বর্থহীন কণ্ঠে বলা যায় যে, রাসুল (ছাঃ)-এর রাত্রির ছালাত অর্থাৎ তারাবীহ ও তাহাজ্জুদের রাক'আত সংখ্যার ব্যাপারে এর চেয়ে অধিক বিশুদ্ধ বর্ণনা পৃথিবীতে আর নেই।

আরো উল্লেখ করা যায় যে, হাদীছটি বর্ণিত হয়েছে মা আয়েশা (রাঃ)-এর মাধ্যমে। আর রাস্থ (ছাঃ)-এর রাত্রিকালীন অবস্থা সম্পর্কে অন্যান্যদের চেয়ে মা আয়েশা (রাঃ)-ই যে সবচেয়ে বেশী জানবেন একথা বলার অপেক্ষা

১১. ছरीर बुचाबी रा/२०১७, ১১৪৭ ७ ७৫७৯, ১/२७৯, ১२७ ७ ৫০৩-৪ पृक्षः, मुनमिम श/১१२० ७ ১१२७, ১/२৫৯ पृक्षः, इरीर षादुपाउँप रा/১७८১; रहीर जित्रभियी रा/८८०: रहीर नात्रात्र रा/১৬৯৬; ष्टीर रैनन भूगायमार रा/১১७५: मृखयाला मालक (रिक्रण हाना), ১/১২০ नृहः, जारमान ७/७५-७१ ४ ১०८ नृहः वाग्रशकी; त्रूनानून कृवन्ना श/८७১८, २/७৯৮ ९३; हरीर जातू व्याख्यानार २/७२१ पृः; नामात्र, मूनानून कृतवा २/५०৯ पृः; वे, जान-मुज्जा २/१२) पृश्व श्रम् ।

১২. তিনি উক্ত শিরোনাম রচনা করলেও ভারত উপমহাদেশের ছাপা वृषात्री नतीय त्यत्क উक्त निर्त्तानाम উৎখাত कता হয়েছে। कात्रन একটিই, উপমহাদেশের ছহীহ বুখারীর পাঠদান ও পাঠগ্রহণকারী नक नक निकक-हात यमि (मर्सन त्य, रैमाम वृधाती (त्ररः) 'छात्रावीश्त्र हामाछ' निद्यानास्य व्यथात्र त्रहना कदत स्थारन ৮ রাক'আত তারাবীহুর হাদীছকে স্থান দিয়েছেন, তাহ'লে তাদের भरन ठित्रण्टत रह्मभूम हरत यार्ट रय, जातावीह्त ज्ञामाण ৮ রাক'আত; এর অধিক ২০ বা ততোধিক নয়। কিন্তু তারা কি এটা मत्न करत्रष्ट् रा. युथात्री मतीक एषु উপহাদেশেই ছাপানো হয়। त्रितिया, भिनत, कृत्याण, नाउँमी आतरान्य जन्माना मिटन या बात ष्टांभारना रुख़र्र्स स्त्रथारनरे উक्त भिरतानाम वदान त्रस्त्रर्र्स, जा পুরাতন হোক আর নতুন হোক। আফসোস। হকু গোপন করার সর্বাত্মক প্রচেষ্টা আর কত দিন চলবে।

রাখে না। যেমনটি আল্লামা হাফেয় ইবনে হাজার আসকালানী (৭৭৩-৮৫২ হিঃ) উক্ত হাদীছের আলোচনায় كونها أعلم بحال النبي صلى الله عليه वर्णन'३७ এছাড়া ইমাম বুখারী (রহঃ) وسلم ليلا من غيرها अशां त्रां करत کتاب مثلاة التراويح प्राां त्रां करत রাক'আতের হাদীছটি বর্ণনা করায় তার কাছে যেমন স্পষ্ট হরেছে তারাবীহর রাক'আভ সংখ্যা ৮, তেমনি বিশ্ববাসীকেও জানিয়েছেন যে, রাসূল (ছাঃ)-এর আদায়কৃত তারাবীহর ছালাতের রাক'আত সংখ্যা ছিল ৮। সূত্রাং রাসৃল (ছাঃ)-এর প্রকৃত অনুসারীদের জন্য এই একটি হাদীছই যথেষ্ট।

(٢) عن جابر بن عبد الله رضى الله عنه قال صلَّم، بِنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْتُهِ وَسَلَّمَ فِي شُهُر رُمَ ضَانَ تُمَانَ ركُعُاتِ وأَوْتُرُ... رواه ابن خزيمة وابن حبان في صحيحهما-

(২) জাবির ইবনে আবদুল্লাহ (রাঃ) বলেন, রাসুল (ছাঃ) রামাযান মাসে আমাদের সাথে ৮ রাক'আত ছালাত আদায় করেন এবং বিতর পড়েন...।^{১৪} হাদীছটি কয়েকটি সূত্রে হাসান সনদে বর্ণিত হয়েছে।^{১৫}

আল্লামা যাহাবী (৬৭৩-৭৪৮ হিঃ) তার 'মীযানুল ই'তেদাল' গ্রন্থে উক্ত হাদীছটি উল্লেখ করার পর বলেন. হাদীছটির সনদ মধ্যম ন্তরের' অর্থাৎ استاده وسط হাসান।^{১৬} ইবনু হাজার আসকালানী (রহঃ) তাঁর সম্পর্কে الذهبي من أهل الاستقراء التام في نقد ,विनन যাহাবী (রহঃ) রাবীদের জীবন পরীক্ষা-নিরীক্ষা করণের ক্ষেত্রে সম্পুরক অনুসন্ধানীগণের অন্যতম'।^{১৭} আবদুর রহমান মুবারকপুরী (১২৮৩-১৩৫৩হিঃ) বলেন, 'অতএব আল্লামা যাহাবী কোন

১৪. षरीर रेवत्न चूर्यायमार ७/७८১ नृः; ष्टरीर रेवत्न रिक्तान रेरमान সহ হা/২৪০৭, ৬/১৬৯-৭০ পৃঃ े जावतानी, আশ-মু 'জाমুছ ছাগীत. পृঃ ১০৮; क्रियायून नार्डन रा/১১৪, পृঃ ৯০; रायष्ट्रयी, याक्रयाउँय योधयाराम ७/১৭৫ नृष्ट; यूजनारम जार्व ইयाना श्रकृष्टि ।

১৫. माग्रच जाद्वामा मामञ्रेम २क जायीमातामी, जाउनेन मा'वृप मत्रदर षार्पाউम (रिवक्रणः माक्रम कूजूर पाम-ইनिमियार, जारि), 8/১ १৫ नुः; रा/১७१२-এর আলোচনা দ্রঃ; किয়ামুল माইल श/১১8. 98 % ।

১৬. जान्नामा शरकय याशवी, मीयानून ३ एउमान की नाकृपित्र तिकान (दिक्छ प्रक्रिम या दिकार, जावि), ७/७১১-১२ १९।

১৭. रेंबन् राष्ट्रात जामकामानी, गात्रष्ट नुचराजुम किकात (जिल्ग्टेंश मूरामामी कुछूर थाना, ১৯৯৮ थुंह), पृष्ट ५७२ ।

১७. शास्क्य रैवरन शांकात जात्रकामानी, काश्क्रमवाती मत्ररह हरीक्षम वुचात्री (दिक्कण्डः माक्रम कूछुव जाम-हैमभिग्नार, ১৯৮৯ *च्*ड/১৪১० रिश), ४/७১৯ पृः, श/२०১७-এর আলোচনা দ্রः।

হাদীছ সম্পর্কে মন্তব্য করলে সে সম্পর্কে অন্য কে কি বলেছে সেদিকে ঘুরে তাকানোর প্রশ্নই উঠে না'।^{১৮}

The Control of the Co

আল্লামা শায়ৰ নাছিক্ৰদীন আলবানী (রহঃ) বলেন, سنده 'হাদীছটির সনদ হাসান'।' ইবনু হাজার আসক্বালানী (রহঃ) উক্ত হাদীছটি স্বীয় ফাৎহুলবারীতে দলীল হিসাবে উদ্ধৃত করে ছহীহ বা হাসান সাব্যম্ভ করেছেন।^{২০}

(٣) عن جابربن عبد الله قال جَاء أَبَى بْنُ كَعْبِ إِلَى رَسُول الله عَلَيْه وَسَلَّمَ فَقَالَ يَا رَسُول الله عَلَيْه وَسَلَّمَ فَقَالَ يَا رَسُولَ الله عَلَيْه وَسَلَّمَ فَقَالَ يَا رَسُولُ الله إِنَّه كَانَ منى اللَّيْلة شَيْئُ في رَمَضان — قَالَ وَمَا ذَالِي قُلْن — قَالَ وَمَا ذَالِي قُلْن — إِنَّا لاَ نَقْرَ أُلْقُلُ أَن فَنُصَلِّى بِصَلَاتِكَ؟ قَالَ فَصلَيْتُ بِهِنَ ثَمَانَ رَكْعَات وَ أَوْتَرْتُ فَكَانَت سُنَة الرَّضَى فَلَا شَيْلًا الرَّضَى فَلَا الله فَكَانَت سُنَة الرَّضَى فَلَا شَعْدًا الرَّضَى فَلَا شَعْدًا الرَّضَى فَلَا الله فَكَانَت سُنَة الرَّضَى

(৩) জাবির বিন আবদুল্লাহ (রাঃ) বলেন, একদা উবাই ইবনে কা'ব (রাঃ) রাস্পুল্লাহ (ছাঃ)-এর নিকটে উপস্থিত হয়ে বলেন, হে আল্লাহ্র রাস্প (ছাঃ)! রামাযানের রাত্রিতে আমার পক্ষ থেকে একটি ঘটনা ঘটেছে। রাস্প (ছাঃ) বললেন, হে উবাই সেটা কিঃ তখন উবাই ইবনে কা'ব বললেন, মহিলারা আমার বাড়ীতে উপস্থিত হয়ে বলল, আমরা কুরআন তেলাওয়াত করতে জানি না, তাই আপনার ছালাতের সাথে আমরা ছালাত আদায় করতে চাই। অতঃপর আমি তাদের সাথে ৮ রাক'আত ছালাত আদায় করেছি এবং বিতর পড়েছি। এতে রাস্প (ছাঃ) কোন মন্তব্য করলেন না। তাই এটা মৌন সম্বতিমূলক সুন্লাত। ২১

হাদীছটি সম্পর্কে মুহাদ্দিছ হারছুমী (রহঃ) বলেন, إسناده 'হাদীছটির সনদ হাসান' المناده 'হাদীছটির সনদ হাসান' المناده يحتمل للتحسين عندى داله والماتة تالية والماتة تالية والماتة تالية والماتة وا

সরাসরি রাসূল (ছাঃ)-এর পক্ষ থেকে মারফ্' স্ত্রে বর্ণিত উপরোক্ত ছহীহ হাদীছ সমূহের মাধ্যমে আমাদের নিকটে অকাট্যভাবে প্রমাণিত হ'ল যে, তারাবীহর ছালাত আট (৮) রাক'আত; এর বেশী নয়। যেমন শায়খ নাছিক্লান আলবানী উক্ত দলীল সমূহ পেশ করার পর বলেন, ত্রুলাত আট টা করার পর বলেন, ত্রুলাত আলবানী উক্ত দলীল সমূহ পেশ করার পর বলেন, ত্রুলাত টা করার পর বলেন, ত্রুলাত তাল করার পর বলেন বিল্লাক বলেহে তাতে আমাদের নিকট সুল্লাই হয়ে গেছে যে, রাত্রির ছালাতের রাক'আত সংখ্যা হ'ল ১১। যা রাসূল (ছাঃ)-এর কর্ম থেকে ছহীহ দলীলের মাধ্যমে প্রমাণিত হয়েছে'। ২৪

সৃতরাং উমতে মুহামাদীর উপরে অপরিহার্য কর্তব্য হ'ল, রাসৃল (ছাঃ)-এর এ সুনাতকে শক্তভাবে আঁকড়ে ধরা। কারণ রাসৃল (ছাঃ) কোন বিষয়ে সিদ্ধান্ত দিলে সে সম্পর্কে কোন মুসলমান পুরুষ বা নারীর কিছুই করার থাকে না। যদি কেউ আল্লাহ ও তাঁর রাসুলের সিদ্ধান্তর উপর মাতক্ষরী করে তাহ'লে তার পরিণতি হবে অত্যন্ত ভয়াবহ। আল্লাহ তা'আলা বলেন, الله وَرَسُولُهُ أَمْرُا أَنْ يكُونَ لَهُمُ الْخَيْرَةُ مِنْ أَمْرُا أَنْ يكُونَ لَهُمُ الْخَيْرَةُ مِنْ أَمْرُا أَنْ يكُونَ لَهُمُ الْخَيْرَةُ مِنْ أَمْرُ لَمْ وَمَنْ يَعْصِ اللّهَ وَرَسُولُهُ هَمَّدٌ ضَلَّ مَنْ لَكُونَ لَهُمُ الْخَيْرَةُ مِنْ أَمْرُ اللهُ وَرَسُولُهُ هَمْ اللهُ وَرَسُولُهُ هَمْ اللهُ وَرَسُولُهُ هَمْ اللهُ وَرَسُولُهُ مَنْ يَعْصِ اللّهَ وَرَسُولُهُ هَمْ اللهُ وَرَسُولُهُ اللهُ وَرَسُولُهُ هَمْ اللهُ وَرَسُولُهُ هَمْ اللهُ وَرَسُولُهُ هَمْ اللهُ وَرَسُولُهُ وَاللهُ وَ

فَلاَ وَرَبِّكَ لاَيُوْمِنُونَ حَتَّى يُحَكِّمُوكَ فِيْمَا شَجَرَ بَيْنَهُمْ ثُمُّ لاَيَجِدُوا فِي أَنْفُسِهِمْ حَرَجًا مَمَّا قَضَيْتَ وَيُسَلِّمُوا تَسْلَيْمًا-

'তোমার প্রতিপালকের শপথ! তারা মুমিন হ'তে পারবে না যতক্ষণ পর্যন্ত তারা তাদের বিবাদ-বিসন্থাদের বিচার ভার তোমার উপর অর্পণ না করবে; অতঃপর তোমার দেয়া সিদ্ধান্ত সম্বন্ধে তাদের মনে কোন দিখা না থাকে এবং সর্বান্তঃকরণে তা মেনে নেয়' (নিসা ৬৫)। এছাড়া আরো নির্দিষ্ট করে বলা হয়েছে যে, কোন বিষয়ে মতানৈক্য দেখা দিলে আল্লাহ ও তাঁর রাস্লের সিদ্ধান্তের দিকে ফিরে যেতে হবে। আল্লাহ বলেন,

هَإِنْ تَنَازَعْتُمْ فِي شَيِيْ هَرِدُونُهُ إِلَى اللّهِ وَالرَّسُولِ إِنْ كُنْتُمْ تُؤْمِنُونَ بِاللّهِ وَالْيَوْمِ الْآخِرِ-

১৮. আবদুর রহমান মুবারকপুরী, তুহফাতুল আহওয়াযী বিশরহে জামেউত তিরমিয়ী (বৈরুতঃ দারুল কুতুব আল-ইলমিয়াহ, ১৯৯০ খৃঃ/১৪১০ হিঃ), ৩/৪৪২ পৃঃ, হা/৮০৩-এর আলোচনা দুঃ।

১৯. यूराचाम नाहिककीन जानवानी, हामाजूज जाताबीह (रिवक्रजः जान-यांकजावन रेनमायी, विजीय थंबानः ১৯৮৫ वृद्ध ४८०८ रिहो, वृह ১৮।

२०. काष्ट्रमवात्री ७/১৬ १९, रा/১১२৯-এत्र जात्माठेना प्रश्नः

२२. माब्बमार्डेय योधग्रास्त्रम २/१४ भृ: जुरुकाजून जांरखग्रायी ७/४४२ भृ:।

२७. ছामाजुङ जात्रातीर, १९ ७৮।

২৪. প্রাক্তজ, পৃঃ ২২।

'তোমাদের মাঝে কোন বিষয়ে মতভেদ হ'লে সেটাকে আল্লাহ ও রাস্লের দিকে কিরিয়ে দাও, যদি ভোমরা আল্লাহ ও আধিরাতের প্রতি বিশ্বাস করে থাক' *(দিনা ৫৯)*।

ছাহাবীদের যুগে তারাবীহর ছালাতঃ

মুসলিম সমাজে প্রচার করা হয় যে, ওমর ও আলী (রাঃ) উভয়েই বিশ (২০) রাক'আত তারাবীহ চালু করেছিলে। ঢাহা মিথ্যা কথা। এ সমন্ত মর্যাদাশীল জানাতী ছাহাবীগণের প্রতি এগুলি অপবাদ মাত্র। কারপ তারা কখনো রাসুল (ছাঃ)-এর অনুসরণের ক্ষেত্রে কোন রকমের ক্রুটি বা কম-বেশী করেননি। নিমে এ বিষরে আলোকপাত করা হ'ল-

বলিষ্ঠ দলীলের আলোকে ওমর (রাঃ)-এর নির্দেশিত ভারাবীহর ছালাত ৮ রাক'আডঃ

(٤) عَنِ السَّاسِ بِن يَزِيْدَ أَشَّهُ قَسَالَ أَمَسَ عُمَسَرُ بِنُ الْخَطَّابِ أَبِّيُّ بِنُ كَعْبِ وَ تَمِيْمَا الدَّارِيُّ أَنْ يُقُوْمَا للنَّاس بِإَحْدَى عَشِرَةَ رَكُعةً ...

(৪) সায়েব ইবনে ইয়ায়ীদ (রাঃ) হ'তে বর্ণিত, তিনি বলেন, 'ওমর (রাঃ) উবাই ইবনে কা'ব ও তামীম আদ-দারী (রাঃ)-কে লোকদের নিয়ে ১১ রাক'আত ছালাত আদায় করার নির্দেশ প্রদান করেন'।

উপরোক্ত হাদীছটি সাতের অধিক হাদীছ গ্রন্থে বিভিন্ন সূত্রে বর্ণিত হরেছে। যার সবগুলিই ছহীহ। २ আরামা নায়মূবী হানাফী (রহঃ) তাঁর 'আছারুস সুনান' গ্রন্থে হাদীছটির সনদ সম্পর্কে বলেন, إسناده صحيح جداً فإن السائب بن يزيد صحابي حج مع دا النبي صلى الله عليه وسلم وهو صغير والمواقع সনদ অতীব বিভদ্ধ। কারণ সারেব ইবনে ইয়ায়িদ একজন (সুযোগ্য) ছাহাবী, তিনি অল্প বরুসে রাসূল (ছাঃ)-এর সাথে হক্ষ করেছেন'।২৭ অন্যত্র তিনি বলেন.

আন ত্রানা ব্রহাণ করে দুর্থ বিশ্ব ব

শারখ আল্লামা ওবায়দুল্লাহ মুবারকপুরী (১৩২৭-) তাঁর
মিশকাতৃল মাছাবীহ-এর জগদিখাতে ভাষ্য 'মির'আতৃল
মাকাতীই' প্রছে উক্ত হাদীছের ভাষ্যে পরিষার বলে
দিরেছেন, سانا الذي جمع عليه الناس في أن الذي جمع عليه الناس هذا نص في قيام رمضان وأمرهم بإقامته هو إحدى عشرة ركعة مع الوتر وإن الصحابة والتابعين على عهده كانو يصلون التراويح إحدى عشرة ركعة موافقا لما تقدم من حديث عائشة... وموافقا لما تقدم من حديث عائشة... وموافقا لما تقدم من حديث جابر-

'ওমর (রাঃ) রামাযানের রাত্রিতে ছালাতের জন্য লোকদেরকে যে একত্রিত করেছিলেন এবং তিনি যে তাদেরকে বিতর সহ ১১ রাক'আত করে পড়ার নির্দেশ দিয়েছিলেন, নিশ্রই এ হাদীছটি তার (জাজ্ল্য) প্রমাণ। এছাড়া সকল ছাহাবী ও তাবেঈগণও যে তার যুগে তারাবীহুর ছালাত ১১ রাক'আতই পড়তেন তারও সুস্পষ্ট প্রমাণ। কারণ এ হাদীছটি পূর্বে বর্ণিত আয়েশা (রাঃ)-এর (১ম) হাদীছের সাথে পুরোপুরি সামঞ্জস্যশীল এবং জাবির (রাঃ) বর্ণিত (২য়) হাদীছের সাথেও সামঞ্জস্যশীল'।

(٥) عن محمد بن يوسف أنَّ السَّائِبَ أَخْبَرَهُ أَنَّ عُمَرَ جَمْعَ النَّاسَ عَلَى أَبَى أَ تَميْمٍ فَكَانَا يُصلَّينَانِ إِحْدَى عَشَرَةَ رَكْعَةً-

(৫) মুহাম্মাদ ইবনে ইউসুফ (রাঃ) বলেন, সায়েব ইবনে ইয়াযীদ (রাঃ) ভাকে এ মর্মে জানিয়েছেন যে, ওমর (রাঃ) উবাই ও তামীম আদ-দারীর মাধ্যমে লোকদের একত্রিত করেন। অতঃপর তারা উভয়ে ১১ রাক'আত ছালাত আদায় করান। ত

२८. यूड्याचा यालक ১/১১৫ १९ 'त्रायांन यात्म त्रावित हाणांड' जन्त्वमः, हरीर देवत व्याप्तयार १/১৮৬ १९; वाद्रराही, नुनान्न क्वता रा/८७५७, २/७७४ १९; नाव्रम देवत यानकृत, जान-नुनानः, कित्रायून नादेन, १९ ७১; जात्र वाकत जान-नीनांशृती, जान-कांड्यादाम ১/১७৫ १९; वाद्रराही जान-यांद्रराहा क्रिनदेवारी ১/५७ १९ ५ २/१८ १९; जानवानी, ठाहसीङ् यिनकांड (दिक्रण्ड ১৯৮৫/১৪০৫), ১/৪०२ १९, रा/५७०२-अत ग्रीका मह मु: वनान्वाम-यांकांड, ७য় ४६, रा/५२२४ 'त्रायांवात्त्र त्राप्डत हानांड' जनुत्वमः।

२७. प्रदेशपून चारश्वायी ७/८८२ १९।

২৭. আলম্বানী, ইরপ্তরাউল গালীল (বৈক্রতঃ আল-মাকতাবুল ইসলামী, ২র প্রকাশঃ ১৯৮৫/১৪০৫খিঃ), ২/১৯২-৯৩পৃঃ, হা/৪৪৫-এর আলোচনা দ্রঃ: হালাভুত ভারাবীহ, পৃঃ ৪৬।

२४. शमापुष जातावीर १३ ८८

२৯. नाग्नचे जान्नामा उनाहेनुनार ब्रह्मानी प्रवातकपूती, यित जाजून माकाणीर नवर मिनकाजून माहावीर (वनावतः हैमाबाजून बृह्ह जान-हैननामिग्नार, ১৯৭৩ चृंद /১७৯৪ रिः), ৪/৩२৯ चृंद, रा/১७১०-এत जालाठना प्रः।

७०. हेर्बन् जारी भावतार, जान-प्रहानारू (दिक्चण्डः ১৯৮৯/১৪০৯रिः), ২/২৮৪ পৃঃ, 'द्रायायान यात्म हामाण' जनुत्व्यनः, जारमुन त्राययाक, जान-प्रहानारू (दिक्चण्डः ১৯৮৩/১৪০৩रिः), ४/२७० পृঃ, रा/११२१ 'द्रायायान यात्म त्रात्म्ब्र हामाण' जनुत्व्यमः।

হাদীছটি সম্পর্কে আল্লামা ওবায়দুল্লাহ মুবারকপুরী (রহঃ) বলেন, إسناده صحيح 'হাদীছটির সনদ ছহীহ'।^{৩১}

ছহীহ সূত্রে প্রমাণিত এবং মুহাদিছগণের পক্ষ থেকে ছহীহ বলে সীকৃত বিভিন্ন সূত্রে বর্ণিত উক্ত হাদীছঘ্রের মাধ্যমে দিবালোকের ন্যায় প্রতীরমান হ'ল যে, ঘিতীয় খলীফা ওমর (রাঃ) রাস্ল (ছাঃ)-এর ছালাতের ন্যায় ১১ বা ৮ রাক'আতের নির্দেশ দিয়েছিলেন, এর বেশী নয়। এক্ষণে আমরা জানব, তাঁর যুগের ছাহাবীগণ কত রাক'আত ভারাবীহ পড়তেন।

(١) عَنْ محمد بن يوسَف قَالَ سَمِعْتُ السَّائِبَ بنَّ مَنْ مَحْمَد بن يوسَف قَالَ سَمِعْتُ السَّائِبَ بنَّ مَن يَزِيْدَ يَقُولُ كُنُا نَقُومُ فِي ذَمَانِ عُمَرَ بنِ الخَطَّابِ رَضِيَ اللَّهُ عَنْهُ بِإِحْدَى عَشَرَةَ رَكَعَةً...

(৬) মুহামাদ ইবনে ইউসুফ (রাঃ) বলেন, আমি সায়েব ইবনে ইয়ায়ীদ (রাঃ)-কে বলতে ওনেছি তিনি বলেন, 'আমরা ওমর (রাঃ)-এর যামানায় ১১ রাক'আত ছালাড আদায় করতাম'।^{৩২} হাদীছটির সনদ সম্পর্কে আলবানী ও আরামা জালালুদীন সুয়ুত্বী (৮৪৯-৯১১ হিঃ) বলেন, কর্মামা ভালালুদীন সুয়ুত্বী (৮৪৯-৯১১ হিঃ) বলেন, পর্যায়ভুক্ত'।^{৩৩}

(৭) উপরোক্ত হাদীছটি মুহামাদ ইবনে নাছর ভার 'বিরামুল লাইল' গ্রন্থে অন্য সনদে নিয়ে এসেছেন। যেখানে 'ঠেন আমরা ছালাত আদায় করতাম' রয়েছে। ত৪ আরামা নায়মূবী হানাফী বলেন, مالك عن محمد بن يوسف ইবনে ইউসুফ থেকে যা বর্ণনা করেছেন এ হাদীছটি তার অতীব নিকটবর্তী, অর্থাৎ ছহীহ'। ত৫ ইবনু হাজার আসকালানী বলেন, هذا موافق لحديث عائشة في আসক্লানী বলেন, مسلاة النبي صلى الله عليه وسلم من الليل ديا النبي صلى الله عليه وسلم من الليل تاباق রাস্ল (ছাঃ)-এর রাত্রির ছালাতের ব্যাপারে বর্ণিত মা আয়েশা (রাঃ)-এর হাদীছের সাথে সামঞ্জস্যপূর্ণ'। ত৬

ইবনু ইসহাক্ বলেন, و هذا أثبت ما سمعت في ذالك 'তারাবীহুর ছালাভ সম্পর্কে আমি যা ওনেছি তার মধ্যে এটিই স্বাধিক গ্রহণযোগ্য'। ৩৭

and the Control of th

আমরা এতক্ষণ আট বা এগার রাক'আতের পক্ষে রাসৃল (ছাঃ), ছাহাবায়ে কেরাম এবং তাঁদের যুগ পর্যন্ত যে হাদীছণ্ডলি পেশ করলাম তার সবগুলিই ছহীহ। যা প্রত্যেকটি হাদীছের আলোচনার রিজালশাত্রবিদগণ এবং বিশ্ববিশ্যাত মুহাদিছগণের বলিষ্ঠ উন্ডির মাধ্যমে প্রমাণসহ উপস্থাপিত হয়েছে। শার্ম আলবানী (রহঃ) ১১ বা ৮ রাক'আত সংক্রান্ত রাস্পুরাহ (ছাঃ) ও ছাহাবারে কেরামের বন্ডব্য ও আমল বিশ্লেষণ করার পর মুসলিম উন্থাহ্র জন্য সার্বক্ষণিক গালনীয় রাস্ল (ছাঃ)-এর অবিশ্বরণীয় অছিয়তপূর্ণ বন্ডব্য উদ্ধৃতি সহ বলেন,

فيهذا كله معايفهد لنا السبيل لنقول بوجوب التزام هذا العدد وعدم الزيادة عليه اتباعا لقوله حلى الله عليه اتباعا لقوله حلى الله عليه وسلم ... فإنه من يُعش منكم بعدي فسنيرى اختلاقا كثيرا فعليكم بسنتي وسئة الخلقاء الراشدين المهديين تمسكوا بها وعضوا عليها بالتواجذ و إياكم ومحدثات الأمور فإن كل محدثات الأمور فإن كل محدثات الأمور فإن كل المثار-

'উপরোক্ত সমস্ত আলোচনায় আমাদের জন্য সঠিক পথ উন্যোচিত হয়েছে। তাই আমরা অবশাই বলব যে. রাসুলুল্লাহ (ছাঃ)-এর বক্তব্যের আনুগত্য করণার্থে নির্দিষ্ট সংখ্যা (১১ রাক'আত)-কে আঁকডে ধরা এবং এর অভিরিক্ত সংখ্যা পরিত্যাগ করা ওয়াজিব। রাসূলুরাহ (ছাঃ)-এর বক্তব্য হ'লঃ '...নিকরই আমার পরে ভৌমাদের মধ্যে যে বেঁচে থাকবে সে অতিসন্তর অসংখ্য মতপার্থক্য অবলোকন করবে। সে সময় তোমাদের অপরিহার্য কর্তব্য হবে আমার সুনাত এবং অভ্রান্ত পথপ্রান্ত খুলাফায়ে রাশেদীনের সুনাতকে শক্ত করে আঁকড়ে ধরা এবং দাঁত ঘারা কামড়ে ধরা। তবে (শরী আতের মধ্যে) নতুন সৃষ্ট বিষয়সমূহ থেকে তোমরা সাবধান থাকবে। কারণ প্রত্যেক নতুন আবিষ্ণুত বন্ধুই বিদ'আত এবং প্রত্যেক বিদ'আতই পথভ্রষ্ট, আর প্রত্যৈক পথন্রষ্টই জাহান্নামী'।* আশা করি হাদীছটি শতধা বিভক্ত মুসলিম উন্মাহর জন্য ঐক্যের প্রতীক বিবেচিত হবে. হবে সঠিক পথের দিশারী। কারণ ছহীহ বর্ণনার মাধ্যমে রাসূল (ছাঃ)-এর কোন আমল প্রমাণিত হ'লে এর বিপরীত যে আমলই সমাজে প্রচলিত থাক তা বাতিল বলে গণ্য

৩১ মির'আডুল মাফাতীহ ৪/৩৩৩ পৃঃ।

७२. त्राङ्गेष हैरान मानष्ट्रम, जार्ग-त्रुनान, जाउनुम मा'वृम ४/১ १৫, श/১७१२-धम जालांग्ना छ।

७७. पाद्मामा त्रुपृष्ठी, पान-हार्वी निन कांछाउद्मा (दिक्चण्डः पान-मांकणात्रन पाइत्रिमार, ১৯৯৯/১৪১১ रिः), ১/৫৪२ ११ 'पान-मांश्रवीर की हानांछिण छातात्रीर' प्रनुत्व्वनः, मित्र'पांजून माकांछीर ८/७०७; हानांजुण छावात्रीर, ११: ८१।

७८. क्रियामून नार्टन, नृ४ ৯১।

७৫. जुश्काजून जाश्वग्रायी ७/८८७९६, श/৮०७-व्यत्र जात्नाघ्ना ।

७५. काष्ट्रमवाती ४/७১ १ नृः, श/२०५७- अत्र जारमाठना मः।

७१. शाक्क; हामाजूज जात्रातीर, नु: ८१।

^{*} हामाज्ञेज जातावीर, गृंश १८; जोरमाम, जावूमाज्ञेम, जित्रमिवी, नामाने रा/১৫१৯; मनम रामाम, जारकीय मिनकाज रा/১৪১ किजाब च मुतार्ट्र जॉक्ट्फ थता' जनुटक्म।

হবে। চাই তা কোন ইমামের বন্ধব্যের মাধ্যমে প্রমাণিত হোক, চাই কোন মনীষী, আলেম, মুজতাহিদ, ফক্বীহর বন্ধব্য কিংবা যঈফ ও জাল হাদীছ ইত্যাদির মাধ্যমে প্রমাণিত হোক সর্বাবস্থায় তা বাতিল সাব্যম্ভ হবে। ৩৮ এক্ষণে আমরা নিরপেক্ষ মন নিয়ে ২০ রাক আতের বর্ণনার অবস্থা আবলোকন করব।

মুহাদ্দিহগণের তীক্ষ দৃষ্টিতে ২০ রাক'আতের বর্ণনাঃ

বিশ (২০) রাক আত তারাবীহ সম্পর্কে যতগুলি বর্ণনা পাওয়া যায় তন্মধ্যে মাত্র একটি রাস্ল (ছাঃ) থেকে পাওয়া যায়। যা রিজালশাল্পবিদগণ ও মুহাদ্দিছগণের ঐক্যমতে যঈক এবং মওয়ু অর্থাৎ জাল। আর ছাহাবীগণের মধ্যে মাত্র একজন ছাহাবী থেকে কয়েকটি বর্ণনা পাওয়া যায়, তাও আবার প্রত্যেকটি পরস্পর বিরোধী। তাছাড়া কোনটা যঈক কোনটা জাল। আর বাকী যা বর্ণিত হয়েছে সবই কিছু কিছু তাবেঈ থেকে, যায় কোনটা মুনকার পর্যায়ের, কোনটা যঈক আবার কোনটা জাল। নিমে যথাযথ প্রমাণসহ বিভারিত আলোচনা উত্থাপন করা হ'লঃ

(١) عَنِ ابْنِ عَبَّاسِ رَضِيَ اللّهُ عَنْهُ أَنَّ رَسُولَ اللّهِ مَلَى اللّهُ عَلَيْهِ وَ سُلَمَ كَانَ يُصَلِّى فِي رَمَخسَانَ عِشْرِيْنَ رَكْعَةً وَ الْوِتْرِ-

(১) ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত, নিক্রাই রাস্পুলাহ (ছাঃ) রামাযান মাসে ২০ রাক'আত ছালাত আদায় করতেন এবং বিতর পড়তেন। ৩৯

হাদীছটির একটিই মাত্র সৃত্র যা করেকটি গ্রন্থে বর্ণিত হরেছে। ৪০ এর সনদে 'আবী শারবাহ ইবরাহীম ইবনে ওছমান' নামক রাবী ররেছে, যে রিজালশান্ত্রবিদ ও মুহাদ্দিছগণের ঐক্যতে যঈক। অনেকেই তাকে মিথ্যুকও বলেছেন। তাছাড়া এ হাদীছটি পূর্বে বর্ণিত সমস্ত ছহীহ হাদীছের সরাসরি বিরোধী। এজন্য হাদীছটি যঈক এবং জাল। যেমন-

(ক) শার্য আল্লামা নাছিকন্দীন আলবানী (রহঃ) তাঁর বিশ্ববিধ্যাত যঈফ ও জাল হাদীছের সংকলন 'সিলসিলাহ আহাদীছিব যঈকাহ ওয়াল মাওযু'আহ' গ্রন্থে হাদীছটি

७৮. यूराचाम खात्रामुद्धार जान-गानित, जारदारामी बाद्याननः उर्गिष्ठ च क्रमित्वान मिक्न विनिद्धात खिक्छ तर (छक्छत्वेष थित्रित) (त्राक्रमाद्दीः रामी इक्षण्डिल्यन तास्त्राद्यम् (स्क्रमात्रीः रामी क्राण्डिल्यन तास्त्राद्यम् (स्क्रमात्रीः रामे क्राण्डिल्यन तास्त्राद्यम् रामे विद्यान प्रदेश क्रिक्साद्याद्य क्रिताद्यम् यूगं पर्यक द्यारावाद्य क्रिताद्यम् यूगं पर्यक व त्रार्थाक ज्ञात्मक प्रदेश एक विद्यान क्रिताद्यम् । विद्यान क्रिताद्यम् अर्थात्रि विक्रमा ज्ञात्मक क्रिताद्यम् विद्यान विद्

५०. युशनाम् हैरान जारी भाग्नवाह श्र्रिक गृः, वाग्रहाकी, जुनानून क्वता हा/८७५८, श्रुक्त भाग्न श्रुक्त जारा हा/८७५८, श्रुक्त भाग्न श्रुक्त हो/८०५८, श्रुक्त भाग्न श्रुक्त हो/८०५८, श्रुक्त हो/८०, श्रुक

উদ্ধৃত করার পর বলেন, إنه موضوع 'হাদীছটি জাল'।8১

LANK MARKE AND DESIGNATION OF PART AND ARCHITECTURE OF THE

- (খ) ইমাম বারহাকী (৩৮৪-৪৫৮ হিঃ) তাঁর 'সুনানুল কুবরা' গ্রন্থ হাদীছটি বর্ণনা করার পর মন্তব্য করে বলেন, আরু শারবাহ 'আরু শারবাহ (ইবরাহীম বিন ওছমান) হাদীছটি এককভাবে বর্ণনা করেছে। সে যুক্তক রাবী'। ৪২
- (গ) হানাফী মাযহাবের সর্বশেষ্ঠ কিতাব 'হেদারা'র প্রখ্যাত তাষ্যকার আল্লামা ইবনুল হ্মাম (মৃঃ ৬৮১ হিঃ) হানাফী উক্ত হাদীছটি সম্পর্কে বলেন, ন্দ্রান্দ্র নান্দ্র বারা আরু শার্বাই ইবরাহীম ইবনে ওছ্মান উক্ত হাদীছে থাকার হাদীছটি যঈষ। তা সন্তেও ছহীহ হাদীছের বিরোধী'।
- (ঘ) উক্ত হেদায়া কিতাবের হাদীছসমূহের যাচাইকারী প্রখ্যাত হানাফী আলেম আল্লামা যায়লাঈ (মৃঃ ৭৬২ হিঃ) উক্ত হাদীছ সম্পর্কে বলেন,

وهو معلول بأبى شيبة إبراهيم ابن عثمان جد الإمام أبى بكر بن أبى شيبة وهو متفق على ضعفه ولينه ابن عدى في الكامل ثم إنه مخالف للحديث الصحيح عن أبى سلمة عبد الرحمن أنه سأل عائشة...

ইবরাহীম ইবনে গুছুমানের কারণে হাদীছটি ক্রটিপূর্ণ। সে সর্বসন্থতিক্রমে যদক। ইবনু আদী তাঁর 'কামেল' এছে এ হাদীছকে দুর্বল বলেছেন। এতদসত্ত্বেও আবু সালামাহ জিজ্ঞাসিত আয়েশা (রাঃ) বর্ণিত (৮ রাক'আতের আলোচনায় পেশকৃত প্রথম হাদীছ) ছহীহ হাদীছের সরাসরি বিরোধী'।88

(৩) জগদিখ্যাত রিজালশাত্রবিদ আল্লামা যাহাবী (রহঃ) বলেন, من مناكير أبى شيبة 'আরু শায়বাহ ছহীহ রেওয়ায়াতের বিরোধী হাদীছ বর্ণনাকারী হিসাবে মুনকার

^{85.} जामवानी, निमिनापून जाशमीहिय यक्रैकार ওয়ान माउय्'जार (तिয়ायः माक्जावापून मा'जातिक, ১৪০৮ হিঃ), হা/৫৫৯, ২/৩৫-৩৭ পঃ।

८२. वाग्रहाकी, जुनानुम कृवता हा/८७১৫. २/५৯৮ १९ ५८।

⁸७. हेरनुन हमाम, कोश्हन कामीत्र मात्राह (र्शनग्राह (भाकिखानः जान-माक्छाराजुन हार्ये[रिग्नाह, छारि), ১/৪०१ पृंह।

আল্পামা হাকেব বাইলাই, নাছবুর রায়ইরাহ (রিয়াবঃ
আল-মাকভাবাতুল ইসলামিরাহ, ১৯৭৩ পৃথ/১৩৯৩ হিঃ), ২/১৫৩ পৃঃ

'রাবী'। সবচেয়ে অনুধাবনযোগ্য হ'ল, তিনি এর দুটান্ত শেশ করতে গিয়ে আমাদের আলোচিত ২০ রাক'আতের হাদীছটি সেখানে উদ্ধৃত করেছেন। ^{৪৫} ফালিক্সাহিল হামৃদ। এর চেয়ে কি আরো স্পষ্ট কিছু হ'তে পারে!

THE RESIDENCE OF HER WAS A STATE OF THE STAT

(চ) ছহীহ বুখারীর বিশাল ভাষ্যগ্রন্থ 'উমদাতুল কারী' প্রণেতা আল্লামা বদরুদীন আয়নী (মৃঃ ৮৫৫ হিঃ) হানাফী উক্ত বাবী সম্পর্কে বলেন,

جد أبي بكراين أبي شبية كذبه شعبة وضعفه أحمد وابن معين والبخاري والنسائي وغيرهم-

'ইবনু তাবী শায়বাহকে ইমাম ভ'বাহ (রহঃ) মিথ্যুক বলেছেন এবং ইমাম আহমাদ, ইবনে মুঈন, ইমাম বুখারী, নাসাঈ (রহঃ) সহ অন্যান্যরাও তাকে যঈফ বলেছেন'।^{৪৬}

(ছ) আল্লামা মুখ্যী (রহঃ) আবু শায়বাহ ইবরাহীম ইবনে ওছমানকে মুনকার হাদীছ বর্ণনাকারী আখ্যায়িত করার পর তিনি দৃষ্টান্ত স্বরূপ ২০ রাক'আতের হাদীছটিই পেশ করেছেন। অতঃপর বলেন, قد ضعفه أحمد وابن معين والبخاري والنسائي وأبوحاتم الرازي وابن عدى وأبو داود والترمذي وقسال فسيسه منكر الحدىث-

'ইমাম আহমাদ, ইবনু মুঈন, বুখারী, নাসাঈ, আবু হাতিম तारी, टेरन जानी, जार्नार्डन এবং ভিরমিষী (রহঃ) হাদীছটিকে যঈফ বরেছেন। ইমাম ভিরমিয়ী কখনো ভাকে মুনকারও বলেছেন'। 89 ইমাম নাসাঈ অন্যত্ত এ, ক্র হাদীছের পরিত্যক্ত রাবী' বলেছেন। ৪৮

- (জ) ইবনু হাজার আসক্বালানী বলেন, إسناده ضعيف 'এই হাদীছের সনদ **যঈফ'।^{৪৯} অন্যত্র উক্ত** রাবী সম্পর্কে বলেন, متروك العديث 'হাদীছের পরিত্যক্ত রাবী'। ৫০
- (ঝ) আল্লামা জালালুদীন সুযুত্বী বলেন, هذا الحديث आंगि शायना क्त्रिहि (य, ضعيف جداً لاتقوم به حجة হাদীছটি অত্যন্ত যঈক: এর দ্বারা কখনো দলীল সাব্যন্ত হবে

ना' ।৫১

(ঞ) আহমাদ ইবনে হাজার আল-হায়ছুমী (রহঃ) বলেন, ंशनीइिंग अछास यनेकः। ﴿ إِنَّهُ شَدِيدِ الضَّعَفَ

সন্মানিত পাঠক! রাসুল (ছাঃ)-এর উদ্ধৃতি দিয়ে বর্ণিত ২০ वाक'जारु जावावीद्व हामीह मन्नर्टे विकाननाद्वविम्, মহাদ্দিছ ও জগবিখ্যাত উলামায়ে কেরামের বলিষ্ঠ উক্তি সমূহ আপনাদের সামনে উপস্থাপন করা হ'ল, যাদের অধিকাংশই হানাফী আলেম। তবে বৎসামান্যই পেশ করা হ'ল। এরপ উক্তি অনেক আছে যা এখানে বর্ণনা করা সম্ভব नम्र।^{৫৩} তাতে निःमरहारा এবং निःमरम्बर वना याम्र यः. এটি একটি মিখ্যা, জাল ও বানাওয়াট হাদীছ। অভএব প্রমাণিত হ'ল যে, রাসূল (ছাঃ) থেকে ২০ রাক'আত ভারাবীহুর কোন বিভদ্ধ বর্ণনা পৃথিবীতে নেই। যেমন আল্লামা জালালুদ্দীন সুযুত্বী (রহঃ) ২০ রাক আতের হাদীছকে দলীলের অযোগ্য ঘাষণা করার পর বলেন, فالماصل أن العشرين ركعة لم تثبت من فعله भूछताः क्षत्रां व مىلى الله عليه وسلم 'সুछताः क्षत्रां रंग (২০) রাক'আত তারাবীহ রাসূল (ছাঃ) থেকে সাব্যন্ত হয়নি'। তিনি আরো বলেন, রাসুল (ছাঃ) তাঁর জীবদশায় কোন দিনই ২০ বাক আভ ভারাবীহ পড়েননি। কারণ ভিনি কোন আমল করলে নিয়মিত করতেন। সূতরাং ं जिन यि जीवत । العشرين ولو مرة لم يتركها أبداً একবারও ২০ রাক'আভ পড়তেন ভাহ'লে কখনো ভা বর্জন করতেন না'।^{৫8}

অতএৰ বাসুল (ছাঃ) তারাবীহুর ছালতে যে আট বা এগার রাক'আতই পড়েছেন এতে আর কোনরূপ সন্দেহ থাকণ না। মুসলিম উন্মাহ প্রফুল্লচিত্তে রাস্ল (ছাঃ)-এর রেখে যাওয়া সূন্রাত গ্রহণ করলে তো।

২০ রাক'আতের পক্ষে মাত্র একজন ছাহাবীর মিখ্যা ও বিভ্রান্তিকর বর্ণনাঃ

বিশ রাক'আতের পক্ষে রাসৃল (ছাঃ) থেকে মাত্র একটি সূত্রে বর্ণিত ওধুমাত্র একটি হাদীছ যেমন মিখ্যা, বানাওয়াট, জাল, যঈফ ও মুনকার প্রমাণিত হ'ল, তেমনি মাত্র একজন ছাহাবী থেকে কয়েকটি বর্ণনা পাওয়া যায়, যা পরন্পর বিরোধী হওয়ায় 'মুযতারাব', ছহীহ হাদীছের সম্পূর্ণ মুখালেফ হওয়ায় 'মূনকার'। সর্বোপরি সনদগত অনেক ক্রটি-বিচ্চতি থাকায় কোনটা যঈফ, কোনটা জাল।

८৮. श्रीयानुन ३'एउमान, ১/৪৭ পৃঃ।

⁸৫. शीयानून रे राजपान ५/८१-८৮ भू:, ताबी नर ५८৫। ८७. जाल्लामा वपक्रमीन जान-जारेनी, উपपाजूनुकाती नातर स्रीटिन वृथाती (शाकिखानः जान-माकर्णावाजुत त्रेनीमिग्नार, ১৪०५ दिः).

^{35/32}৮ पृश । 89. जान-रारी मिन् काणाख्या अ/८७৮ पृश्व 'जान-माहारीट की ছালাতিত ভারাবীহ' অংশ।

८৯. काष्ट्रम्याती ८/७১৯ পृঃ, र्रा/२०১७-धन्न जात्माघना पृष्ठ । ৫०. रेतून राखान जामकामानी, जाक्नीतृष्ठ जास्मीव (भिन्निताः माक्नत त्रणीम, ১৯৮৮/১৪०৮ हिश्र), भुर ४२, ब्रावी नर-२५०।

৫১. जान-हारी निन काठाखग्ना, ১/৫৩৭ পৃঃ।

৫২. हेरमू राजात जान-राष्ट्रभी, जान-फाजाउग्राउन कृरता, ১/১৯৫ **९**४; हामाजूङ **जातातीर, १**४ २०।

৫৩. यीयानून ই'रङमान ১/৪२ भृः; हानाकुछ जात्रावीर, भृः ১৯-২১।

৫৪. जान-हारी निम का९७ग्ना, ऽे/৫७५-७२ गुः प्रः।

উল্লেখ্য, ছহীহ ও শক্তিশালী সনদে বর্ণিত হাদীছের বিপরীত বর্ণনাকে 'মুনকার' বলে^{৫৫} এবং কোন বিষয়ে একই রাবী কর্তৃক বিভিন্ন সনদে বর্ণিত হাদীছ পরন্পার বিরোধী হ'ল তাকে 'মুযত্বারাব' বলে।^{৫৬} নিম্নে আমাদের আলোচিত বিষয় থেকেই এর উদাহরণ উপলব্ধি করব।

(٢) عن السائب بن يزيد قال كَانُواْ يَقُومُونَ عَلَى عَهْد عُمَرَبْنِ الْخَطَّابِ رَضِيَّ اللَّهُ عَنْهُ فِي شَهْرِ رَمَصَانَ بِعِشْرِيْنَ رَكْعَةً...

(২) সারেব ইবনে ইয়াযীদ (রাঃ) হ'তে বর্ণিড, তিনি বলেন, ওমর (রাঃ)-এর যামানার রামাযান মাদে লোকেরা (রাত্রিতে) ২০ রাক'আত ছালাত আদায় করত। এটি তথুমাত্র বায়হাঝ্বীতে বর্ণিত হয়েছে।^{৫ ৭} এটি তিনটি দোষে দুষ্ট।

প্রথমতঃ এ বর্ণনা জাল বা মিখ্যা। এর সনদে আবু আবদুরাহ ইবনে ফানজুবী আদ-দার্যন্রী নামক রাবী আছে। বার কোন পরিচয় পাওয়া বায় না। রিজালপাত্রে এর কোন অন্তিত্ব নেই। এজন্য শায়৺ আবদুর রহমান মুবারকপুরী (রহঃ) বলেন, الم أقف على ترجمته 'আমি তার জীবনী সম্পর্কে অবগত হ'তে পারিনি'। বিদ্যুতরাং যার কোন পরিচয়ই নেই তার বর্ণনা কিভাবে গ্রহণীয় হ'তে পারে? মুহাদিছগণের নিকটে এরপ বর্ণনা জাল বলে পরিচিত।

দ্বিতীয়তঃ এটি কখনও 'মুযত্বারাব' পর্যায়ের। এই বর্ণনায় বিশ রাক'আতের বর্ণনা এসেছে। কিন্তু অন্য বর্ণনায় আবার ২১ রাক'আতের কথা বর্ণিত হয়েছে। তাই শায়খ আলবানী বলেন, এটি 'মুযত্বারাব' পর্যায়ের হওয়ায় পরিত্যাক্তা।

ভূতীয়তঃ উক্ত ইয়াষীদ ইবনে খুছায়ফাহ একজন মুনকার রাবী। সে ছহীহ হাদীছের বিরোধী হাদীছ বর্ণনাকারী। ইমাম আহমাদ বিন হাম্বল (রহঃ) এজন্য একে মুনকার বলেছেন এবং আল্লামা যাহাবী ও ইবনু হাজার আসক্বালানী তা সমর্থন করে স্ব স্ব কিতাবে উদ্ধৃত করেছেন। ৬০ তাছাড়া সে যে মুনকার রাবী তার প্রমাণ হ'ল, সায়েব ইবনে ইয়াযীদ থেকে সে এখানে ২০ রাক'আতের কথা বর্ণনা করছে অথচ আমরা ৮ রাক'আতের আলোচনায় সায়েব ইবনে ইয়াযীদ থেকে মোট ৪টি হাদীছ (৪-৭) উল্লেখ করেছি, যার স্বত্পনিই ছহীহ। সুত্রাং সর্বসম্বতিক্রমে এ বর্ণনা প্রত্যাখ্যাত।

উল্লেখ্য যে, 'উমদাতৃল ক্বারী' প্রণেতা আল্লামা আইনী বারহাকীর উদ্ধৃতি দিয়ে উক্ত জাল বর্ণনার শেষে সংযোজন করেছেন وعلى مثل এর এরপভাবে (২০ রাক'আত) পড়া হ'ত'। ৬১ অথচ বারহাকীর কোন গ্রছেই উক্ত বাড়তি ইবারতটুকু নেই। যেমন আল্লামা নারম্বী হানাফী (রহঃ) তার 'তা'লীকু আছারিস সুনান' গ্রছে বলেন, ভত্তি কর্তা করেছের পক্ষ থেকে সন্নিবেশিত; বারহাকীর গ্রছসমূহে পাওরা যার না'। ৬২ অতএব এরপ উদ্ভট কথা প্রচার করা প্রতারণার শামিল।

(٣) عن السائب بن يزيد قال كُتًا نَقُومُ فِي زَمَانِ عُمَرَبُنِ الْخَطَّابِ بِعِشْرِيْنَ رَكْعَةً وَ الْوِتْرَ-

(৩) সায়েব ইবনে ইয়াযীদ (রাঃ) বলেন, ওমর (রাঃ)-এর যামানায় আমরা ২০ রাক'আত ছালাত আদায় করতাম এবং বিতর পড়তাম। বর্ণনাটি তথুমাত্র ইমাম বায়হাঝ্বীর 'আল-মা'রেকাহ' নামক গ্রন্থে এসেছে।

পূর্বের আছারটির ন্যায় এটিও ক্রাটিপূর্ণ এবং মুনকার। এর সনদে দু'জন অপরিচিত রাবী আছে। আবু ওছমান আল-বাছরী যার আসল নাম আমর ইবনে আবদুরাহ। অপরজন আবু তাহের। আবু ওছমান আল-বাছরী সম্পর্কে আরামা নায়ম্বী হানাফী বলেন, لم أقف على من 'কেউ তার জীবনী সম্পর্কে আলোচনা করেছে মর্মে আমি অবগত নই'। ৬৪ আবদুর রহমান মুবারকপুরী বলেন, لم أقف أنا أيضا على ترجمت من الكثير لم أقف أنا أيضا على ترجمت من الكثير الكثير الكثير আমুসন্ধান চালিয়েও উদ্ধার করতে ব্যর্থ হয়েছি'। ছিতীয় রাবী 'আবু তাহের' সম্পর্কেও তিনি একই মন্তব্য করেন। ৬৫ তাছাড়া একই রাবী কর্তৃক একই বর্ণনা যা ছহীহ সনদে এসেছে (৬নং) তার সরাসরি বিরোধী। যেখানে ৮

৫৫. আহমাদ মুহাশ্বাদ শাকির, আল-বায়েছুল হাছীছ, মৃলঃ হাফেয ইবনে কাছীর, ইখডেছারু উলুমিল হাদীছ (বরুজঃ ১৪০৮ ছিঃ), गृঃ ৪৮।

৫৬. जिक्किमीन देवनृष्ट हामाद, युकामाभाद देवनृष्ट हामाद (देवन्नण्डः मान्नण कुपून जाम-देनिमग्राद, ১৯৭৮/১৩৯৮ दिश), शृश 88-8৫; जाम-वारमञ्जून हाहीष्ट शृश ৫२।

৫२. राष्ट्रशाकी, जुनानून क्रवेता श/८७১२, २/५५৮ १९।

৫৮. ज्रुकाजून जारुखग्रायी, ७/८८२ १९।

८४. शमापुष जात्रावीर, १३ ९०-९५ ।

७०. रेवन् राष्ट्रात्र जाञ्चेलानी, जाश्यीवृज जाश्यीव, जाश्कीक छ जा नीवृः प्रकाशा जावमून द्वारमत जाजा (माक्रम कृज्य जाम-रेनियत्रार, ১৯৯৪/১৪১৫ रिः), ১১/২৯৬ পৃः, यीयानून रॅ'एजमान ८/८७० भृः।

७১. উमनाजून काती १/১৭৮ १९, 'छाराब्बन' प्रथाात्र ।

७२. मित्र पोष्ट्रमे माकाठीव ४/५०० ११, रा/১७১०-धत पालाहमा मः।

७७. थावड, ८/७७३ ११।

७८. তुरुराष्ट्रम जारअग्रायी ७/८८७ नः, भिन्न जाष्ट्रम माकाजीर, ८/५०० नः।

७৫. जूररगजून जारखग्रायी ७/८८७ नृह।

রাক আত তারাবীহুর কথা বলা হয়েছে। সূতরাং এ বর্ণনা যুনকার।

(٤) عن السائب بن يزيد أنَّ عُمَرَ جَمَعَ النَّاسَ في رُمَ خِسَانَ عَلَى أَبَى بِنِ كَيعْبِ وَ عَلَى تَعِيمُ الدَّارِءِ صلَى إحدى وعشرين ركعة -

(৪) সায়েব ইবনে ইয়াযীদ (রাঃ) থেকে বর্ণিত, ওমর (রাঃ) উবাই ইবনে কা'ব ও তামীম আদ-দারীর দায়িতে লোকদেরকে একত্রিত করেছিলেন রামাযান মাসে একুশ (২১) রাক'আত ছালাত আদায় করানোর জন্য। এ ওধু মুছান্লাফ আবদুর রায্যাকে বর্ণিত হয়েছে।^{৬৬}

এ বর্ণনা সম্পূর্ণরূপে মুনকার। আবদুর রাযযাক এককভাবে এটি বর্ণনা করেছেন। শায়খ আবদুর রহমান মুবারকপুরী فإنه قد انفرد بإخراج هذا الأثر بهذا اللفظ ,वालन আছারটি তিনি এই শব্দে ولم يضرجه به أحد غيره এককভাবে বর্ণনা করেছেন। এ ছাড়া আর কেউই এরপভাবে বর্ণনা করেননি'।^{৬৭} এর কারণ হ'ল তিনি শেষ **जीवत्न जन्न इत्य याध्याय वर्गनाश्चल এलात्मला इत्य** গেছে। যেমন ইবনু হাজার আসক্বালানী বলেন, عمى في िन त्यं مره فتغير 'ठिनि त्यं तग्रत्म जक रता গিয়েছিলেন ফলে বর্ণনাগুলি মিশ্রিত হয়ে গেছে'।^{৬৬} এছাড়া এর সম্পূর্ণ সনদ নেই, মাঝে রাবী বাদ পড়ে গেছে। সর্বোপরি হবছ এই শব্দে ছহীহ সনদে বর্ণিত (৫নং) হাদীছের সম্পূর্ণ বিরোধী। যেখানে ১১ বা ৮ রাক'আতের কথা বলা হয়েছে ।^{৬৯}

(٥) عن السائب بن يزيد قَالَ كُنَّا نَنْصَرفُ منَ الْقَيَامَ عَلَى عَهْدَ عُمَرَ وَ قَدْ دَنَا فُرُوعُ الْفَجْرِ وَ كَانَ الْقَيَامُ عَلَى عَهْد عُمْرَ ثَلاَثَةً وعُشْريْنَ رَكْعَةً-

(৫) সায়েব বিন ইয়াযীদ (রাঃ) হ'তে বর্ণিত, তিনি বলেন, ওমর (রাঃ)-এর যামানায় রামাযানের রাত্রের ছালাত থেকে সাহারী খাওয়ার সময় বাড়ীতে ফিরে আসতাম। আর সে সময় এ ছালাত ছিল ২৩ রাক'আত। তথু মুছান্লাফ আবদুর রায্যাক এককভাবে এটি বর্ণনা করেছেন। ^{৭০}

আছারটি যঈফ ও মুনকার। উক্ত আছারে আবু যুবাব নামে একজন মূনকার রাবী আছে। আবু হাতেম তাঁর

'আল-জারহ ওয়াত তা'দীল' গ্রন্থে আবু যুবাব সম্পর্কে يروى عنه الدراوردي أحاديثا منكرة ليس ,वानन, া দারাওয়ারদী তার থেকে প্রচুর মুনকার হাদীছ বর্ণনা করেছে; তার স্থৃতিশক্তি অত্যন্ত দুর্বল ছিল'।^{৭১} ইবনু হাযম जानामुत्री (७৮৪-৪৫৬ হিঃ/৯৯৪-১০৬৩ খঃ) বলেন, معدف 'সে यঈक রাবী'। ٩২ ইমাম মালেক (রহঃ) তার থেকে কোন হাদীছ গ্রহণ করেননি। ^{৭৩} এজন্য শায়খ আলবানী বলেন, थत जनम যঈক'। ⁹⁸ তাছাড়া পূর্বে আলোচিত (৪নং) ছহীহ হাদীছের সম্পূর্ণ বিরোধী এবং এ বিষয়ে আলোচিত সকল ছহীহ হাদী**ছেরও** বিরোধী।

জ্ঞাতব্যঃ এতক্ষণ আমরা একই ছাহাবী সায়েব ইবনে ইয়াযীদ থেকে মোট ৪টি বর্ণনা উপস্থাপন করলাম। যার সবত্তলিই এককভাবে বর্ণিত, কোনটিরই ভিনু সূত্র নেই। এগুলি প্রত্যেকটিই পরম্পর বিরোধী। যেমন- কোনটা কোনটা ২০/২১ আবার কোনটায় ২৩ রাক'আত বর্ণিত হরেছে। যা মুহাদিছগণের নিকট 'মুযত্মরাব' সাব্যস্ত হওয়ায় সর্বসম্বতিক্রমে বর্জনযোগ্য।

অনুধাবনযোগ্য হ'ল, সায়েব ইবনে ইয়াযীদ (রাঃ) থেকে ৮ বা ১১ রাক'আতের আলোচনার আমরা যে চারটি হাদীছ উল্লেখ করেছি তার সবগুলিতেই ১১ ব্লাক'আতের কথা বলা হয়েছে। অথচ বর্ণনাত্তলি একাধিক সূত্রে বিভিন্ন হাদীছ গ্রন্থে वर्षिण श्राहा । कानिलाशिन श्राम । यूनणः श्रक मर्वमाय এরপভাবেই বাতিল থেকে পৃথক থাকে। ওধু প্রয়োজন সত্যানুসন্ধিৎসু নিরপেক্ষ হৃদয়।

[চলবে]

৭১. তাহযীবৃত ভাহযীব ১/১৩৬ পৃঃ।

१२. शीयानुन है राजमान ১/८७१ नेह।

१७. जारबीवृत्र जारबीव ১/১७७ 98। **98. श्रमाञ्चल जात्रारीर, 98 ৫২** i

७७. यूष्टानारु पार्वमृत्र त्राययाक श/११७०, ८/२७० 9३।

७२. তुरकाजून আरु७ग्रायी ७/८८७ १९. हा/৮०८-जेत आमाजन দुः । ७৮. रेरन् राजात जामकानानी, रानिष्ठम मात्री यूकाकायार कारकनवाती (दिक्षण्डः माकन कूजूर यान-रैनियसार, ১৯৮৯/১৪১० दिश), पृश ৫৮৮; তাকরীতুত তাহযীব, পৃঃ ৩৫৪-এর টীকাসহ দ্রঃ।

৬৯. ছালাতুত তারাবীহ, পৃঃ ৪৮।

१०. जान-प्रश्नाय श/१२७७, ८/२७১ भुः।

વમ, વત્ર માનિ હહ્જાત GICAI(ICA) CARCES - CARTINGS Gerein July Solis, which wife, we consult the Sole of Soliday, the Soliday for a Soliday was rente al la restate de la commencia de la commencia de la companya de la companya de la companya de la company

শবেবরাত

আত-তাহরীক ডেঙ্ক

আরবী শা'বান মাসের ১৪ তারিব দিবাগত রাতকে সাধারণভাবে 'শবেবরাড' বা 'লায়লাভূল বারাআত' اليله) البراءة) বলা হয়। 'শবেবরাড' শব্দটি ফারসী। এর অর্থ হিসুসা বা নির্দেশ পাওয়ার রাত্রি। বিতীয় শব্দটি আরবী। যার অর্থ বিচ্ছেদ বা মুক্তির রাত্রি। এদেশে শবেবরাত 'সৌভাগ্য রজনী' হিসাবেই পালিত হয়। এজন্য সরকারী ছুটি খোবিত হয়। লোকেরা ধারণা করে যে. এ রাডে বান্দাহর গুনাহ মাফ হয়। আয়ু ও রুষী বৃদ্ধি করা হয়। সারা বছরের হায়াভ-মউভেরও ভাগ্যের রেজিষ্টার লিখিত হয়। এই রাতে রহুতলো সব আত্মীয়-স্বজনের সাথ মূলাকাডের জন্য পৃথিবীতে নেমে আসে। বিশেষ করে বিধবারা মনে করেন যে, ভাদের স্বামীদের রহ ঐ রাতে ঘরে ফেরে। এজন্য ঘরের মধ্যে আলো জেলে বিধবাগণ সারা রাভ মৃত স্বামীর রহের আগমনের আশায় বুক বেঁখে বসে থাকেন। বাসগৃহ ধুপ-ধুনা, আগরবাতি, মোমবাতি ইভ্যাদি দিয়ে আলোকিত করা হয়। অগপিত বাৰ জালিয়ে আলোকসজ্জা করা হয়। এজন্য সরকারী পুরুষারও ঘোষণা করা হয়। আত্মীররা সব দলে দলে গোরস্থানে ছুটে বার। হালুয়া-রুটির হিডিক পড়ে যায়। ছেলেরা পটকা ফাটিয়ে আতশবাজি করে হৈ-হল্লোডে রাত কাটিয়ে দেয়। যারা কৰনো ছালাতে অভ্যন্ত নয়, তারাও ঐ রাতে মসজিদে शिस्त 'हानाएं जान्कियार' (الصلاة الألفية) वा ১०० রাক'আত ছালাত আদায়ে রত হয়, যেখানে প্রতি রাক'লাতে ১০ বার করে সুরায়ে ইখলাছ পড়া হয়। সংক্ষেপে এই হ'ল এদেশে শবেৰরাতের নামে প্রচলিত ইসলামী পর্বের বাস্তব চিত্র।

ধর্মীর ভিত্তিঃ মোটামুটি দুটি ধর্মীর আত্মীদাই এর ভিত্তি হিসাবে কাজ করে থাকে। ১- ঐ রাতে বালাহুর গুনাহ মাফ হয়। আলামী এক বছরের জন্য ভালমন ভাক্দীর নির্বারিত হয় এবং এই রাজে কুরুজান নাবিল হয়। ২- ঐ রাজে রুরজান নাবিল হয়। ২- ঐ রাজে রুরজান ভালার হয়। মোমবাভি, আগরবাভি, পটকা ও আভলবাজি হয়তো বা আত্মাগুলিকে সাদর অভ্যর্জনা জানাবার জন্য করা হয়। হালুয়া-কটি সম্পর্কে বলা হয়ে থাকে হে, ঐদিন আল্লাহ্র নবী (ছাঃ) -এর দাদান মুবারক ওহোদের যুদ্ধে শহীদ হয়েছিল। ব্যথার জন্য তিনি নরম খাদ্য হিসাবে হালুয়া-কটি খেরেছিলেন বিধার আমাদেরও সেই ব্যথায় সমবেদনা প্রকাশ করার জন্য হালুয়া-কটি খেতে হয়। অথচ ওহোদের যুদ্ধ হয়েছিল ওর হিজরীর শাওয়াল মাসের ১১ তারিখ শনিবার সকাল বেলায়।

আর আমরা ব্যথা অনুভব করছি তার প্রায় দু'মাস পূর্বে

শা বানের ১৪ তারিখ দিবাগত রাত্রে...! এক্ষণে আমরা উপরোক্ত বিষয়গুলির ধর্মীয় তিত্তি কডটুকু তা খুঁজে দেখব। প্রথমটির সপক্ষে যে সব আয়াত ও হাদীছ পেশ করা হয়, তা নিমন্ত্রপঃ ১- সুরায়ে দুখান -এর ৩ ও ৪ নং আয়াত-

THE PARTY NAMED ASSESSMENT OF YOUR PARTY WAS ABOUT THE PARTY.

إِنَّا اَنْزَلْنَاهُ فِي لَيْلَةً مُبْارَكَةً إِنَّا كُنَّا مُنْذِرِيْنَ - فَيْهَا يُفْرَقُ كُلُّ اَمْرِحَكِيْم -

অর্থঃ (৩) আমরা তো ইহা অবতীর্ণ করিয়াছি এক মুবারক রজনীতে: আমরা তো সতর্ককারী (৪) এই রজনীতে প্রত্যেক গুরুত্বপূর্ণ বিষয় স্থিরীকৃত হয়'। হাফেয ইবনে কাছীর (৭০১-৭৭৪ হিঃ) সীয় তাঞ্চসীরে বলেন, 'এখানে মুবারক রজনী অর্থ লায়লাতুল কুদর'। যেমন সূরায়ে কুদর إنًا اَنْزَلْنَاهُ فِي لَيْلَةِ الْقَسْدُرِ - - अभ वाहार वाहार वाहार অর্থঃ 'নিশ্যুই আমরা ইহা নাষিল করেছি কুদরের রাত্রিতে'। আর সেটি হ'ল রামাযান মাসে। যেমন সূরায়ে বাঝারাহর ১৮৫ নং আয়াতে আল্লাহ বলেন- 🕰 🚓 রামাযান মাস যার মধ্যে কুরআন অবতীর্ণ হয়েছে'। এব্দণে ঐ রাত্রিকে মধ্য শা'বান বা শবেৰরাভ বলে ইকরিমা প্রমূখ হ'তে যে কথা কলা হয়ে থাকে, তা সঙ্গত কারণেই অগ্রহণযোগ্য। এই রাতে এক শাবান হ'তে আরেক শাবান পर्यन्त वामात्र क्रयी, विदय-भाषी, अन्य-मृञ्यू देण्यानि निशिवक द्य वर्ग य दानीई श्रातिक जारह, जो 'मूत्रजान' ७ यत्रैक এবং কুরআন ও ছহীহু হাদীছ সমূহের বিরোধী হওয়ার কারণে অগ্রহণযোগ্য। তিনি বলেন, কুদর রজনীতেই শওহে মাহকুয়ে সংরক্ষিত ভাগ্যলিপি হ'তে পৃথক করে আগামী এक वहरतन निर्मिगवणी ज्या मृजूा, तिरिक ও जन्माना ঘটনাবলী যা সংঘটিত হবৈ, সেওলি লেখক ফেরেশভাগণের নিকটে প্রদান করা হয়। এরপভাবেই বর্ণিত হয়েছে হযরত আবদুল্লাহ বিন ওমর, মুজাহিদ, আবু মালिक, याद्दाक श्रमुच जानात्क ছाल्क्शित्नत्र निक्ट र एउ'। অভঃপর 'তাকুদীর' সম্পর্কে পবিত্র কুরআনের **ভ**র্থহীন বক্তব্য হ'ল-

اَ كُلُّ شَیْءٍ فَعَلُوهُ فِی الزَّبُرِ - وَكُلُّ صَغِیْرٍ وَكَبِیْرٍ وَكَبِیْرٍ مُسْتَطِّرٌ -

অর্থঃ 'উহাদিগের সমন্ত কার্যকলাপ আছে আমলনামার, আছে ক্ষুদ্র ও বৃহৎ সমন্ত কিছুই লিপিবন্ধ। রাস্কুরাহ (ছাঃ) এরশাদ করেন-

عن عبد الله بن عمرو قال قال رسول الله صلى الله على الله علي الله عليه وسلم كُتُبُ اللهُ مُقاديرُ الفَلائرُقِ قبلُ أن

يَخْلُقُ السماوات والارضُ بخمسينُ ألف سنَّة ...

অর্থঃ 'আসমান সমূহ ও যমীন সৃষ্টির পঞ্চাশ হাষার বংসর পূর্বেই আল্লাহ তা আলা বীয় মাখলুকাতের তাক্ষীর লিখেরে বেছেন। হযরত আরু হরায়রাহ (রাঃ)-কে রাস্লুলাহ (হাঃ) বলেন, 'তোমার ভাগ্যে বা আছে তা ঘটবে; এবিষয়ে কলম তকিয়ে গেছে' (পুনরায় তাক্ষীর লিখিত হবেনা)। এক্ষণে শবেবরাতে প্রতিবছর ভাগ্য লিপিবদ্ধ হয় বলে যে ধারণা প্রচলিত আছে, তার কোন ছহীহ ভিত্তি নেই। বরং 'লায়লাতুল বারাআত' বা ভাগ্যরজনী নামটিই সম্পূর্ণ বানোয়াট ও উদ্দেশ্য প্রণোদিত। ইসলামী শরী'আতে এই নামের কোন অন্তিত্ব শুঁজে পাওরা যায় না।

বাকী রইল এই রাতে তনাহ মাক হওরার বিষয়। সেজন্য দিনে ছিয়াম পালন ও রাতে এবাদত করতে হয়। অন্ততঃ ১০০ শত রাক'আত ছালাত আদায় করতে হয়। প্রতি রাক'আতে সূরায়ে ক্লাতিহা ও ১০ বার করে সূরায়ে 'কুল হওরাল্লা-হ আহাদ' শড়তে হয়। এই ছালাতটি গোসল করে আদার করলে গোসলের প্রতি কোঁটা পানিতে ৭০০ শত রাক'আত নকল হালাতের হওরাব পাওয়া বার ইত্যাদি।

এসম্পর্কে প্রশান যে ভিনটি দলীল পেশ করা হরে থাকে, তা নিমরপঃ

১- হ্যরত আলী (রাঃ) হ'তে বর্ণিত রাস্পুরাহ (হাঃ) এরশাদ করেন-

إذا كانت ليلة النصف من شعبان فقوموا ليلها وصوموا نهارها الغ

অর্থঃ 'মধ্য শা'বান এলে তোমরা রাত্রিতে ইবাদত কর ও দিনে ছিয়াম পালন কর। কেননা আল্লাহ পাক ঐদিন স্থান্তের পরে দ্নিয়ার আসমানে নেমে আসেন ও বলেন, আছ কি কেউ ক্ষমা প্রার্থনাকারী আমি তাকে ক্ষমা করে দেব; আছ কি কেউ ব্লখী প্রার্থী আমি তাকে ক্ষমী দেব। আছ কি কোন রোগী আমি তাকে আরোগ্য দান করব'।

এই হাদীছটির সনদে 'ইবনু আবী সাব্রাহ' নামে একজন রাবী আছেন, বিনি হাদীছ জালকারী। সে কারণে হাদীছটি মুহাদেছীনের নিকটে 'বঈফ'।

ষিতীয়তঃ হাদীছটি ছহীহ হাদীছের বিরোধী হওয়ায়
অগ্রহণযোগ্য। কেননা একই মর্মে প্রসিদ্ধ 'হাদীছে নুবৃদ'
ইবন মাজাহর ৯৮ পৃষ্ঠায় মা আয়েশা (রাঃ) হ'তে
(হা/১৩৬৬) এবং বৃধারী শরীক্ষের (মীরাট ছাপা ১৩২৮
হিঃ) ১৫৩, ৯৩৬ ও ১১৯৬ পৃষ্ঠায় এবং 'কুডুবে সিন্তাহ' সহ
অন্যান্য হাদীছ গ্রন্থে সর্বমোট ৩০ জন ছাহাবী কর্তৃক বর্ণিত
হয়েছে। সেখালে 'মধ্য শা'বান' না বলে 'প্রতি রাত্রির শেষ
তৃতীয়াংশ' বলা হয়েছে। জতএব ছহীহ হাদীছ সমূহের
বর্ণনানুযায়ী আল্লাহপাক প্রতি রাত্রির তৃতীয় প্রহরে নিম্ন
আকাশে অবতরণ করে বান্ধাকে ক্ষারের সময় পর্বন্ধ

উপরোক্ত আহ্বান করে থাকেন- তথুমাত্র নির্দিষ্টভাবে মধ্য শাবানের একটি রাত্রিতে নয়।

২- মা আরেশা (রাঃ) হ'তে বর্ণিত রাসূলুরাহ (ছাঃ) একদা রাত্রিতে একাকী মদীনার 'বাকী' গোরছানে গিরেছিলেন। সেখানে তিনি এক পর্যারে আরেশাকে লক্ষ্য করে বলেন, মধ্য শা'বানের দিবাগত রাতে আরাহ দুনিয়ার আসমানে নেমে আসেন এবং 'কল্ব' গোত্রের ছাগল সমূহের লোম সংখ্যার চাইতে অধিক সংখ্যক লোককে মাফ করে থাকেন'। এই হাদীছটিতে 'হাজাজ বিন আরত্বাত' নামক একজন রাবী আছেন, যার সনদ 'মূনক্বাত্বা' হওরার কারণে ইষাম বৃখারী গ্রমূখ মুহাজিছগণ হাদীছটিকে 'বঈফ' বলেছেন।

প্রকাশ থাকে যে, 'নিছফে শা'বান'-এর ফ্যীলত সম্পর্কে রাস্পুরাহ (ছাঃ) হ'তে কোন ছহীহ মরফু হাদীছ নেই।

৩- ইমরান বিন হছাইন (রাঃ) বলেন যে, একদা রাস্মুদ্রাহ (ছাঃ) জনৈক ব্যক্তিকে বলেন বে, ভূমি কি 'সিরারে শা'বানের' ছিরাম রেখেছা লোকটি বললেন 'না'। আরাহ্র নবী (ছাঃ) তাকে রামাযানের পরে ছিরাম দু'টির ভাষা আলার করতে বল্লেন।'

জমহর বিধানগণের মতে 'সিরার' অর্থ মাসের শেষ। উক্ ব্যক্তি শা'বানের শেষাবধি নির্ধারিত ছিরাম পালনে অভ্যন্ত ছিলেন অথবা ঐটা ভার মানভের ছিরাম ছিল। রামাবানের সঙ্গে মিশিয়ে ফেলার নিষেধাজ্ঞা লংঘনের ভয়ে তিনি শা'বানের লেষের ছিরাম দু'টি বাদ দেন। সেকারণ রাস্লুন্থাহ (ছাঃ) ভাকে ঐ ছিরামের ক্বাবা আদায় করতে বলেন। বুঝা গেল যে, এই হাদীছটির সঙ্গে প্রচলিত শবেবরাভের কোন সম্পর্ক নেই।

শবেবরাতের হালাভঃ

এই রাত্রির ১০০ শত রাক'আত ছালাত সম্পর্কে যে হাদীছ বলা হয়ে থাকে তা 'মওয়ু' বা জাল। এই ছালাত ৪৪৮ হিজ্মীতে সর্বপ্রথম বায়তুল মুকান্দাস মসজিদে আবিষ্ঠত হয়। যেমন মিশকাত শরীফের খ্যাতনামা আরবী ভাষ্যকার মোরা আলী কারী হানাকী (মৃঃ ১০১৪ হিঃ) الكولي কেতাবের বরাতে বলেন, 'জুম'আ ও ঈদায়নের ছালাতের চেয়ে শুরুত্ব দিয়ে 'ছালাভে আলুফিয়াহ' নামে এই রাভে যে ছালাত আদায় করা হয় এবং এর সপক্ষে যেসব হাদীছ ও আছার বলা হয়, ভার সবই বানোয়াট ও মধ্ব অথবা যঈষ। এই বিদ'আত ৪৪৮ হিজরীতে সর্বপ্রথম জেরুবালেমের বারতুল মুঝুদাস মসজিদে প্রবর্তিত হয়। মসজিদের মূর্ব ইমামগণ অন্যান্য ছালাতের সঙ্গে যুক্ত করে এই ছালাত চালু করেন। এর মাধ্যমে ভারা জনসাধারণকে একত্রিত করার এবং মাতব্বরী করা ও পেট পূর্তি করার একটা কন্দি এটেছিল মাত্র। এই বিদ'আতী ছালাতের ব্যাপক জনপ্রিয়তা দেখে নেক্কার-পরহেষগার ব্যক্তিগণ আল্রাহর গববে যমীন ধ্বসে যাওয়ার ভয়ে শহর ছেড়ে

জঙ্গলে পালিয়ে গিয়েছিলেন'।

এই রাতে মসজিদে গিয়ে একাকী বা জামা'আত বদ্ধভাবে হালাত আদায় করা, যিকর-আযকারে লিপ্ত হওয়া সম্পর্কে জানা যায় যে, শামের কিছু বিদ্বান এটা প্রথমে তক্ষ করেন। তারা এই রাতে সুন্দর পোষাক পরে, আতর-সুরমা লাগিয়ে মসজিদে গিয়ে রাত্রি জাগরণ করতে থাকেন। পরে বিষয়টি লোকদের মধ্যে ছড়িয়ে পড়ে। মক্কা-মদীনার আলেমগণ এর তীব্র বিরোধিতা করেন। কিন্তু শামের বিদ্বানদের দেখাদেখি কিছু লোক এগুলো করতে তক্ষ করে। এইভাবে এটি জনসাধারণ্যে বাপ্তি লাভ করে।

রূহের আগমনঃ এই রাত্রিতে 'বাক্বী'এ গারক্বাদ' নামক কবরস্থানে রাতের বেলায় রাস্লুল্লাহ (ছাঃ) -এর নিঃসঙ্গ অবস্থায় যোরাত করতে যাওয়ার হাদীছটি (ইবনু মাজাহ হা/১৩৮৯) যে যঈষ ও মুনক্বাত্বা' তা আমরা ইতিপূর্বে দেখে এসেছি। এখন প্রশ্ন হ'লঃ এই রাতে সত্যি সত্যিই রহগুলো ইল্পীন বা সিচ্জীন হ'তে সাময়িকভাবে ছাড়া পেয়ে পৃথিবীতে নেমে আসে কি-না। যাদের মাগফেরাত কামনার জন্য আমরা দলে দলে কবরস্থানের দিকে ছুটে যাই। এমনকি মেয়েদের জন্য কবর যেয়ারত অসিদ্ধ হ'লেও তাদেরকেও এ রাতে কবরস্থানে দেখা যায়। এ সম্পর্কে সাধারণতঃ স্রায়ে ক্বদর -এর ৪ ও ৫ নং আয়াত দু'টি পেশ করা হয়ে থাকে। যেখানে বলা হয়েছে-

تَنَزَّلُ الْمَلَائِكَةُ وَالرَّوْحُ فَيِهَا بِإِذْنِ رَبِّهِمْ مِنْ كُلِّ اَمْرٍ ، سَلَامٌ ، هِي حَتَّي مَطْلَعِ الْفَجْرِ -

অর্থঃ 'সে রাত্রিতে ফিরিশতাগণ ও রূহ অবতীর্ণ হয় তাদের প্রতিপালকের অনুমতিক্রমে। সকল বিষয়ে কেবল শান্তি; উষার উদয়কাল পর্যন্ত'। এখানে 'সে রাত্রি' বলতে লায়লাতুল ক্বদর বা শবেক্দরকে বুঝানো হয়েছে- যা এই সূরার ১ম, ২য় ও ৩য় আয়াতে বলা হয়েছে।

অত্র স্রায় 'ক্লহ' অবতীর্ণ হয় কথাটি রয়েছে বিধায় হয়তবা অনেকে ধারণা করে নিয়েছেন যে, মৃত ব্যক্তিদের ক্রহণ্ডলি সব দুনিয়ায় নেমে আসে। অথচ এই অর্থ কোন বিদ্বান করেননি। 'ক্লহ' শব্দটি একবচন। এ সম্পর্কে হাফেষ ইবনে কাছীর (রহঃ) স্বীয় তাফসীরে বলেন, 'এখানে ক্লহ বলতে ফিরিশতাগণের সরদার জিবরাঈলকে বুঝানো হয়েছে। কেউ বলেন, বিশেষ ধরনের এক ফিরিশতা। তবে এর কোন ছহীহ ভিত্তি নেই'।

শা বান মাসের করণীয়ঃ রামাযানের আগের মাস হিসাবে শা বান মাসের প্রধান করণীয় হ'ল, অধিকহারে ছিয়াম পালন করা। মা আয়েশা (রাঃ) বলেন,

عن عائشة قالت .. و ما رأيتُ رسولَ الله صلى الله على الله علي الله عليه وسلم استكملَ صيامَ شهر قط إلا رمضان و ما رأيتُه في شهر أكثرَ منه صيامًا في

شعبانً، و في رواية عنها: وكان يصومُ شعبانَ إلا قلبلاً، متفق عليه -

অর্থঃ 'আমি রাস্পুল্লাহ (ছাঃ)-কে রামাযান ব্যতীত অন্য কোন মাসে শা'বানের ন্যায় এত অধিক ছিয়াম পালন করতে দেখিনি। শেষের দিকে তিনি মাত্র কয়েকটি দিন ছিয়াম ত্যাগ করতেন'। যারা শা'বানের প্রথম থেকে নিয়মিত ছিয়াম পালন করেন, তাদের জন্য শেষের পনের দিন ছিয়াম পালন করা উচিত নয়। অবশ্য যদি কেউ অভ্যন্ত হন বা মানত করে থাকেন, তারা শেষের দিকেও ছিয়াম পালন করবেন।

মোটকথা শা'বান মাসে অধিক হারে নফল ছিয়াম পালন করা সুনাত। ছহীহ দলীল ব্যতীত কোন দিন বা রাতকে ছিয়াম ও ইবাদতের জন্য নির্দিষ্ট করা সুনাতের বরখেলাফ। অবশ্য যারা 'আইয়ামে বীয' -এর তিন দিন নফল ছিয়ামে অভ্যন্ত, তারা ১৩, ১৪ ও ১৫ই শা'বানে উক্ত নিয়তেই ছিয়াম পালন করবেন, শবেরবাতের নিয়তে নয়। নিয়তের গোলমাল হ'লে কেবল কট্ট করাই সার হবে। কেননা বিদ'আতী কোন আমল আল্লাহ পাক কবুল করেন না এবং সকল প্রকার বিদ'আতই ভ্রষ্টতা ও প্রত্যাখ্যাত। আল্লাহ আমাদের সবাইকে পবিত্র কুরআন ও ছহীহ হাদীছের আলোকে নিজ নিজ আমল সমূহ পরিভদ্ধ করে নেওয়ার তাওফীক দান করুন। আমীন!!

ব্যবসার এক বিশাল সম্ভাবনা নিয়ে ...

রাজশাহীর কেন্দ্রবিন্দু রেলগেট, গ্রেটার রোড, গৌরহাঙ্গাস্থ বাণিজ্যিক এলাকায় ৫ তলা বিশিষ্ট বাণিজ্যিক টাওয়ার

- 🖒 অতিসত্ত্বর নির্মাণ কাজ তরু হচ্ছে।
- 🖎 গ্রাউন্ড ফ্রোর (প্রথম তলা) ৫৬০ বর্গমৃট দোকান ঘর।
- 🖸 গ্রাউন্ড ফ্লোরেই ১১০০ বর্গফুট গাড়ী পার্কিং ব্যবস্থা।
- 🖎 ১ম (২য়), ২য় (৩য়), ৩য় (৪ার্থ), ৪র্থ (৫ম) তলা ১৬৬০ বর্গফুট।
- 🗘 निक्रें প্রয়োজন সাপেক্ষে।
- 😂 সার্বক্ষণিক নিরাপন্তা ব্যবস্থা।

আপনার পছন্দের ফ্রোর (জায়গা) টি পেতে হলে আজই যোগাযোগ করুন।

খান হোটেল এভ রেস্টুরেন্ট

প্রোঃ ইসরাত আয়ম খান

গৌরহাঙ্গা, রেলগেট, গ্রেটার রেডে, রাজশাহী-৬১০০। ফোনঃ ০৭২১-৭৭৪৬০৫, মোবাইলঃ ০১৭১-৮১৯৩৭৫

ছিয়ামের ফাযায়েল ও মাসায়েল

আত-তাহরীক ডেক্ক

कार्यास्त्रनः

- (ক) রাসূলুল্লাহ (ছাঃ) এরশাদ করেন, 'যে ব্যক্তি ঈমানের সাথে ছওয়াবের আশায় রামাযানের ছিয়াম পালন করে. তার বিগত সকল গুনাহ মাফ করে দেওয়া হয়'।
- (খ) রাস্লুল্লাহ (ছাঃ) আরও বলেন, 'আদম সন্তানের প্রত্যেক নেক আমলের দশগুণ হ'তে সাতশত গুণ ছওয়াব প্রদান করা হয়। আল্লাহ বলেন, কিন্তু ছওম ব্যতীত। কেননা ছণ্ডম কেবল আমার জন্যই (রাখা হয়) এবং আমিই তার পুরষার দেব। সে তার যৌনাকাঙ্খা ও পানাহার কেবল আমার জন্যই পরিত্যাগ করে। ছিয়াম পালনকারীর জন্য দু'টি আনন্দের মুহূর্ত রয়েছে। একটি ইফতারকালে, অন্যটি তার প্রভুর সাথে দীদারকালে। তার মুখের গন্ধ আল্লাহর নিকট মিশ্কে আম্বরের খোশবুর চেয়েও সুগন্ধিময়। ছিয়াম (অন্যায়-অপকর্মের বিরুদ্ধে) ঢাল স্বরূপ। অতএব যখন তোমরা ছিয়াম পালন করবে, তখন মন্দ কথা বলবে না ও বাজে বকবে না। যদি কেউ গালি দেয় বা লড়াই করতে আসে, তখন বলবে, আমি ছায়েম' 🗟

মাসায়েলঃ

- ১. ছিয়ামের নিয়তঃ নিয়ত অর্থ-মনন করা বা সংকল্প করা। অতএব মনে মনে ছিয়ামের সংকল্প করাই যথেষ্ট। হচ্জের তালবিয়া ব্যতীত ছালাত, ছিয়াম বা অন্য কোন ইবাদতের শুরুতে আরবীতে বা বাংলায় নিয়ত পড়ার কোন দলীল কুরআন ও হাদীছে নেই।
- ২. ইফতারকালে দো'আঃ 'বিসমিল্লাহ' বলে ওরু ও 'আলহামদুলিল্লাহ' বলে শেষ করবে।^৩
- ৩. রাসূলুল্লাহ (ছাঃ) এরশাদ করেন, 'খাদ্য বা পানির পাত্র হাতে থাকা অবস্থায় তোমাদের মধ্যে যদি কেউ ফজরের আযান শোনে, তবে সে যেন প্রয়োজন পূর্ণ না করে পাত্র রেখে না দেয়^{'।8}
- 8. তিনি এরশাদ করেন, 'দ্বীন চিরদিন বিজয়ী থাকবে, যতদিন লোকেরা ইফতার তাড়াতাড়ি করবে। কেননা ইহুদী-নাছারাগণ ইফতার দেরীতে করে'।^৫ 'রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছাহাবীগণ লোকদের মধ্যে ইফতার স্বাধিক জলদী ও সাহারী সর্বাধিক দেরীতে করতেন' 🖰
- ১. বুখারী, মুসলিম, মিশকাত (আলবানী) হা/১৯৮৫।
- ২. বুখারী, মুসলিম, মিশকাত হা/১৯৫৯।
- ७. वृचाती, यिगकाण श/८४क्रकः, यूजनिय, ঐ, श/८२००।
- ৪. আবুদাউদ, মিশকাত হা/১৯৮৮।
- ৫. षातुमाँछेम, ইবनू মाজाহ, भिশकां হা/১৯৯৫।
- ৬. নায়লুল আওত্বার (কায়রোঃ ১৯৭৮) ৫/২৯৩ পৃঃ।

- ৫. সাহারীর আ্যানঃ রাস্লুল্লাহ (ছাঃ)-এর যামানায় তাহাজ্জুদ ও সাহারীর আযান বেলাল (রাঃ) দিতেন এবং ফজরের আযান অন্ধ ছাহাবী আবদুল্লাহ ইবনে উম্মে মাকতৃম (রাঃ) দিতেন। তাই সাহারী প্রসঙ্গে রাসূলুল্লাহ (ছাঃ) বলেন, 'বেলাল রাত্রে আ্যান দিলে তোমরা খানাপিনা কর যতক্ষণ না ইবনে উম্মে মাকতৃম ফজরের আযান দেয়'।^৭ বুখারীর ভাষ্যকার ইবনু হাজার আসকালানী (রহঃ) বলেন, বির্তমান কালে সাহারীর সময় লোক জাগানোর নামে আযান ব্যতীত (সাইরণ বাজানো, ঢাক-ঢোল পিটানো, মাইকে ডাকাডাকি করা, বাঁশি বাজানো, घन्টা পিটানো ইত্যাদি) যা কিছু করা হয় সবই বিদ'আত' 🗗
- (ঘ) জামা আতের সাথে রাতের ছালাত (তারাবীহ) আদায় করা রাসূলুল্লাহ (ছাঃ)-এর সুন্নাত এবং দৈনিক নিয়মিত জামা'আতে আদায় করা 'ইজমায়ে ছাহাবা' হিসাবে প্রমাণিত।^৯ অতএব তা বিদ'আত হওয়ার প্রশুই ওঠে না।
- ৬. লায়লাতুল কুদরের দো'আঃ 'আল্লা-ছমা ইন্লাকা 'আফুব্রুন তুহিববুল 'আফওয়া ফা'ফু 'আন্লী'। অর্থঃ 'হে আল্লাহ! তুমি ক্ষমাশীল, তুমি ক্ষমা পসন্দ কর, অতএব আমাকে তুমি ক্ষমা কর'।^{১০}
- ৭. ফিৎরাঃ (ক) ইবনে ওমর (রাঃ) বলেন, 'রাস্লুল্লাহ (ছাঃ) স্বীয় উন্মতের ক্রীতদাস ও স্বাধীন, পুরুষ ও নারী, ছোট ও বড় সকলের উপর মাথা পিছু এক ছা' খেজুর, যব ইত্যাদি (অন্য বর্ণনায়) খাদ্যবস্তু ফিৎরার যাকাত হিসাবে ফর্য করেছেন এবং তা ঈদগাহের উদ্দেশ্যে বের হওয়ার পূর্বেই আমাদেরকে আদায়ের নির্দেশ দান করেছেন'।১১
- (খ) উপরোক্ত হাদীছে প্রমাণিত হয় যে, ফিৎরা ছোট-বড়, ধনী-গরীব সকল মুসলিম নর-নারীর উপরে ফরয়। উহার জন্য 'ছাহেবে নেছাব' অর্থাৎ সাংসারিক প্রয়োজনীয় বস্তুসমূহ বাদে ২০০ দিরহাম বা সাড়ে ৫২ তোলা রূপা কিংবা সাড়ে ৭ তোলা স্বর্ণের হিসাবে আনুমানিক ৫০.০০০ (পঞ্চশ হাযার) টাকার মালিক হওয়া শর্ত নয়।
- (গ) রাস্লুল্লাহ (ছাঃ)-এর যুগে মদীনায় 'গম' ছিল না। মু'আবিয়া (রাঃ)-এর যুগে সিরিয়ার গম মদীনায় আমদানী হ'লে মূল্যের বিবেচনায় তিনি গমে অর্ধ ছা' ফিৎরা দিতে বলেন। কিন্তু ছাহাবী আবু সাঈদ খুদরীসহ অন্যান্য ছাহাবী মু আবিয়া (রাঃ)-এর এই ইজতিহাদী সিদ্ধান্ত অমান্য করেন এবং রাসূলুল্লাহ (ছাঃ)-এর নির্দেশ ও প্রথম যুগের আমলের উপরেই কায়েম থাকেন। যাঁরা অর্ধ ছা' গমের ফিৎরা দেন. তাঁরা মু'আবিয়া (রাঃ)-এর অনুকরণ করেন মাত্র। ইমাম নবভী (রহঃ) একথা বলেন।^{১২}
- (ঘ) এক ছা' বর্তমানের হিসাবে আড়াই কেজি চাউলের সমান অথবা প্রমাণ সাইজ হাতের পূর্ণ চার অঞ্জলী চাউল।

१. तुर्चाती, गुजनिय, नाग्नन २/১२०।

b. नाग्रम २/১১৯ I

৯. মিশকাত হা/১৩০২।

১০. আহমাদ, ইবনু মাজাহ, তিরমিয়ী, মিশকাত হা/২০৯১।

১১. वृचाती, मुमलिम, मिगकां वा/১৮১৫, ১৮১७।

১২. काष्ट्रम वाती (काग्रत्ताः ১৪०२ हिः) ७/৪७৮ পः।

- ৯. ছিয়াম ভঙ্কের কারণ সমূহঃ (ক) ছিয়াম অবস্থায় ইচ্ছাকৃতভাবে খানাপিনা করলে ৫ যৌনসম্ভোগ করলে ছিয়াম ভঙ্গ হয় এবং তার কাফফারা স্বরূপ একটানা দু'মাস ছিয়াম পালন অথবা ৬০ (ষাট) জন মিসকীন খাওয়াতে হয় ৷^{১৫}
- (খ) ছিয়াম অবস্থায় ইচ্ছাকৃতভাবে বমি করলে ক্রাযা আদায় করতে হবে। তবে অনিচ্ছাকৃত বমি হ'লে, ভূলক্রমে কিছু খেলে বা পান করলে, স্বপ্নদোষ বা সহবাসজনিত নাপাকী অবস্থায় সকাল হয়ে গেলে, চোখে সুৰ্মা লাগালে বা মিসওয়াক করলে ছিয়াম ভঙ্গ হয় না।^{১৬}
- (গ) অতি বৃদ্ধ যারা ছিয়াম পালনে অক্ষম, তারা ছিয়ামের ফিদৃইয়া হিসাবে দৈনিক একজন করে মিসকীন খাওয়াবেন। ছাহাবী আনাস (রাঃ) গোন্ত-ক্লটি বানিয়ে একদিনে ৩০ (ত্রিশ) জন মিসকীন খাইয়েছিলেন।^{১৭} ইবনে আব্বাস (রাঃ) গর্ভবতী ও দুগ্ধদানকারিণী মহিলাদেরকে ছিয়ামের ফিদইয়া আদায় করতে বলতেন। ১৮
- (ঘ) মৃত ব্যক্তির ছিয়ামের ক্বাযা তার উত্তরাধিকারীগণ আদায় করবেন অথবা তার বিনিময়ে ফিদুইয়া দিবেন ib

১০. ছালাতুত তারাবীহঃ

ছালাতৃত তারাবীহ বা রাসূলুল্লাহ (ছাঃ)-এর রাতের ছালাত বিতর সহ ১১ রাক'আত ছিল। রাতের ছালাত বলতে তারাবীহ ও তাহাজ্জুদ দু'টোকেই বুঝানো হয়। উল্লেখ্য যে. রামাযান মাসে তারাবীহ পড়লে আর তাহাজ্জুদ পড়তে হয় না।

- (১) একদা হযরত আয়েশা (রাঃ)-কে জিজ্ঞেস করা হ'ল রামাযান মাসে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত কেমন ছিলঃ তিনি বললেন, রামাযান ও রামাযান ছাড়া অন্য মাসে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত ১১ রাক'আতের বেশী ছিল না।^{২০}
- (২) সায়েব ইবনে ইয়াযীদ (রাঃ) বলেন, ওমর (রাঃ) ওবাই বিন কা'ব ও তামীম দারী নামক দুই ছাহাবীকে রামাযান মাসে ১১ রাক'আত তারাবীহর ছালাত জামা'আতের সাথে পড়াবার হুকুম দিয়েছিলেন।^{২১}
- (৩) জাবের ইবনে আব্দুল্লাহ (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) রামাযান মাসে আমাদেরকে ৮ রাক'আত তারাবীহ ও বিতর ছালাত পডান i^{২২}

ভারতের পানি আগ্রাসন রুখতে হবে

মেজর (অব.) আছাদুজ্জামান

১৯৭১ সালে বাংলাদেশ নামে যে নতুন রাষ্ট্রটির অভ্যুদ্বয় হয়েছিল একসাগর রক্তের বিনিময়ে, আজ ভারত তাকে গলা টিপে হত্যা করতে চায়। প্রথমে বিভিন্ন প্রকার রাজনৈতিক চাপ, তারপর অর্থনৈতিক চাপ, এরপর পানি নামের জীবনীসুধা নিংড়িয়ে নিঃশেষ করে আমাদের তিলে তিলে মৃত্যুর দিকে ঠেলে দিতে চায়। ভারতের বাণিজ্যিক আগ্রাসনে আমরা এমনি বিধ্বস্ত যে. এতে দেশীয় শিল্প-বাণিজ্য ধ্বংসের দ্বারপ্রান্তে। এরপর ফারাক্কার প্রভাবে বছরে কয়েক হাযার কোটি টাকার ফসল, মৎস্য, বনজ ও শিল্পে ক্ষতি হচ্ছে। এরপর ব্যথার ওপর বিষফোঁড়ার মত ব্রহ্মপুত্রসহ অন্যান্য নদীর পানি প্রত্যাহারের মহাপরিকল্পনা বাস্তবায়নে হাত দিয়েছে। ভারত ও বাংলাদেশের ৩৮টি নদীর সাথে ৩০টি খালের মাধ্যমে ৭৪টি জলাশয় নির্মাণ করে পানি সংরক্ষণ করে ও প্রবাহ ঘুরিয়ে উত্তর ভারত. পশ্চিম ভারত ও দক্ষিণ ভারতের রাজ্যগুলিতে পানি টেনে নিয়ে যাওয়ার মহাপরিকল্পনায় হাত দিয়েছে। প্রথমে ভারতের সুপ্রীম কোর্ট পরে প্রেসিডেন্ট আব্দুল কালাম স্বাধীনতা দিবসে এই পরিকল্পনার কথা প্রকাশ্যে ঘোষণা দেন। ভারত আমাদের পানির উৎস একেবারেই নিঃশেষ করতে চলেছে। এটা একটি ভয়ঙ্কর খেলা। ১৩ কোটি মানুষের জীবন ও জীবিকার ওপর সরাসরি আগ্রাসন। যে কোন উপায়ে এটাকে রুখতে হবে। গঙ্গা, ব্রহ্মপুত্র ও মেঘনা আন্তর্জাতিক নদী। যেমন ব্রহ্মপুত্র-চীন, ভূটান, ভারত হয়ে বাংলাদেশে পড়েছে, তেমনি গঙ্গা নেপাল, ভারত হয়ে বাংলাদেশে পড়েছে। সুতরাং উক্ত নদী দু'টি কোনভাবেই একক কোন রাষ্ট্র নিজস্ব বলে দাবী করতে পারে না। অথবা প্রবাহ ঘুরিয়ে তথু একটি রাষ্ট্র তা ব্যবহার করতে পারে না। এটা আন্তর্জাতিক আইনের পরিপন্তী।

পৃথিবীতে মোট ২১৪টি বড় বড় নদী আছে এবং অধিকাংশ নদী একাধিক রাষ্ট্রের ভেতর দিয়ে প্রবাহিত। সুতরাং ঐসব আন্তর্জাতিক নদীর পানি কোন একটি দেশ ব্যবহারের জন্য নদীর গতিপথ পরিবর্তন করতে পারে না এবং কোন সমস্যা দেখা দিলে তা আন্তর্জাতিক সালিশীর মাধ্যমে সমাধান করা হয়ে থাকে। যেমন- কলোরোডা নদী যুক্তরাষ্ট্র ও মেক্সিকোর ভিতর দিয়ে প্রবাহিত। এ ব্যাপারে **দ্বন্দ**ু হয়েছিল; কি<mark>তু</mark> আলাপ-আলোচনার মাধ্যমে সমাধান করা হয়েছে। ইউফ্রেটিস নদী সিরিয়া ও ইরাকের ভিতর দিয়ে প্রবাহিত, জর্ডান নদী ইসরাঈল ও জর্ডানের ভিতর দিয়ে প্রবাহিত। লা-প্লাটা নদী আর্জেন্টিনা ও ব্রাজিলের ভিতর দিয়ে, মেকং নদী ৬টি দেশের ভিতর দিয়ে যথাক্রমে লাওস, থাইল্যান্ড, চীন, ভিয়েতনাম, কাম্বোডিয়া ও বার্মার ভিতর দিয়ে প্রবাহিত। কিন্তু কোথাও কোন বিরোধ নেই। বিরোধ একমাত্র ভারত ও বাংলাদেশের ভিতর। কারণ ভারত কোন আইন বা ন্যায়-নীতির তোয়াক্কা না করে সবকিছুই

১৩. षारमन, षातुनाউদ, তিরমিধী, ইবনু মাজাহ, মিশকাত হা/১৪৪১।

১৪. আলোচনা দ্রষ্টব্যঃ নায়লুল আওত্বার ৪/২৫৩-৫৬ পৃঃ।

५८. निमा ७२, युषामानार् ८। ১७. नाम्रन ०/२१১-१०, २४७, ১/১७२ पृह ।

১৭. তाक्ष्मीत्र हैरान काहीत ১/২২১।

১৮. नाराम ७/७०৮-১১ 9३। ১৯. नाय़न ৫/৩১৫-১৭ পঃ।

२०. दुषात्री :/১৫৪, नृद्धः मुमलिमे ১/२৫৪ नृद्धः चादुनास्म ১/১৮৯ नृद्धः नामार्वे ১/১৯১ नृद्धः जित्रमिषी ১/৯৯ पृः; रैरन् याबार ১/৯৬-৯৭ पृः; यूछवाद्वा यात्नक ১/२८ पृः ।

২১. মুওয়ান্তা, মিশকাত হা/১৩০২।

२२. षात् रेंग्रामा, ज्ञातांत्रानी, षाक्षमाजू, मनम रामान, मित्र'षाण २/२७० भुः।

জবরদখল করে রাখতে চায়। সেই কারণে এই বিরোধ। আন্তর্জাতিক নীতি অনুযায়ী নদীর ওপর তীরবর্তী সকল রাষ্ট্রের সমঅধিকার ও সমঅংশীদারিত্বের ভিত্তিতে পানিসম্পদ বন্টন করা হয়ে থাকে এবং কোন রাষ্ট্রের ক্ষতি সাধন করে একক কোন রাষ্ট্র ভোগ করতে পারবে না। ১৮১৫ সালের ভিয়েনা সম্মেলনের গৃহীত নীতিমালায় সুস্পষ্ট বলা আছে, আন্তর্জাতিক নদীর পানি তীরবর্তী প্রত্যেক রাষ্ট্র ন্যায়সঙ্গত ও সুসম বন্টনের মাধ্যমে ব্যবহার করতে পারবে। দানিয়ুব নদী বুলগেরিয়া, রুমানিয়া, হাঙ্গেরী, অন্ত্রিয়া ও চেকোঙ্লোভাকিয়ার মধ্যদিয়ে প্রবাহিত। সেখানেও আন্তর্জাতিক আইনের আলোকে বন্টন ব্যবস্থা করা হয়েছে। বিশ্বের কোন দেশই ছোট হোক বড হোক আন্তর্জাতিক মতামত অগ্রাহ্য করে ন্যায়-নীতিকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে এমন নির্লজ্জভাবে নদীর গতিপথ পরিবর্তন করে তথু নিজের স্বার্থ হাছিল করার ন্যীর ভারতই দেখাতে পারে। ভারত তার ছোট ছোট প্রতিবেশীর জন্য কখনোই

পাকিস্তান ও ভারতের মধ্যকার সিন্ধু নদী ও তার শাখা নদীসমূহ যেমন ঝিলাম, চেনার, সুতলাজ, রাবি ও বিয়ায ভারতের ভিতর দিয়ে পাকিস্তানে প্রবেশ করেছে। ১৯৪৭ সালের পর ভারত সরকার এসব নদী ও শাখাসমূহের পানি প্রবাহ পাকিস্তানের দিক থেকে নিজেদের দিকে ঘুরিয়ে দেওয়ার চেষ্টা করে। পাকিস্তান সরকার ১৯৫৯ সালের দিকে বিশ্বব্যাংক, জাতিসংঘ, যুক্তরাষ্ট্র, বৃটেন ও ফ্রান্স-এর নিকট পরিষ্কারভাবে এর গুরুত্ব তুলে ধরে যে, এটা পাকিস্তানের অস্তিত্বের সাথে জড়িত সুতরাং কোনভাবেই উপেক্ষা করা যায় না। এও বুঝিয়ে দেয় যে, পাকিস্তানের আর্মির জওয়ানরা ও সাধারণ মানুষ ক্ষুধা, দারিদ্রা ও অনাহারে মৃত্যুবরণ করার চেয়ে যুদ্ধের ময়দানে মৃত্যুকে শ্রেয় মনে করে। সুতরাং বিশ্ব নেতৃবৃদ্দ ও বিশ্বব্যাংক অবশ্যই এর শান্তিপূর্ণ সমাধানের চেষ্টা করবে। শেষ পর্যন্ত বিশ্ব নেতৃবন্দের চাপে ও বিশ্ববাংকের মধ্যস্থতায় ১৯৬০ সালের ১৯ সেপ্টেম্বর পাক-প্রেসিডেন্ট ও ভারতের প্রধানমন্ত্রীর ভিতর একটি চুক্তি স্বাক্ষর হয় যাতে পাকিস্তানের ভাগে ৮০ ভাগ সিন্ধির পানি আর ভারতের ভাগে অবশিষ্ট ২০ ভাগ পানি বর্তায়।

বন্ধুসুলভ আচরণ করেনি। সর্বদা নেকড়ে ও হরিণ সাবকের

মধ্যকার সম্পর্কের মত। সুতরাং এমন একটি উগ্র

সাম্প্রদায়িক ও সম্প্রসারণবাদী রাষ্ট্রের নিকট থেকে

প্রতিনিয়ত বিপদের সম্মুখীন হওয়াটাই স্বাভাবিক। অবশ্য

ভারত শক্তের ভক্ত আর নরমের যম- এই নীতিতে

বিশ্বাসী। ১৯৬২ সালে তিব্বত নিয়ে চীনের নিকট সামরিক

পরাজয়ের পর আর তিব্বতের ওপর দাবী রাখে না।

ভারত পশ্চিম বাংলার মুর্শিদাবাদ যেলার রাজমহল ও ভগবানগোলার মাঝে ফারাক্কায় এক মরণবাঁধ নির্মাণ করা আরম্ভ করে ১৯৫৬ সালে যা রাজশাহী সীমান্ত থেকে ১১ মাইল উজানে গঙ্গা নদীর ওপর এই বাধ ১৯৬৯ সালে শেষ করে এবং ১৯৭১ সালে যুদ্ধের সময় চালু করে। প্রাথমিক পর্যায়ে ২০,০০০ কিউসেক পানি প্রত্যাহার করার কথা থাকলেও পরবর্তীতে ৪০,০০০ কিউসেক বা ততোধিক পানি প্রত্যাহার করা আরম্ভ করে। এ বাঁধের ফলে গঙ্গা অথবা বাংলাদেশে পদ্মা নদীর পানি হুগলী ও ভাগিরথীতে স্থানান্তর করা হয় বাংলাদেশকে চরমভাবে বিপর্যস্ত করে।

দেশের ১১.৪৩ মিলিয়ন একর আবাদী জমি পদ্মা ও শাখা নদীর পানির ওপর নির্ভরশীল। মোট জনসংখ্যার এক তৃতীয়াংশ লোক এই পানির ওপর নির্ভরশীল। ৮টি যেলা ভক্ষ মৌসুমে মুরুভূমির মত ভক্ষ হয়ে ওঠে। প্রায় আড়াই লাখ মৎস্যজীবী মাছ ধরে জীবিকা নির্বাহ করতো, তারা আজ বেকার হয়ে পডেছে।

নদীতে স্রোত না থাকায় সাগর থেকে লোনা পানি প্রবেশ করে দক্ষিণাঞ্চলের বিস্তীর্ণ আবাদী জমি লবণাক্ততায় ভরে ওঠে ফলে কয়েক লাখ একর জমি উর্বরতা হারায়। সুন্দরবনও ভূমকির মুখে, কারণ বহু গাছ তথু মিঠা পানিতে বাঁচে সেণ্ডলি মরে যাচ্ছে। পাকসী পেপার মিল, খুলনা হার্ডবোর্ড মিল, নিউজপ্রিন্ট মিল প্রভৃতি চালু রাখতে মিঠা পানির প্রয়োজন। কিন্তু বন্ধ রাখতে হচ্ছে ওকনো মৌসুমে। ১৯৯৬ সালে ২০ ডিসেম্বর বিগত সরকার ৩০ বছরের জন্য ভারতের সাথে এক পানিচুক্তি করে কিন্তু সেখানে কোন গ্যারান্টি ক্লব্জ না থাকায় সমস্ত চুক্তিটাই একটা অন্তঃসারশূন্য হয়ে পড়েছে। ভারত ফেম্ন খুশি পানি প্রহ্যাহার করছে আর বাংলাদেশে হাহাকার উঠছে। এ পর্যন্ত ১১৬টি বৈঠক হয়েছে দুই দেশের ভিতর, কিন্তু ফলাফল শূন্য ভারতের অমনীয় মনোভাবের দরুন।

ভারতেব এই মহাপরিকল্পনার কথা বেশ কয়েক মাস পূর্বে জানতে পারলেও এ পর্যন্ত সরকার তেমন কোন জোরালো প্রতিবাদ জানায়নি। ওধু পানিসম্পদ মন্ত্রী নাম-কা-ওয়ান্তে একটি প্রতিবাদ জানিয়েছেন। প্রধানমন্ত্রী বা পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ে বিষয়টা ভারতের নিকট উত্থাপন করা হয়নি। বিরোধী দলের পক্ষ থেকেও কোন কর্মসূচী লক্ষ্য করা যায়নি। মামুলি ব্যাপার নিয়ে হরতাল, মিছিল, মিটিং করা হ'লেও এত বড় সংকট নিয়ে তাদের কোন উৎকণ্ঠা হয়নি। দলমত নির্বিশেষে সমস্ত রাজনৈতিক দল সমন্বয় করে কর্মসূচী দেয়া একান্ত দারকার। এখন কোন বিরোধের সময় নয় সমস্ত জাতি একত্রিত হয়ে একযোগে এর বিরুদ্ধে প্রতিবাদ ও প্রতিরোধ গড়ে তুলতে হবে। একবার ফারাক্কার ব্যাপারে নেতিবাচক মনোভাবের দরুন জাতি তার মাণ্ডল টানছে। এখনই সমনিত ব্যবস্থা গ্রহণে ব্যর্থ হ'লে জাতীয় অন্তিত্ব হুমকির মুখে পড়বে। আজ বড় বেশী প্রয়োজন আজীবন সংগ্রামী, সুৎ, নিষ্ঠাবানু, নিঃস্বার্থ পরায়ণ নিরহংকার দূর্দিনে জাতির কাগ্রারী হিসাবে বার বার আবির্ভূত হয়েছেন সেই সাহসী নেতা মাওলানা আবদুল হামিদ খান ভাসানীর। যাঁর নেতৃত্বে ১৯৭৬ সালের ১৬ মে ফারাক্কা মিছিল ভারত সরকার তথা সমগ্র বিশ্বকে ভাবিয়ে তুলেছিল। ভাসানী বেঁচে থাকলে আজ জাতিকে ঐক্যবদ্ধ করে এর প্রতিরোধের ব্যবস্থা করতেন। তিনি নেই, কিন্তু তার মত একজন সাহসী বলিষ্ঠ সংগ্রামী নেতৃত্ব প্রয়োজন এই জাতিকে ঐক্যবদ্ধ করে উক্ত পদক্ষেপের বিরুদ্ধে প্রতিবাদ ও প্রতিরোধ গড়ে তোলার। বিশ্বের বড় বড় শক্তিশালী রাষ্ট্র যেমন- যুক্তরাষ্ট্র, চীন, রাশিয়া, ফ্রান্স, বৃটেনসহ সমস্ত পশ্চিমা দুনিয়াকে এটা বুঝিয়ে দেয়া, ভারত আমাদের অস্থিত্ব বিনাশ করতে চায়। জাতিসংঘসহ আন্তর্জাতিক আদালতে বিষয়টি অনতিবিলম্বে উত্থাপন করা হোক যেন ভারত তার দুরভিসন্ধিমূলক পরিকল্পনা বাস্তবায়ন না করতে পারে।

॥ সংকলিত ॥

পবিত্র কুরআনের অলৌকিক শৈল্পিক সন্নতি

মুহামাদ হামীদুল ইসলাম*

পবিত্র কুরআন আল্লাহ পাকের কালাম। মানব জাতির হেদায়াত, ইহকাল ও পরকালের কল্যাণ ও মুক্তির সর্বশেষ পূর্ণাঙ্গ কালজয়ী জীবন বিধান। কাব্যশৈল্পিক গুণগত দিক থেকে বিচার করলে বলা যায়, এ এক অসাধারণ, অলৌকিক, বিশায়কর মহাগ্রন্থ। চমৎকার শব্দ প্রয়োগে, বাক্য গঠনে, সুরে-ছন্দে, পংক্তির অস্তমিলে, উপমা ব্যবহারে, শব্দ বিন্যাসে লালিত্যময় গতিশীলতায়, আধা পদ্য আধা গদ্যের অপূর্ব সংমিশ্রণে বিশ্বসাহিত্যে আল-কুরআন এক অতুলনীয় মহাসম্পদ।

এ মহাগ্রন্থের আর একটা অপূর্ব গুণ হ'ল মানুষের শৃতিপটে স্থায়ী রেখাপাত। গোটা বিশ্বে মানব রচিত অসংখ্য কাব্যগ্রন্থ বিজ্ঞান, দর্শন ও ধর্মের পৃস্তক রয়েছে কিন্তু এমন কোন অমর গ্রন্থ নেই, যা মানুষের শৃতিপটে আদ্যোপান্ত গাঁথা আছে। পবিত্র কুরআনই একমাত্র গ্রন্থ, যা সারা পৃথিবীর লক্ষ লক্ষ হাফেযের সিনায় সংরক্ষিত আছে। দুনিয়ার সমস্ত কুরআন জ্বালিয়ে ভন্ম করলেও কুরআন পাক ধ্বংস হবে না। কয়েকজন হাফেযে কুরআন কয়ের ঘন্টার ভিতরে সমস্ত কুরআনকে আবার ক্যাসেট বন্দী বা লিপিবদ্ধ করে ফেলবে ইনশাআল্লাহ। এ মহাগ্রন্থের ভাব ও ভাষা ছন্দের মধুময় ঝংকার মানুষের প্রাণের ভারে তারে, মনের পরতে পরতে, অনুভৃতির গভীরে, মর্মমূলের কন্দরে কন্দরে এক অপার পুলক শিহরণ জাগায়।

পৃথিবীর কোন কবিতা, গল্প, নাটক, উপন্যাস, কোন সঙ্গীত যতই উন্নতমানের হোক বা মর্মস্পর্শী হোক না কেন, তা একবার পাঠ করলে বা তনলে দ্বিতীয়বার যেন আর পডতে বা ওনতে ইচ্ছা করে না। কিন্তু কুরআনের ভাব ও ভাষায় এমন যাদুকরী প্রভাব আছে, যা একবার নয়, দু'বার নয় হাযারবার পাঠেও মন ভরে না। এ মহাগ্রন্থ পাঠে যেন কোন ক্লান্তি নেই, নেই কোন একঘেয়েমি। যতবার তেলাওয়াত করা যায় ততবার যেন নতুন শিহরণ জাগে মনের আনাচে-কানাচে। আরবী ভাষা সাহিত্যে আল-কুরআন এক কালজয়ী অমর গ্রন্থ। এ গ্রন্থের পূর্বে আরবী ভাষায় প্রকৃতপক্ষে কোন সাহিত্য ছিল না। যে কয়েকখানি কবিতা ছিল, তা কেবল শরাব, নারী ও তলোয়ারের প্রশংসাকে কেন্দ্র করে, যাকে প্রকৃত সাহিত্য বলা চলে না। পবিত্র কুরআন আবির্ভাবের পর থেকেই সত্যিকার অর্থে আরবী একটি শক্তিশালী সাহিত্যের ভাষা বলে গৃহীত হয় ও বিভিন্ন দেশে সমাদৃত হয় এবং বহু জাতির সাহিত্যে প্রভাব বিস্তার করতে থাকে। কুরআনকে এবং তার ভাব বিশ্লেষণকারী মহানবী (ছাঃ)-এর হাদীছকে বাদ দিলে পৃথিবীর কোথাও আর আরবী ভাষার অন্তিত্ব কল্পনা করা যায় না ।

সার্থক শিল্পকর্মে থাকে বিষয়বস্তুর বৈচিত্র ও প্রকাশভঙ্গীর মাধুর্য। এ দৃষ্টিকোণ থেকে আল-কুরআন এক অনন্য শিল্পকর্ম। এ মহাগ্রন্থের বিষয়বস্তু বিপুল, অজস্র ও বৈচিত্র্যময়। এখানে রয়েছে আল্লাহ্র পরিচয়, তাওহীদ, রিসালাত, আখেরাত, সৎকর্ম ও দুষ্কর্মের প্রতিফল, জান্নাত ও জাহান্নামের বর্ণনা, মহাবিশ্বের সৃষ্টি কৌশল, মানুষ, প্রাণীজগৎ ও উদ্ভিদজগতের আকাশ ও ভূ-মণ্ডলের সৃষ্টিতত্ত্ব, বিজ্ঞান সংক্রান্ত বিভিন্ন তত্ত্ব, বিভিন্ন জাতির উত্থান-পতনের ইতিহাস, বিভিন্ন নবী-রাসূলগণে জিহাদী ও দাওয়াতী জীবনের বর্ণনা। এতে রয়েছে মানুষ সৃষ্টির উদ্দেশ্য, তার ব্যক্তিগত, পারিবারিক, সামাজিক, রাষ্ট্রীয় ও আন্তর্জাতিক এবং ইহলৌকিক ও পারলৌকিক জীবনের এক ভারসাম্যপূর্ণ পূর্ণাঙ্গ জীবন বিধান। এতে আরো আলোচিত হয়েছে ধর্মের সমস্ত মূলনীতি, রাজনীতি, সমাজনীতি, অর্থনীতি, যুদ্ধ ও শান্তি, সাম্য ও মৈত্রী, সত্যদর্শন, সম্পদ আহরণ, সুষম বন্টন, লেন-দেন, নর-নারীর সম্পর্ক, মর্যাদা, দাম্পত্য জীবন ইত্যাদি। এ সমস্ত বিষয়বস্তুই অপূর্ব ললিত ছন্দায়িত ভাষায় প্রকাশিত হয়েছে এ মহাগ্রন্থ আল-কুরআনে। বিশ্ব সাহিত্যে তাই এ এক বিরল অপ্রতিদ্বন্দী মহাগ্রন্থ।

निर्व कोच-महिरीन १४ वर्ष ३४ अस्ता, गागिन वाच-पातीन १४ वर्ष ३४ सत्ता, गामिन वाच-पातीन १४ वर्ष ३४ अस्ता

পবিত্র কুরআন যে যুগে নাযিল হয়ু সে যুগ ছিল আরবের কাব্যচর্চা ও প্রতিযোগিতার যুগ। একজন শক্তিশালী কবি কা'বা শরীফের দেওয়ালে লিখে আসতেন তার কবিতা. আর তার চেয়ে শক্তিশালী কবি যদি কেউ থাকতেন তাহ'লে তিনি প্রথম কবির কবিতার ছত্র মুছে ফেলে নিজ কবিতার ছত্র সেখানে লিখে আসতেন। একদিন জনৈক ছাহাবী আল-কুরআনের 'কাওছার' নামক ছোট্ট সূরাটি লিখে আসলেন। দিনের পর দিন মাসের পর মাস চলে গেল- এ সুরার অপূর্ব অর্থময় ও ছন্দময় কালামের স্থলে উন্নত মানের কোন কবিতা কেউ রচনা করতে পারল না। শুধু লিখে ছিল 'লায়সা হাযা কালামুল বাশার' অর্থাৎ এটা কোন মানুষের রচনা নয় (আল্লামা কাষী মুহামাদ সুলাইমান মনছুরপুরী, রহমাতুল্লিল 'আলামীন (লাহোরঃ ১৯৬২), ৩/২৯৮-৯৯ পুঃ)। আরব জাহানের সমস্ত কবি সাহিত্যিকরা আল-কুরআনের অলৌকিকত্বের ও কাব্যকলার শ্রেষ্ঠত্বের কাছে পরাজিত হ'ল এবং তারা সবাই বিনা দ্বিধায় স্বীকার করে নিল এটা কোনক্রমেই মানব রচিত কোন গ্রন্থ নয়। মহাগ্রন্থ আল-কুরআন নাযিল হওয়ার পর থেকে এ পর্যন্ত ১৪শ' বছর অতিক্রান্ত হ'ল এখন পর্যন্ত এর ভাব ও ভাষার মহিমামণ্ডিত একটা ছত্রও কেউ রচনা করতে পারেনি এবং ভবিষ্যতে ও পারবে না ইনশাআল্লাহ। ক্রিয়ামত পর্যন্ত কুরআন পাকের দ্ব্যর্থহীন চ্যালেঞ্চ্- কেউ কোনদিন এর সমকক্ষ একটি সূরাও রচনা করতে পারবে না (বাক্বারাহ ২০ ৬ ২৪)। মানব রচিত কোন গ্রন্থ যত সারগর্ভ, যত সুন্দর ও রহস্যময়ই হোক না কেন কয়েক দিন বা কয়েক মাস অধ্যয়ন ও গবেষণার পর সব রহস্য উদঘাটিত হয়ে তা চার্ম (Charm) হারিয়ে ফেলে এবং তার সীমাবদ্ধতা, ভূল-ভ্রান্তি ধরা পড়ে। কিন্তু মহাগ্রন্থ আল-কুরআনে বিশাল সৃষ্টি রহস্য ও সৃষ্টিকর্তার অসীম অনুগ্রহ ও গুণাবলী সম্পর্কে

^{*} সহযোগী অধ্যাপক, ইংরেজী বিভাগ, গভঃ এম, এম, কলেজ , যশোর।

এমন বন্ধব্য এমন শৈল্পিক ভঙ্গিমায় উচ্চারিত হয়েছে, যা যুগ যুগ ধরে অধ্যয়ন ও গবেষণা করলেও তার সব রহস্যময় দিগন্ত উৎঘাটিত হবে না এবং তা কোনদিন চার্মও হারিয়ে ফেলবে না এবং তার কোন সীমাবদ্ধতা ও তুল-ভ্রান্তিও কোনদিন আবিষ্কৃত হবে ন। আল্লাহ বলেন, 'এ কিতাব নির্ভুল, এ ব্যাপারে কোন সন্দেহ নেই এবং এ কিতাব আল্লাহভীক সভ্যসন্ধানীদের জন্য পথ প্রদর্শক' *(বাস্থারাহ ২)*। 'আপনি বলুন আমার রবের মহিমা ও তণাবলীর বাণীসমূহ লিখবার জন্য সমস্ত সমূদ্রের পানি যদি কালি হয়ে বায় তবে তা নিঃশেষ হয়ে বাবে, তবুও আমার রবের বাণী সমূহের অর্থ লেখা শেষ হবে না' *(কাহাক ১০৯)*। মানব রচিত ও প্রচলিত কোন সাহিত্য বা শিল্পকর্মের প্রধান উদ্দেশ্য আনন্দ দেওয়া, অপ্রধান উদ্দেশ্য জ্ঞান দেওয়া। মানুষকে শিল্প সাহিত্য দিয়ে আনন্দ দিতে গিয়ে আনন্দের সার্থে অনেক সময় শিল্পীরা সত্যকে কল্পনার রং-এ রঞ্জিত করেন। তাতে সত্য ও বান্তব অনেক সময় পরিবর্তন ও পরিবর্ধন হয়। পবিত্র কুরআনের প্রধান উদ্দেশ্য হেদায়াভ অর্থাৎ সঠিক পথ প্রদর্শন। তা পাঠে অনাবিল আনন্দ আছে, অপরণ মিটি মধুর সুললিত ভাষায় বক্তব্য উপস্থাপিত হয়েছে। কিন্তু শৈক্সিক আনন্দ দিতে গিয়ে সত্যের অপলাপ পরিবর্তন বা পরিবর্ধন হয়নি কখনো। সেখানে আছে ৬ধু সত্য, সত্য, আর খাঁটি সত্য। বিজ্ঞান, দর্শন ও শিল্পকশা কুরআনের মহাসাগরে একাকার হয়ে গেছে। সর্বপ্রথম নাবিলকৃত সুরা 'আলাকু-এর ১ম আয়াত থেকে ৫ম আয়াত পর্যন্ত এর একটা স্পষ্ট উদাহরণ। এ আয়াতভালির ভিতরে আছে অধ্যয়ন ও গবেষণার আহ্বান, মানব সৃষ্টির নির্ভুল বৈজ্ঞানিক তত্ত্ব ও মানুষের প্রতি আল্লাহর অসীম অনুহাহের বর্ণনা এবং সেই ভাবতলি অপূর্ব ছন্দময় ভাষায় উপস্থাপিত হয়েছে। সুরা এখলাছ ভাব ও ভাষার দিক থেকে অনন্য। এখানে আছে বিন্দুর ভিতরে সিদ্ধুর গভীরতা। অত্যস্ত স্বল্প পরিসরে অসীম ও মহান সন্তা আল্লাহ্র ছিফাত বা গুণাবলীর অসাধারণ সুন্দর শৈল্পিক বর্ণনা।

কুরআন এমন এক ব্যতিক্রমধর্মী গ্রন্থ, যা অসাধারণ শৈল্পিক ভাষার নিরেট সভা উভারণ করে, নির্ভূপ বৈজ্ঞানিক তত্ত্ব ও তথ্য সরবরাহ করে। আধুনিক বিজ্ঞান আবিদ্ধার করেছে মহাবিশ্বে নিশ্রাণ বলে কিছুই নেই। ১৪ শত বছর আগে কুরআনের শাষ্ট উভারণ — وَالْأَرْمَرُ وَالْأَرْمَرُ وَالْأَرْمَرُ وَالْأَرْمَرُ وَالْأَرْمَرُ وَالْأَرْمَرِ السَّمُوتِ সক্ষেত্র তার নিজ ভাষা অন্যায়ী মহান আল্লাহ্র যিকির করে'। সতএব কোন কিছুই নিশ্রাণ নয়।

সাধুনিক বিজ্ঞানের আর একটি গুরুত্বপূর্ণ আবিষ্কার হচ্ছে-গানি, বা সকল প্রাণীজগতের সৃষ্টির মূল্। অথচ ১৪শ' বছর সাগে কুরআনের অমোঘ ঘোষণা-

وَ اللَّهُ خَلَقَ كُلُّ دَابُّةً مِنْ مَاءٍ

সমন্ত প্রাণীকে আল্লাহ পানি থেকে অন্তিত্ব দান করেছেন'

(নূর ৪৫)। আঁধুনিক বিজ্ঞানীরা গবেষণা করে বের করেছে মহাকাশে অসংখ্যা নক্ষত্ররাজির ভিতরে আছে সূর্যের মত তারা, যারা আলো হারিয়ে বিশাল অন্ধকার গহরের পরিণত হরেছে যা কোটি কোটি তারা মুহুর্তে গিলে ফেলতে পারে। আল্লাহ বলেন,

STATE STATE STATE STATE OF STATE STA

فَ لِأَ أَقَ سِمُ بِهِ وَالشِّهِ النَّهُ وَم ، وَ إِنَّه لَقَ سَمُ لُو تَعْلَمُونَ عَظِيمٌ -

শপথ সেই পতন স্থানের যেখানে নক্ষত্রসমূহ ধাংসপ্রাপ্ত হয়। বদি তোমরা জানতে এটা অবশাই এক মহা শুরুত্বপূর্ণ শপথ' (ওয়াজ্য়াহ ৭৫-৭৬)। ১৪শ' বছর আগে এভাবে ব্লাক হোলের কথা উচ্চারণ করেছে আগ-কুরআন। বিজ্ঞানীরা তখন স্বপ্লেও এমন কথা ভাবেনি। পবিত্র কুরআনে এ রকম অগণিত আয়াত রয়েছে, যা আধুনিক বিজ্ঞানের বিচারে মহাসত্য ও অভ্রাপ্ত। একজন উদ্বি বা নিরক্ষর ব্যক্তির মুখনিঃসৃত ছন্দময় উচ্চারণ কিভাবে আধুনিক বৈজ্ঞানিক সত্যের সাথে এতো সুন্দর সামজ্ঞস্যপূর্ণ হ'তে পারে এটা স্প্তিই একটা বিশ্বয়ের বিশ্বয়।

পবিত্র কুরআনের ভাব ও ভাষার লালিত্যের উপর ভিত্তি করে পরবর্তীকালে গড়ে উঠেছে আরবী ব্যাকরণ ও আরবী সাহিত্যের বালাগাত বা অলংকার শান্ত এবং যে সমস্ত (Figures of Apeech and prosodic devices) ভাষার অশংকার ও ছন্দর্থকরণ । এ কুরআনে ব্যবহৃত হয়েছে তার মত মৃষ্টিমেয় কয়েকটি ব্যবহৃত হয়েছে বর্তমান বিশ্বের বছল প্রচারিত ইংরেজী সাহিত্যে, যা পথিবীর বিভিন্ন সাহিত্য ভারার (যেমন থীক, ল্যাটিন, জার্মান ও ফরাসী সাহিত্য) থেকে ধার করে ভাব ও ভাষায় সমৃদ্ধ হয়েছে। আর কুরআনের অনুকরণীয় অভুশনীয় সৌন্দর্য মাধুর্য এমন এক ব্যক্তির মুখ থেকে উচ্চারিত যিনি কোন কিছু লিখতে জানতেন না, কোন স্থূল, কলেজ, বিশ্ববিদ্যালয়ের মুখও কোনদিন দেখেননি। অথচ সেই মহানবী (ছাঃ)-এর পবিত্র মুখে উচ্চারিত বাণী আজও অপ্রতিষ্দ্রী শ্রেষ্ঠ গ্রন্থ, শ্রেষ্ঠ निव्यकर्भ, त्युष्ठ मुख्यि जनम इत्य जनस्वाजीत जीवन আলোকিত করছে, ভবিষ্যতেও করবে।

ভাই যুগ যুগ ধরে ওধু অপরিবর্তিত অবস্থাতেই নয় বরং সভ্য দিবলুর্শনের মহিমায় এ মহায়ন্থ মানবজাতির কল্যাণ ও শান্তির দিশারী হিসাবে কালজয়ী ও অক্ষয় হয়ে থাকবে। পবিত্র কুরআনে আল্লাহ পাকের স্পষ্ট দ্বাধিন ঘোষণা,

إِنَّا نَمْنُ مَزَّلْنَا الذِّكْنَ وَ إِنَّا لَهُ لَمَافِظُونَ-

নিক্রাই আমরা বিকির (কুরআন) নাবিশ করেছি এবং নিক্রাই একে আমরা হেফাবত বা সংরক্ষণ করব (क्रिस)।

সহারক এছঃ ১. Ahmad Aidaaf, Al-Quran, The Ultimate Miracle (Durban, South Africa, 1979); কালী আহান নিয়া আনু-কোনবান দ্য চালেছ-১ (চাকাঃ কালী আনু-কোনবান দ্য চালেছ-১ (চাকাঃ কালী আনিকেশন); ৩, ডঃ রশীন কালী আনিক বিশ্বরী, অনুনাম মাঙগুলা ক্রীন কালীন মানতি কং ৪. Scientific Indications in the Holy Quran, Edited by Dr. Shamsher Ali and Others. (Dhaka, Islamic Foundation Bangladesh).

পারভারসন বা বিকৃত গণতন্ত্রের দেশ

আবদুর রহমান*

শিরোনামে ব্যবহৃত 'পারভারসন' শব্দের অর্থ বিক্তি। মানুষের ব্যবহারিক জীবনে বিকৃতি দেখা যায়। যাকে আমরা সাধারণভাবে বলে থাকি পাগল, ভারসাম্যহীন ব্যক্তি। অসংলগ্ন কথাবার্তা ও চলাফেরায় তা প্রকাশ পায়।

তবে যৌন সংক্রান্ত ব্যাপারে এটা যথায়থ স্বার্থক প্রয়োগ। পকিমা বিশ্বে মহামারী আকারে যৌন বিকৃতি (Sexual Perversion) দেখা যাচ্ছে। যার ফলে এইডুস নামক দুরারোগ্য ব্যাধি তার মরণ থাবা বিস্তার করে এগিয়ে চলেছে। যৌন বিকৃতির লোকেরা যৌন সঙ্গমৈ সোজা পর্থ ছেড়ে বাঁকা পথ বেছে নেয় এবং বাঁকা পথকে সুখকর বলে মনে-প্রাণে গ্রহণ করে সেদিকেই এগিয়ে চলে। এরপ বাঁকা পথে চলতে গিয়ে কঠিন বিপদের সমুখীন হয় এবং নিঃশেষ হয়ে যায়। তিলে তিলে মৃত্যুকে আলিঙ্গন করে। এইসব যৌন বিকৃতির লোকেরা সমকামিতার জন্য পাগলপারা হয়ে যায়। বাকে ইংরেজীতে Sodormy বলা হয়। এইরূপ জঘন্যতম কাঞ্চ আমেরিকা মহাদেশে সরচেয়ে বেশী রেকর্ড স্থাপন করেছে। প্রাচীনকালে লৃত (আঃ)-এর আমলে প্রচলিত পুংমৈথন সম্পর্কে পবিত্র কুরআনের সূরা আ'রাফ, হুদ ও হিজরে (৫৯-৭৫) আলোকপাত করা হয়েছে।

লুত (আঃ) পুংমৈপুনে লিও সামৃদ নামক স্থানের অধিবাসীদেরকে তা হ'তে নিবৃত্ত থাকার জন্য উপদেশ দিয়েছিলেন। মহান আল্লাহ বলেন, 'ভোমরা ভো কামবশতঃ নারীদেরকে ছেড়ে পুরুষদের নিকট গমন কর। বরং তোমরা সীমা অতিক্রম করেছ। তাঁর সম্প্রদায় এছাড়া কোন উত্তর দিল না যে, বের করে দাও এদেরকে শহর থেকে। এরা খুব সাধু থাকতে চায়। অতঃপর আমি তাকে ও তাঁর পরিবার-পরিজনকে বাঁচিয়ে দিলাম, কিন্তু তার স্ত্রী। সে তাদের মধ্যেই রয়ে গেল, যারা রয়ে গিয়েছিল। আমি তাদের উপর প্রস্তরবৃষ্টি বর্ষণ করলাম। অতএব দেখ. গোনাহগারদের পরিণতি কেমন হয়েছে' (আ'রাফ ৮১-৮৪)।

অন্যত্র মহান আল্লাহ বলেন, 'আর যখন আমার প্রেরিত ফেরেশতাগণ পৃত (আঃ)-এর নিকট উপস্থিত হ'ল। তখন তাঁদের আগমনে তিনি দুক্তিম্বাগ্রন্ত হ'লেন এবং তিনি বলতে লাগদেন, আজ অত্যন্ত কঠিন দিন। আর তার কওমের লোকেরা স্বতঃস্কৃতভাবে তাঁর (গৃহ) পানে ছুটে আসতে লাগল। পূর্ব থেকেই তারা কু-কর্মে তৎপর ছিল। লুড (আঃ) বললেন, হে আমার কতম। ঐ যে আমার কন্যারা রয়েছে, এরা তোমাদের জন্য অধিক পবিত্রতমা। সূতরাং তোমরা আল্লাহকে ভয় কর এবং অতিথিদের ব্যাপারে

আমাকে লজ্জিত করো না। তোমাদের মধ্যে কি কোন ভাল মানুষ দেই! তারা বলল, তুমি তো জানই, তোমাদের কন্যাদের নিয়ে আমাদের কোন গরজ নেই। আর আমরা কি চাই, তাও তুমি অবশ্যই জান। লৃত (আঃ) বললেন, হায়। তোমাদের বিরুদ্ধে যদি আমার শক্তি থাকত অথবা আমি কোন সুদৃঢ় আশ্রয় গ্রহণ করতে সক্ষম হ'তাম 🛭 মেহমানগণ বললেন, হে লুড়া আমরা আপনাদের পালনকর্তার পক্ষ হ'তে প্রেরিত কেরেশতা। এরা কখনো আপনার দিকে পৌছতে পাররে না। আপনি কিছুটা রাড থাকতেই নিজের *জোকজন নিয়ে* বাইরে চলে যান। এমতাবস্থায় আপনাদের কেউ যেন পিছনে ফিরে না তাকায়। তবে নিশ্চয়ই আপনার স্ত্রীর উপরও তা আপত্তিত হবে, যা ওদের উপর আপতিত হবে। ভোর বেলাই তাদের প্রতিশ্রুতির সময়, ভোর কি খুব নিকটে নয়? অবশেষে যখন আমার হকুম এসে পৌছল, তখন আমি উক্ত জনপদকে উপরকে নীচে করে দিলাম এবং তার উপর ভরে ন্তরে কাঁকর-পাথর বর্ষণ করলাম' (হুদ ৭৭-৮২)।

ব্যক্তিগত, কণ্ডমগত, সমাজগত বিকৃতি সম্বন্ধে আলোচনার পর এক্ষণে আমরা একটা রাষ্ট্রের মধ্যে ও তাদের মতবাদের ভিতরেও যে বিকৃত মুনোভাব কাজ করে তার উদাহরণ পেশ করব ৷-

আমেরিকার প্রয়াত প্রেসিডেন্ট আব্রাহাম লিংকন গণতন্ত্রের সংজ্ঞা দিয়েছেন এভাবে "The Government of the people, by the people and for the people". ज्या 'গণতন্ত্র হ'ল জনগণের ঘারা, জনগণ কর্তৃক জনগণের সরকার'। আমেরিকার গণভন্তে একটি অপ্রিয় কথা চালু আছে যে, "Voice of people is the voice of God". অর্থাৎ 'জনগণের কণ্ঠস্বরই ঈশ্বরের কণ্ঠস্বর'। অথচ আধুনিক বিশ্বের সেরা এবং গণতন্ত্রের সূতিকাগার বলে পরিচিত যে সব দেশ রয়েছে, সেসব দেশের রাষ্ট্রনায়কগণই গণতন্ত্রকে গলাটিপে হত্যা করতে সামান্যতম দ্বিধাবোধ করছে না।

অতি সম্প্রতি গণতন্ত্রের ধাজাধারী বলে পরিচিত বর্তমান বিশ্বের শীর্ষ সম্ভাসী আমেরিকা ও বৃটেন বিশ্বব্যাপী প্রতিবাদ ও নিন্দা উপেক্ষা করে এমনকি খোদ আমেরিকা ও বুটেনের অধিবাসীদের প্রতিবাদ ও ধিক্কার উপেক্ষা করে 'জাতিসংঘ'কে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে মিথ্যা অভিযোগ এনে দুর্বল, অসহায় ও নিরপরাধ ইরাকের উপর হিংস্র হায়েনার মত ঝাঁপিয়ে পড়ে বিশ্ব ইতিহাসের সবচেয়ে জঘন্যতম কলংকিত অধ্যায়টি রচনা করেছে। টন টন বোমা নিক্ষেপ করে পুরো ইরাককে ধাংসম্ভূপে পরিণত করেছে। ধাংস করা হয়েছে সকল ঐতিহাসিক স্থাপনা। ভৈঙ্গে ফেলা হয়েছে অর্থনৈতিক মেরুদন্ত। বুভুক্ষু মানবতার আর্তচিৎকারে আজ ইরাকের আকাশ-বাতাস ভারী হয়ে उঠছে। এটাই कि মানবাধিকার? এটাই कि গণতন্ত্র? ना, বরং এটিই গণতন্ত্রের বিকৃতি।

^{*} धम,ध, (রাষ্ট্র বিজ্ঞান), সাধুরমোড়, ঘোড়ামারা, রাজশাহী।

আমেরিকান কংগ্রেসও এর জন্য দায়ী। তারাই সর্বপ্রথম ইয়াক যুদ্ধের অনুমোদন দেয়। আবাহাম লিংকন, জর্জ ওয়ালিংটন, জেফারসন, ম্যাডিসন প্রমুখ যে গণতদ্রের কথা বলে গেছেন, যা নিয়ে আমেরিকানরা গর্ব করে এবং নিজেদেরকে স্বাধীনতার ধ্বজাধারী বলে দাবী করে, সে গণতদ্ধ আজ বিকৃত গণতদ্ধে পরিণত হয়েছে। উদ্রো উইলসন কংগ্রেসে প্রদন্ত এক ভাষণে বলেছিলেন, 'আমরা কোন আগ্রাসন বা আধিপত্যে বিশ্বাসী নই। আমাদের নিজস্ব কোন চাওয়া-পাওয়ার স্বার্থ নেই। আমরা হ'তে চাই ওধুমাত্র মানবিক অধিকারের অন্যতম শ্রেষ্ঠতম দেশ।'

after the titles. It will be well, their we tight it it is being about the well of the light.

"We have no selfish ends to serve we desive no conquest, no dominion we seek no indeminities for our selves. No material compensation for the sacrifices. We shall freely wake. We are but one of the champions of the rights of mankind".

কত বড় কথা বলে গেছেন তাদের নেতারা। তারা বলে গেছেন, আমরা গণতন্ত্রের জন্য জাগ্রত, বিনিদ্র প্রহরারত। আর সে দেশের প্রেসিডেন্ট ডব্লিউ বৃশ কি করলেন? ইরাকের প্রেসিডেন্ট সাদাম হোসাইন একটি স্বাধীন সার্বভৌম রাট্রের প্রেসিডেন্ট। সে যতই খারাপ হৌক তাকে অপসারণ করার ক্ষমতা ইরাকী জনগণের। সে দায়িত্ব প্রেসিডেন্ট বৃশকে কে দিয়েছে? তাই সে বাঁকা পথে বাগদাদ দখলের ভার নিয়েছিল। তার বিকৃত গণতন্ত্রের শ্লোগান ছিল- "Shock and Awe" 'আক্ষিক আঘাত কর আর আস সৃষ্টি করে এগিয়ে যাও'।

আমেরিকার গণভন্ত যে পুরাপুরি Perverted form তথা বিকৃত, তা আপনি বৃঝতে পারবেন না। বরং আমেরিকাকে 'ল্যাণ্ড অফ হিপোক্র্যাসি' বা 'ভণ্ডামীর দেশ' বলাই শ্রেয়। তারা বাইরে যা বলে, প্রচার করে তার বিপরীত। আমেরিকা তার জনগণকে একটি গণ্ডির মধ্যে থাকার জন্য তা বেঁধে দিয়েছে। বাইরে যা বলে বা দেখতে পাওয়া যায় কিন্তু ভিতরে অত্যন্ত কঠোর নিয়মনীতি। কোথায় বাক স্বাধীনতা (Freedom of speach)? কোথায় সংবাদপত্রের স্বাধীনতা (Freedom of press and publication)?

সেখানে নিয়মনীতি মেনে না চললে কঠোর ব্যবস্থা। ভাতে
মারা হ'তে জীবন মারা পর্যন্ত হ'তে পারে। আমেরিকাতে
কথা বলার স্বাধীনতা আছে বলে যা প্রচার করা হয়,
আসলে সেটা মিখ্যা। যে জিনিষটা আছে সেটা হ'ল
নিয়ন্ত্রিতভাবে কথা বলা বা মত প্রকাশ করা। দেশটি চালিত
হয় গুটি কতক লোক বা প্রতিষ্ঠান দ্বারা, যার নাম হ'ল
কর্পোরেট আমেরিকা'।

এই বিকৃত গণতন্ত্রকে সবল রাখার জন্য সেদেশে মিডিয়া নামক যে জিনিষটা আছে তা তাদের স্বার্থসিদ্ধির জন্য ছয়কে নয়, নয়কে ছয় করতে পারে। আগামীতে কে প্রেসিডেন্ট হবে? কাকে ঐ পদের জন্য মনোনীত করা হবে? সবই ঐ 'কর্পোরটে'র উপর নির্ভরশীল।

বিবিসি, সিএনএন, এ,বি,সি সংবাদ মিডিয়াগুলির নিরপেক্ষভাবে সংবাদ প্রচারের সাহস নেই। যে প্রতিষ্ঠান বা ব্যক্তিই সে দেশে থাকুক না কেল ভার পিছনে সূতা বাঁধা।
একটা কথা এদিক সেদিক হ'লে পরদিন তার চাকরি নেই।
প্রথম ও দ্বিতীয় মহাযুদ্ধের পর বিশ্বের মানুষ যেন হাঁপিয়ে
উঠেছিল শান্তির জন্য। কোন রক্ষের যুদ্ধ-বিশ্রহ সাধারণ
শান্তিপ্রিয় মানুষ চায় না। না চাইলেই কি হবেঃ কোন
শাসকের রক্তে যদি রণোনাত্ত ফ্যান্সিরাদের রক্ত থাকে, সে
শাসক নিজ রাজ্যের গণ্ডি পেরিয়ে পররাজ্য থাসের চিন্তায়
বিভার হয়ে উঠে এবং বিশ্ব শান্তি বিশ্লিত করে। বিনা
উসকানিতে যুদ্ধ বাঁধিয়ে দেয়। ঠিক যেমনটি বিকৃত
গণতন্ত্রের প্রেসিডেউদ্বয় বুশ-ব্রেয়ার করল। বিশ্ব জনমত,
জাতিসংঘ সব কিছুকে উপেকা করে মিধ্যা অজুহাতে ইরাক
আক্রমণ করে তা দর্যল করে নিল।

বুশ-ব্রেয়ারের গণতম্ব ও মুসোলিনী-হিটলারের ফ্যাসিবাদের মধ্যে কত সাদৃশ্য। একই মুদ্রার এপিঠ-ওপিঠ।

ক্যাসিবাদ যেখানে যেনতেন প্রকারে পররাজ্য আক্রমণ ও দখলের পক্ষপাতী। অন্যদিকে বৃশ-ব্রেয়ারের বিকৃত গণতদ্রের শ্রোগানই ছিল "Shock and Awe." আমেরিকার মুখে এখন রক্তের স্বাদ। আফগানের পর ইরাক। এরপর হয়ত ইরান। এভাবে দ্রুত এগিয়ে যাচ্ছে বিকৃত গণতদ্রের দিকে এবং তারা পৃথিবীকে আমেরিকার আদলে ঢেলে সাজাবে এবং সে দেশকে আমেরিকাকরণ করবে। ক্যাসিবাদ যেমন ব্যক্তি স্বাতন্ত্র্য ও গণতদ্রের উপর চরম আঘাত হেনেছে, তেমনি আমেরিকাও আঘাত হেনেছে গণতদ্রের উপর।

জনমত, গণমতকে তোরাক্কা না করে জাপান, ভিয়েতনামসহ পৃথিবীর বহু দেশের গণতন্ত্রকে হরণ করেছে। অনেক দেশে সে সরাসরি যুদ্ধে না গিয়ে গণতান্ত্রিক দেশের সরকার হটানোর জন্য অন্য পক্ষকে লেশিয়ে দিয়েছে এবং পরোক্ষভাবে স্থ্যাসিবাদ-নাংসীবাদের নেতাব্যের মত আচরণ কাছে। যেন মাতে হার স্থায় is to man what maintainly is to woman." মাতুত্ব ক্ষেম্ম নেয়েনর জন্য পুলবের জন্য তেবান মুদ্ধা

ক্যানিবাদ তত্ত্বে মুলোদিনী বিচলাত ধেমৰ বিশ্বীত মহাযুক্তর গাঁটবাড়া বেঁধে গোটা বিবে আলোড়ন সৃষ্টি করেছিল, ঠিক তেমনিকাবে ইরাক যুক্তে গণতক্ষের দোহাই দিয়ে বুল-ব্রেয়ার একাছা হয়ে বিশ্ববাসীকে একহাত দেখিয়ে দিয়েছে।

ইতিহাস সাক্ষ্য দের, যে জাতি বল প্রয়োগের মাধ্যমে শান্তিকামী মানুষকে দাসত্ত্বে নিপৃঢ়ে আবদ্ধ করতে প্রবৃত্ত হয়েছে, সে জাতিই ইতিহাসের পাতা থেকে নিশ্চিক্ত হয়ে গেছে। ফ্যাসিবাদী হিটলার-মুসোলিনী আজ কোথায়ঃ


বৃশ-ব্রেয়ারের বিকৃত গণতন্ত্র (Perverted form of democracy) যৌন বিকৃতির (Perversion of Sexuality) চেয়ে মারাত্মক জঘন্য। বিকৃত গণতন্ত্র এমন, যা গোটা বিশ্বে তার প্রভাব পড়ে এবং তা একটা দেশ, জাতি ও তার কৃষ্টি-কালচারকে ধ্বংস করে দেয়। অন্যদিকে যৌন বিকৃতি একটা সমাজের লাকদের

অবঃগতন হয়। সমাজকে কলুবিত করে। এই কারণে তদানীন্তন বৃটিশ প্রধানমন্ত্রী চার্চিল গণ্ডন্ত্রকে সবচেরে মন্দ্র সরকার (Democracy is the bad form of govt.) বলে অভিহিত করেছেন। আর যুক্তরান্ত্র হ'ল আমেরিকান সাম্রাজ্য, যেখানে সত্যের কোন মূল্য নেই'। 'বুকার' পুরুষর বিজয়ী ভারতীয় লেখিকা অরুদ্ধতী রায় আউটলুক' ম্যাগাজিনে প্রকাশিত এক প্রবদ্ধে একথা বলেন। তিনি আরো বলেন, 'ইরাকে আগ্রাসন চালানো হয়েছে এবং দেশটি দখল করা হয়েছে। কিন্তু কোন ব্যাপক ধ্বংসান্থক অন্ত্র পাওরা বায়নি। সম্বত এগুলি পুঁজে পেতে হ'লে তা সেখানে রেখে আসতে হবে'।

তিনি বলেন, 'আধুনিক বিশ্বের দেবতা 'গণভন্ধ' এখন সংকটের মুখে। গণভদ্ধের নামে সব ধরনের অপরাধ করা হচ্ছে'। তিনি আরো বলেন, 'গণভন্ধ হ'ল মুক্ত বিশ্বের বেশ্যা। ইচ্ছামত একে পোষাক পরানো হয় আবার উলঙ্গ করা হয়- যা সব ধরনের চাহিদা মেটায়। ইচ্ছামত যা ব্যবহার বা অপব্যবহার করা যায়'।

উপসংহারঃ

রাইবিজ্ঞানে বিভিন্ন মতবাদের কথা উল্লেখ আছে। তবে
নির্দিষ্ট কোন একটা মতবাদ বান্তব ক্ষেত্রে আধুনিক কোনরাষ্ট্রের কার্যকলাপে হ্বছ্ আরোপিত হ'তে দেখা যার না।
সকল মতবাদ কি নিজ রাষ্ট্রের গণ্ডির মধ্যে সীমাবজঃ
গণতন্ত্র, সমাজতন্ত্র, ধনতন্ত্র নিজ গণ্ডি ছাড়িয়ে স্বার্থনিদ্ধির
জন্য কি চেষ্টা চালায় নাঃ এক ইসলামের ভিত্তিমূলে নিহিত
রয়েছে মানবতামুখী আন্তর্জাতিকতা। ইসলাম চায় জাতি ও
রাষ্ট্রের সংকীর্ণতায় আবদ্ধ সংঘাত ও সংঘর্ষে লিও
অন্যায়-অবিচারী মানবগোষ্টীকে এক আদর্শভিত্তিক
আন্তর্জাতিক কল্যাণমুখী করতে। আল্লাহ সকল মতবাদের
গণ্ডি ছাড়িয়ে সকলকে এক ইসলামী গণ্ডিতে আসার
তাওকীকু দিন। আমীন!!



ভারতীয় জবরদখণ ও 'শান্তিবাহিনী'র অতভ তৎপরতা বৃদ্ধি

উমর ফারুক আল-হাদী

দেশের এক-দশমাংশ পার্বত্য অঞ্চল ক্রমাগত অশান্ত হয়ে উঠছে। ভারতীর সীমান্ত সেনাদের জবরদর্যস শান্তিবাহিনীর ভারী অন্ত্রধারীদের অভভ ভৎপরতা এবং শান্তিবাহিনীর সন্ত্রাসী গ্রুপগুলির ভারতে সমগ্র এলাকার নিরাপতা চরমভাবে বিশ্ব হচ্ছে। সংশ্লিষ্ট সূত্রতলি বলছে, আওয়ামী লীগ শাসনামলে সম্পাদিত তথাক্ষিত পার্বত্য শান্তি চুক্তির সুবাদে ভারতীয় সীমান্ত সেনারা শান্তিরাহিনীর যোগসাজশে বাংলাদেশের মূল ভূখতে অতভ ভৎপরতায় লিও রয়েছে। শান্তিবাহিনীর ভরংকর সন্ত্রাসীরা ভারী আগ্রেয়াত্রের মজুদ ভাতার সংরক্ষণ করার দক্ষ্যে পাহাডী জনপদের গহীন অরণ্যে তৎপর রয়েছে। শান্তিবাহিনীর ভাৰবে পাৰ্বতা অঞ্চলের নিরাপত্তা চরমভাবে বিদ্র ঘটছে। চারদলীয় জোট সরকার ক্ষমতা গ্রহণের প্রায় দুই বছর সময় অতিবাহিত হ'লেও সরকার দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্বের নিরাপন্তার সাথে জড়িত পার্বত্য অঞ্চলের द्रक्रनाटकरण कान উদ্যোগ গ্রহণ করতে পারেনি। বরং প্রধানমন্ত্রী খালেদা জিয়া-এর বিএনপি সহ দেশশ্রেমিক সকল জনতার প্রাণের দাবী তথাকবিত শান্তি হক্তি এখনও বাতিল করা হয়নি। আর এই সুবাদে শান্তিবাহিনীর সদস্যদের এবং দেশী-বিদেশী চক্রান্তের বিস্তার ঘটছে এবং এদের অব্যাহত ষড়বল্লে পার্বত্য এলাকার নিরাপন্তাও হুমকির মুখে পড়ছে। প্রায় ১২ লাখ মানুষের বসবাসের আবাসভূমি বিশাল পার্বত্য এলাকায় বর্তমানে ভারতীর সেনাদের অবরদশল চলছে। গত ক'বছর ধরেই ভারতীর বর্ডার সিকিউরিটি ফোর্স (বিএসএফ) বাংলাদেশের অভ্যন্তরে পার্বভা অঞ্চলে অবৈধভাবে নতুন নতুন ক্যাম্প দ্বাপন করা এবং শান্তিবাহিনীর সদস্যদের অন্ত সরবরাহ করা অব্যাহত রেখেছে। নতুন স্থাপিত ক্যাম্পে বর্তমানে ভারতীয় প্রচুর সেনা মোতায়েন করা হয়েছে এবং প্রতিনিরত নতুন নতুন ক্যাম্প, বাংকার স্থাপন করে ভারতীয় সেনাদের শক্তি বৃদ্ধি করার একাধিক অভিযোগ পাওয়া গেছে। অপরদিকে আওয়ামী লীগ সরকার আমলে শান্তি চুক্তির অজুহাতে বাংলাদেশ-ভারত সীমান্ত এবং বাংলাদেশ-মিয়ানমার সীমান্ত এলাকা থেকে ৫০০ বিভিআর ও সেনা ক্যাম্পের মধ্যে ১শ'টি সেনা ক্যাম্প প্রত্যাহার করার পর বর্তমান সরকার আমলে সেগুলি পুনরায় চালু করে সেনা মোতায়েন করার উদ্যোগ নেয়া হয়নি। অন্যদিকে সেনা প্রভ্যাহারের পাশাপাশি পার্বভ্য অঞ্চলের এইসব এলাকাগুলির স্পর্শকাতর এবং গুরুত্বপূর্ণ স্থানের সীমান্ত এলাকায় যে ২০টি হেলিকন্টার ধারণ ক্ষমতাসম্পন্ন ক্যাম্প স্থাপন করা হয়েছিল সেগুলিও নিক্রিয় করে রাখা হয়েছে। সংশ্লিষ্ট সূত্র মতে, বাংলাদেশের পার্বত্য অঞ্চলে

বাংলাদেশ-ভারত এবং বাংলাদেশ-মিয়ানমার সীমান্তের দৈর্ঘ্য প্রায় ৭শ' কিলোমিটার। তন্যধ্যে বাংলাদেশ-ভারতের সীমান্ত দৈর্ঘ্য প্রায় ৩৬৪ দশমিক ৮০ মিলোমিটার। অন্যদিকে, এই ৭শ কিলোমিটারের মধ্যে বাংলাদেশ-মিরানমার সীমান্ত দৈর্ঘ্য প্রায় ১শ' ১ কিলোমিটার। বর্তমানে পার্বত্য এলাকার এই ৭ল' কিলোমিটার সীমান্তের প্রায় ৩৬৫ কিলোমিটার সীমান্ত এলাকাই ভারতীয় সেনাদের দখলে। রাঙ্গামাটি যেলার আন্দারমানিক খেকে মদক পর্যন্ত প্রায় ১৩১ দশমিক ২৫ কিলোমিটার সীমাত্ত, খাগড়াছড়ি বেলার নাড়াইছড়ি থেকে রাসাযাটি যেলার সাজেক পর্যন্ত প্রায় ১৩৩ কিলোমিটার এলাকাতে বাংলাদেশ সেনাবাহিনী, বিডিআর বা আনসার বাহিনীর কোন ক্যাম্প বা চেকপোট নেই। ফলে শান্তিবাহিনী ও ভারতীয় সেনারা এই সীমান্তে অবাধে যাতায়াত করার সুযোগ গেয়েছে। বান্দরবান যেলার লেমছড়ি থেকে মদক পর্যন্ত প্রায় ১শ' ১ কিলোমিটার সীমান্তে কোন বাংলাদেশী সেনা ক্যাম্প নেই। ফলে দীর্ঘদিন থেকেই এসৰ সীমান্তের প্রায় ৩৬৫ কিলোমিটার সীমান্ত এলাকা অরক্ষিত অবস্থার ররে গেছে। আর এ সুযোগেই এই বিশাল এলাকা ছড়ে ভারতীয় বিএসএফ নতুন নতুন ক্যাম্প স্থাপন করে জবরদখল অব্যাহত রেখেছে। বর্তমানে পার্বত্য অঞ্চলের এই গভীর অরণ্যের এলাকাটিতে ভারতীয় সেনাদের অবাধ বিচরণ অব্যাহত থাকায় দেশের নিরাপতা মারাত্মকভাবে বিনষ্ট হচ্ছে। পাশাপাশি শান্তিবাহিনীর জঙ্গী সদস্যরা পাহাড়ের গহীন অরণ্যে তাদের অন্ত প্রশিক্ষণসহ দেশের স্বার্থবিরোধী কর্মকাণ্ড অব্যাহত রেখেছে। বিএসএক সেনারা বাংলাদেশের অভ্যন্তরে প্রবেশ করে সীমানা পিলার তুলে বাংলাদেশ সীমানার অভ্যন্তরে অস্থায়ী সীমানা পিলার স্থাপন করার অভিযোগও পাওয়া গেছে। এছাড়া নতুন নতুন ক্যাম্প স্থাপন করার পরে সেখানে ভারতীয় সেনারা অবস্থান নিয়েছে। এমনকি পাহাড়ী টিলা, মূল্যবান বনজসম্পদ ও ফসলী জমি পর্যন্ত ভারতীয় দখলে নিয়েছে। এসব এলাকার বিশাল ভূখণ বাংলাদেশ আদৌ উদ্ধার করতে পারবে কি-না তা নিয়েও জনমনে শঙ্কা দেখা দিয়েছে।

এলাকাবাসীর অভিবোগ, বর্তমান জোট সরকার ক্ষমতা গ্রহণের পর পার্বত্য অঞ্চলের জনগণের সমস্যা সমাধানসহ বেদখলকৃত বাংলাদেশী ভূমি উদ্ধারের যে স্বপ্ন ছিল, তা সিদ্ধান্তহীনতার কারণে অন্ধকারে নিমক্ষিত।

শান্তি চুক্তির শর্ত মোতাবেক আওয়ামী লীগ সরকার ১০০টি সেনা ক্যাশ প্রত্যাহার করেছে। সেই সাথে ৩টি ব্যাটালিয়ন দু'হাষার পাঁচশ' আনসার সদস্যকে প্রত্যাহার করে নের। একই সাথে সাবেক সরকার পার্বত্য এলাকায় ৬ সহস্রাধিক প্রাম প্রতিরক্ষা বাহিনীর (ভিডিপি) অন্তও জমা নের। ফলে এসব এলাকায় নিরাপন্তা ব্যবস্থা তখন থেকেই হুমকির মুখে ররেছে। এদিকে, পার্বত্য এলাকায় বসবাসরত পার্বত্য বাঙ্গালী সম্প্রদায়ভুক্ত জনগোন্ঠী দেশ ও জাতির স্বার্থে এসব অঞ্চলের ক্যাশভলিতে পুনরায় সেনা মোতায়েন করা এবং বাংলাদেশী জনগণের নিরাপন্তা রক্ষায় প্রশ্ন দেখা দিয়েছে কেন এবং কার স্বার্থে সেনাক্যাম্প প্রত্যাহার করা হয়েছে।

সেনাবাহিনী থাকলে কি সন্তু লারমা, জনসংহতি সমিতির সদস্য এবং ইউনিছিএফ সদস্যদের নিরাপত্তা বিপন্ন হবে? দেশের বিভিন্ন এলাকাতে হাষার হাষার সেনাবাহিনী সদস্যের মধ্যে সারাদেশের মানুষ যদি বসবাস করতে পারেন তবে সন্তু লারমারা কেন সেনাবাহিনীকে নিরাপদ মনে করে নাঃ শান্তিবাহিনীর মূল উদ্দেশ্য ও লক্ষ্য কিঃ তারা যদি এদেশের সকল নাগরিক সুযোগ-সুবিধা ভোগ করতে পারেন এবং এমপি হরে জাতীয় সংসদে আইন প্রণয়নের সাথে ওক্সত্বপূর্ণ রাষ্ট্রীয় কার্যক্রমে অংশগ্রহণ করতে পারেন, তবে কেন পাহাড়ী শান্তিবাহিনীর নেতা-কর্মীরা সেনাবাহিনীর উপস্থিতি সহ্য করবেন না। বিষয়টি বর্তমান সরকারের বিবেচলায় নিয়ে যক্ষরী ব্যবস্থা গ্রহণ করা উচিত।

এদিকে শান্তিবাহিনীর সদস্যরা অবৈধ ভারী অৱ-দুর্ধর্য সম্রাসী ঐপ্টলির কাছে বেচাকেনা করার সাথেও জড়িত রয়েছে। আমেরিকার তৈরী এম-১৬ এর মত ভারী অন্ত্র একে-৪৭, একে-৫৬, জি-প্রী, জি-ফোরসহ বিভিন্ন নামের ভয়হর সব অন্ত শান্তিবাহিনীর মন্ত্রুদ ভাষার জোরদার করে চলেছে। এসব ভারী অন্ত এখন সহজ্ঞলভ্য ও সন্তায় কেনাবেচা হৰে। এছাড়া শান্তিবাহিনী প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সহযোগিতা করছে ভারতীয় সেনাবাহিনীদের। অথচ ভারতীয় সেনাবাহিনী ত্রিপুরা রাজ্যের গেরিলা সংগঠনের সদস্যদের খোঁজাখুঁজির অজুহাতে অবাধে বাংলাদেশের মূল ভূষতে চলাফেরা করছে। তথু তাই নয় বর্তমানে পার্বত্য অঞ্চলের বিশাল এলাকা জুড়ে বিএসএফ সদস্যরা নতুন নতুন ক্যাম্প স্থাপন করে গোলাবারুদ মজুদ বৃদ্ধি করার সংবাদে পাহাড়ী অঞ্চলে আতত্ক ছড়িয়ে পড়ছে। ভারতীয় সেনারা বাংলাদেশের অভ্যন্তরে প্রবেশ করে স্থায়ী বাংকার ও সড়ক নির্মাণও করেছে বলে অন্তিযোগ পাওয়া গেছে। ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী আন্তর্জাতিক সীমান্ত আইন লংখন করে বাংলাদেশের পার্বত্য অঞ্চলের ফেনীছড়া ক্যাম্প স্থাপন করেছে। এছাড়া বাংলাদেশের ভূখতে দুদুকছড়া সীমান্ত সংলগ্ন কাউলিংছড়া এবং চেপেলিংছড়াতেও জবরদখল করে ২টি সেনা ক্যাম্প স্থাপন করেছে। এসব স্থানে সড়ক নির্মাণ ও বাংকার নির্মাণও অব্যাহত রয়েছে বলে একাধিক নির্ভরবোগ্য সূত্রে জানা যায়। স্থানীয় সূত্র জানায়, ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর (বিএসএক) সদস্যরা পার্বভ্য চট্টগ্রামের খাগড়াছড়ি যেলার এবং মাটিরাঙ্গা, তাইন্দং ইউনিয়নের ১৮৩ নং অচালং সীমান্তে প্রায় ১৭শ একর ভূমি জবরদখল করে নিয়েছে। এই বিশাল এলাকাতে ভারতীয় সেনারা প্রায় ১০টি সেনাক্যাম্পও স্থাপন করেছে। এ বিষয়ে বিডিআর ও বিএসএক-এর উচ্চ পর্যায়ে দফায় দফায় বৈঠক অনুষ্ঠিত হ'লেও ভারতীয় পক্ষ এসব বিষয় মীমাংসা করতে আগ্রহী নয়। ফলে নতুন করে সীমান্ত বিরোধের সৃষ্টি হচ্ছে। বর্তমানে এই ১৭শ' একর ভূমিতে তাদের কার্যক্রম অব্যাহত রয়েছে। এলাকাতে চরম উত্তেজনা বিরাজ করছে। ভারতীয় সেনারা একতরফাভাবে নতুন ক্যাম্প স্থাপনের পাশাপাশি मिक्रमानी স্যাটেলাইট ক্যামেরা ও শক্তিশালী দুরবীনও স্থাপন করেছে বলে জানা যায়। 1 मश्कमिछ 1

দরিদ্রতাঃ প্রতিকারে ইসলাম

সুমন শাম্স

দারিদ্রাসয় একটি জীবন অভিশাপ স্বরূপ। বাংলাদেশ বা সারা বিশ্ব আজ হুমকির সমুখীন এই সংক্রোমক দারিদ্রের অনভিপ্রেত ছোবলে। কিছু দুঃখজনক হ'লেও সত্য, এর রোধকল্পে জনমনে কোনই উছেগ-উৎকণ্ঠা নেই, নেই ঐকান্তিক প্রচেষ্টাটুকুও। অথচ একমাত্র ইসলামী আইনের সফল প্রয়োগই পারে এই দারিদ্রোর আধাসন থেকে বিশ্বমানবতাকে মুক্তি দিতে।

দারিদ্র্য কাকে বলে?

টান্ধকোর্স রিপোর্টের প্রথমেই দারিদ্রোর পরিচিতি প্রদানে বলা হয়েছে, 'মানুষের সৃষ্ট্-সক্রিয় জীবন যাগনের জন্য নির্দিষ্ট মৌলিক ক্ষমতার অভাব, আশ্রয় ও বন্ধসহ সসমানে জীবন যাগনের ক্ষমতার অভাবকে দারিদ্র বলে'।

দারিদ্রোর কারণঃ

দারিদ্র্যের প্রধান কারণ হিসাবে আমরা একটি দেশের বা রাষ্ট্রের বিপর্যন্ত অর্থনীতিকেই দোষারোপ করতে পারি। কেননা সূষ্ঠ অর্থনীতি পরিকল্পনাই পারে রাষ্ট্রের দারিদ্র্য নামক আবর্জনাকে ডাইবিনে নিক্ষেপ করতে। যার প্রতিচ্ছবি আমরা রাস্পুল্লাহ (ছাঃ)-এর অর্থব্যবস্থার দেখতে পাই। অর্থনীতিবিদগণও একটি সূষ্ঠ অর্থব্যবস্থাকেই দারিদ্র্য বিমোচনের একমাত্র উপায় হিসাবে মনে করেন। ক্যামবিদ্ধ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক L. Robins বলেন, "Economics is the science which studies human behaviour as a relationship between ends scarce means which have alternative uses."

অর্থাৎ 'অর্থনীতি হ'ল এমন একটি বিজ্ঞান, যা মানুষের দারিদ্র্য এবং বিকল্প ব্যবহারযোগ্য দুস্পাপ্য উপকরণের মধ্যে সমন্বয় সাধনকারী কার্যাবলীর আলোচনা করে'।

দারিদ্র্য দ্রীকরণে ইসলামী অর্থনীতির পদক্ষেপঃ

The systamatic way and the salvation of mans life also code of Islam. 'পরিপূর্ণ জীবনাদর্শ ইসলামেই রয়েছে সর্বাঙ্গীন সমস্যার সুষ্ঠু সমাধান'। যাকে নেপথ্যে রেখেই কিংবদন্তির শ্রেষ্ঠ অর্থনীতিবিদ রাস্লুক্লাহ (ছাঃ) সূচনা করেছিলেন অর্থনীতির এক নব অধ্যায়। যার

সুশীতল আশ্ররে দরিদ্র জনতা খুঁজে পেরেছিল তাদের পূর্ণ অধিকার; যুচেঁছিল আর্তমানবতার করণ নিনাদের মর্মন্তদ আহজারী। যাকাত বাধ্যতামূলক করণ, ফিংরা আবশাকীর করণ, সৃদ প্রথার মূলোংপাটন, ধন কুন্দীগত নিষদ্ধকরণ ইত্যাদি ছিল যার মৌলিক প্রতিপাদ্য। এলাহী নীতির সকল প্রতিফলন আজও আমাদের উপহার দিছে পারে দারিদ্যামূক্ত একটি সুশীল সমাজ। যার আকাশে বাতাসে অনুর্বিত হবে না অনাহারী পীড়িতের কান্লার ধ্বনি। সেই আশায় বুক রেঁধেই বর্ণনার ধারা প্রসারিত হ'ল।

দারিদ্য দ্রীকরণে যাকাতঃ

زگر (বাকাত) শন্ধটি আরবী। এটি زگر মূলধাতু হ'তে নিঃসৃত। আভিধানিক অর্থঃ পবিত্রতা, বৃদ্ধি পাওয়া, প্রশংসা, প্রাচুর্যতা ইত্যাদি (লিসানুল আরাব)। যাকাতের পারিভাষিক পরিচয় প্রদানে নায়লুল আওতার গ্রন্থে' বলা হয়েছে,

إِعْطَاءُ جُزْءٍ مِّنَ النُّمِيَابِ أَوْ نَحْوِهِ غَيْرٌ مُثَّمَعِهِ بِمَانِعِ شَرْعِي مِنَ المَنْزُفِ-

যাকাত হচ্ছে- 'নিছাব কিংবা নিছাৰ পরিমাণ এমন কিছু দান করা যে বিষয়ে শরী জাতে কোন নিষেধান্তা নেই'।°

ডঃ আহমাদ এ গালওয়াশ বলেন, The word zakat means purification. Whence it is also used to express a portion of the properly bestowed in alms.⁸

আলোচ্য ধারাঃ

যাকাত সংক্রান্ত সংক্রিন্ত বর্ণনা থেকে আমরা জানলাম, সম্পদের একটি নির্দিষ্ট অংশ আল্লাহ্র স্ভৃষ্টির জন্য নির্দিষ্ট খাতসমূহে দান করার নাম যাকাত। এটি পুঁজিবাদের উপর ইসলামের এক প্রচন্ত আঘাত। দারিদ্রা বিনোচনে ও অর্থনৈতিক কাঠামো নির্ণয়ে যাকাতের ওরুত্ব ও তাৎপর্য অপরিসীম।

ইসলামী রাষ্ট্রনীতিতে যাকাত অর্থনৈতিক পদক্ষেপ হিসাবে সাম্য ও সমতা রক্ষার একটি প্ররাস। পরিসংখ্যান থেকে জানা যায়, আমাদের দেশের বিত্তবানদের নিকট থেকে প্রতি বছর দু'হাযার কোটি টাকারও বেশী যাকাত আদায় করা যাবে। যথারা পৌনে দু'কোটি মানুষের আর্থিক ও নৈতিক অবস্থা উন্নত করা সভব, সভব রাষ্ট্রীয় অর্থনৈতিক কাঠামো ও শেয়ার বাজারের ক্রমজবনতিকে শক্তিশালী করা। ^৫ কিন্তু বেদনাদায়ক হ'লেও সত্য, বাংলাদেশের মত একটি মুসলিম অধ্যুষিত দেশে পূর্ণান্ত ইসলামী শরী'আত চালু না থাকায়

जोन प्राचन, वाश्वादमस्य উन्नयन कि मस्तः (एकाः काठीय अष्ट्र स्वरायन, स्वयं श्वकायः ১৯৯৫), गृः ७৫।

२. जारवमीन-बाकी-जायाजात, उँक प्राथामिक जर्थनीिक (ठाकाः काकी क्षकामनी, क्षथम क्षकामः ১৯৯৯), पृष्ट २।

जान्नामा नाउकाँनी, नाग्नम्न जाउजात्र (देवक्रकः माक्रम कृष्ट्र जान-देनिधिग्राट, छावि), 8/3/38 शुः।

आ.न.म. माजडेमूब द्रश्मान, श्रवेद्धः याकाण्डः श्रिकेण वाश्मारमन, माजिक मनीना (छाकाः रक्षक्रमात्री २०००), १९ ७७।

C. 2105. 98 08 1

সরকারীভাবে বাধ্যভামূলক যাকাত আদায়ের কোন ব্যবস্থা নেই। ফলে বিশুবানদের অনেকেই সুযোগ সন্ধানী হয়ে যাকাত প্রদান থেকে নিজেদের হাত গুটিয়ে নেয়। কিছু এর ফলাফল কখনো ডভ হ'তে পারে না। বরং পরিপৃতি হবে অত্যন্ত ভয়াবহ। যেমন হাদীছে এসেছে,

عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللّهِ صلى اللّه عليه وسلم مَنْ أَتَاهُ اللّهُ مَالاً فَلَمْ يُودً زَكَاتَه مُثُلَ لَه مَالُه يَوْمُ الْقِيَامَةِ شُجَاعًا أَقْرَعَ لَه زَبِيْبَتَانِ يَطَوَّقُه يَوْمُ الْقِيَامَةِ - ثُمَّ يَاخُذُ بِلَهْزَمَتَيْهِ يَعْني بِشِدْقَيْهِ ثَمُّ يَقُولُ أَنْنَا مَالُكَ أَنَا كَنْزُكَ ثُمُ تَلا وَ لاَ يَصَسَبَنُ الدِّيْنَ يَبِّخَلُونَ بِمَا آتَاهُمُ اللّهُ مِنْ فَضَلِه هُوَ خَيْرُ لَهُمْ بَلُ هُوَ شَرِلُهُمْ سَيُطُولُتُونَ مَا بَخِلُوا بِهِ يَوْمُ الْقيَامَة -

আবু ছরায়রা (রাঃ) হ'তে বর্ণিড, তিনি বলেন, রাস্পুরাহ (ছাঃ) এরশাদ করেন, 'আরাহ তা'আলা যাকে সম্পদ দান করেছেন, কিন্তু সে বাকাত আদায় করেনি, ক্বিয়ামতের দিন তার এ সম্পদকে বিষধর সাপে পরিণত করা হবে। তার উভয় চোখের উপরিভাগে কাল দাগ থাকবে। সে সাপটিকে তার গলায় হারের ন্যায় ঝুলিয়ে দেয়া হবে। সাপটি তার উভয় চোয়ালকে কামড়াতে থাকবে এবং বলবে, আমি তোমার মাল, আমি তোমার সঞ্চিত সম্পদ। অতঃপর রাস্পুরাহ (ছাঃ) পবিত্র কুরআনের আয়াতটি তেলাওয়াত করেন, 'বারা আল্লাহ তা'আলার অনুহাহে ধন-সম্পদ পেয়ে কুপণতা করে তারা যেন মনে না করে যে, তাদের এ কৃপণতা তাদের জন্য মঙ্গলজনক; বরং এটা তাদের জন্য অকল্যাণকর। শীঘ্রই তা তাদের ক্বিয়ামতের দিন গলায় পরিয়ে দেয়া হবে' (আলে ইমরান ১৮০)।

অতএব বিশ্ব অর্থব্যবস্থায় যাকাতকে বাধ্যতামূলক করলেই বিচার দিবসের ভয়াল এই আক্রমণ থেকে মুক্তি পাওয়া সম্ব । কিন্তু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার একে বাধ্যতামূলক করণের পরিবর্তে ১৯৮২ সালের ৭ জুন যাকাত তহবিল অধ্যাদেশ জারির মাধ্যমে একটি কেন্দ্রীয় যাকাত তহবিল গঠন করেন। সেই ফান্ডে ইচ্ছাকৃতভাবে যে কেন্ট তার যাকাতের টাকা জমা দিতে পারে। বাধ্যবাধকতার লেশমাত্র নেই।

যাকাত ব্যবস্থার সফল ব্যবহার না থাকায় স্বাধীনতাপূর্ব এবং স্বাধীনতান্তর সময়েও বাংলাদেশের দারিদ্র্য পরিস্থিতির

५. तुर्थाती, जामवानी, भिमकांच हा/५११८ 'याकांच' जथाति । १. भारताना त्यार जामाहिस्स जामिन करवात ५ वर्जी

উনুতি সাধিত হয়নি। টাক্ষফোর্স রিপোর্টের একটি সমীক্ষায় দেখা যায়. গভ আডাই দশকে বাংলাদেশের দারিদ্রোর তেমন কোনই উনুতি হয়নি। ১৯৮৮-৮৯ সালে মাথা গণনা অনুপাতে দারিদ্রা ছিল শতকরা ৪৩ ভাগ, ১৯৬৩-৬৪ সালে এই হার ছিল ৪৪। স্বাধীনতার পর এই হার বৃদ্ধি পায় এবং ১৯৭৭-৭৮ সাল নাগাদ এটি শতকরা প্রায় ৮০তে পৌছে। এরপর পরিস্থিতির উনুতি হয় বলে দেখা যায় এবং ১৯৮৫ সাল নাগাদ তা স্বাধীনতার পূর্বতরে পৌছে। এরপর আবার পরিস্থিতির অবনতি হয়।^৮ অবনতির এই ধারা বহাল তবিরতে আজও অব্যাহত রয়েছে। লক্ষ্য করলে দষ্টিগ্রাহ্য হবে, আমাদের মত বিশ্বের প্রায় প্রত্যেকটি দেশেই চলছে দারিদ্যের উঠা-নামার এই সুনিপুণ খেলা: টানতে হচ্ছে অভাবী জীবনের ঘানি। সুতরাং বিশ্ব অর্থ ব্যবস্থাকে দারিদ্রামুক্ত করতে হ'লে যাকাত ব্যবস্থার কোন বিকল্প নেই। এ প্রসঙ্গে 'The daily Guardian' পত্রিকায় প্রকাশিত দু'জন অমুসলিম অধ্যাপকের দৃষ্টিভঙ্গি হচ্ছে, "The Muslim system seems to us to have a great merit. The western world should study it and perhaps adopt it in whole or in part".

দারিদ্য দ্রীকরণে ফিৎরাঃ

ফিংরা শন্টি 'ছাদাকাতুল ফিডর' (معدقة الفطر)-এর সমন্বরে গঠিত একটি রূপ। مَدَفَة শন্দের অর্থ- দান করা, কৃপা করা। আর فَطُرُ অর্থ- ইফডার করা, ভঙ্গ করা ইড্যাদি। ডাহ'লে فَعَلَّم এর অর্থ হবে, রোষা থেকে বিরতি লাভের দান।

পরিভাষায় বলা হয়, ধনী-গরীব সকল মুসলমান রামাযানের সমান্তিতে ঈদের ছালাতের পূর্বে যে নির্দিষ্ট পরিমাণ সম্পদ দান করে থাকৈ তাকেই 'ছাদাকাতুল ফিতুর' বলে।

আলোচ্য ধারাঃ

'ছাদাক্বাতুল ফিতর' ইসলামী অর্থব্যবস্থায় দারিদ্র্য বিমোচনের আরও একটি প্রয়াস। দরিদ্র, বঞ্চিত, অসহায় মুসলমানদেরও ঈদের আনন্দ ভাগাভাগী করে বছরে অস্তত একটি দিন কোর্মা-পোলাও মুখে তুলে আহত প্রাণের চিৎকার থামাতে ইসলাম সম্পদশালীদের উপর ফিৎরা ফরয় করেছে। হাদীছ এসেছে,

عَنِ ابْنِ مُمَّرَ قَالَ هَرَضَ رَسُولُ اللَّهِ صَلَى اللَّهِ عَلَيهِ عَلِيهِ وَسَلَمَ اللَّهِ عَلَيهِ وَسَلَم زَكُوةَ الْفَطْرِ صَبَاعًا مِنْ تَمَرَ أُوْ صَبَاعًا مِنْ

याउनाना त्याः जानाउँक्रिन, माचिन ज्रुशान ७ जर्वनीिछ (जाकाः यानानी भावनिरक्षमम, श्रथम श्रकामः ১৯৯৮), पृश्च ১৫१।

৮. বाश्मारमस्यत्र উनुग्रन कि अमध्यः पृष्ठ ७८ ।

মাওলানা মুহাত্মাদ আব্দুর রহীয়, ইসলামের অর্থনীতি (ঢাকাঃ খায়রুল প্রকাশনী, প্রথম প্রকাশঃ ১৯৫৬), পৃঃ ১৭।

شُرَّعِيْسَرِ عَلَى الْعَبِيْدِ وَ الْحُبُرُّ وَالذَّكَسِ وَ الْأَنْشَى وَ المسْغِيثُووَ الْكَبِيثُومِنَ الْمُسْلِمِيْنَ وَ أَمْرَ بَهَا أَنْ تُودِي قَبْلُ خُرُوجِ النَّاسِ إلى الصَّالاةِ-

আৰুল্লাহ ইবনে ওমর (রাঃ) হ'তে বর্ণিত, ডিনি বলেন, রাসূলুকাহ (ছাঃ) মুসলমানদের প্রত্যেক গোলাম, স্বাধীন, নারী-পুরুষ, ছোট-বড় সকলের উপর এক ছা 'পরিমাণ ফিতরা আদায় করা ফরব করেছেন। যা লোকদের ছালাতে (ঈদাহে) বের হওয়ার আগেই আদায় করার নির্দেশ मिरवर्कन ।^{১०}

ফিৎরা একটি কদাচিৎ অর্থনৈতিক হস্তান্তর বটে। তথাপি এর ফলশ্রুতিতে দারিদ্যতা সামান্য হ'লেও লাঘব হয়: দরিদ্র সঞ্চল চোখে খুলির নদী বাঁধভাঙ্গা ঢেউয়ে উপচে পড়ে। কিন্তু পাশ্চাত্য দেশগুলির দিকে লক্ষ্য করলে দেখা যায়, ইসলামের চিরশাশ্বত কল্যাণকর এই অর্থব্যবস্থা ধূলামলিন করার হীন মানসে তারা বন্ধপরিকর। ইসলামী আইনের বিপরীতে তারা প্রণয়ন করেছে কিছু বার্থ নীতিমালা এবং নীতিমালার অক্ষর বিন্যন্ত পাতুলিপি: যার শেষ পরিণাম কেবলই ব্যর্থতার কৌনিক কোপানল। এক্লপ একটি মনগড়া নীতির দৃষ্টান্ত হ'ল- ১৯৫১ সালে 'সমৃষ্টি কল্যাণ' কেন্দ্রগুলির পর্যালোচনার জন্য জাতিসংখের অর্থনৈতিক ও সামাজিক পরিষদ একটি প্রস্তাব পাশ করে. যা পরে 'সমষ্টি সংগঠন' ও 'সমষ্টি উনুরন' রূপে আখ্যায়িত হয়। ১৯৫২ সালে জাতিসংখের 'ব্যুরো অব সোস্যাল এ্যাকেরার'-এ 'সমষ্টি উনুয়ন' নামে একটি দল গঠন করা হয়। ১৯৫৫ সালে জাতিসংঘ 'সমষ্টি উনুয়নের মাধ্যমে সামাজিক অগ্রগতি' [Social progress through Community Development] নামে উনুয়ন নীতি সম্বাভিত একটি পৃত্তিকা প্রকাশ করে।^{১১} কিন্তু কোখার সেই উন্নয়নের বর্ণচ্ছটা, দারিদ্যু বিমোচনের ঘনঘটাঃ এখনো তো রাস্তার পালে, ফুটপাতে, ঐ বন্ধিগুলির অনাহারী দরিদ্র শিশুরা গড়াগড়ি দিয়ে কাঁদে; কুকুর-বিড়ালের মত নর্দোমায় ছুঁড়ে ফেলা পঁচা-বাসি খাবার অমৃত কদরে মুখে তুলে নেয়: আর जनरायः। जनामत्र जनरहेगात्र এक এक हरा यात्र দিন-রাতের সীমানা ডিঙ্গিয়ে অনম্ভর অন্তিম পথে । সূতরাং একমাত্র ইসলামী নীতিমালাই পারে এই ট্র্যাঞ্চেডী ক্লখতে। ফ্যাল ফ্যাল করে তাকিয়ে থাকা অনাহারী মুখগুলিতে দ মঠো আহার তুলে দিতে। কিন্তু ব্যক্তিগত প্রচেষ্টার এ ওক্লকার্য সম্পাদন সম্ভব নয়। ইসলামী চেতনায় উচ্চীবিত হয়ে সমষ্টি তথা রাষ্ট্রীয়ভাবে এর প্রভাব বিস্তার করতে হবে। অর্থাৎ ফিৎরা প্রদানকে প্রশাসনিক পর্যায়ে বাধ্যতামূলক করতে হবে এবং এর অনাদায়ে কার্যকরী

আইন প্রয়োগ এবং তা বান্তবায়ণ করতে হবে। তবেই দারিদ্যমুক্ত বিশ্ব গঠন সম্ভব।

দারিদ্র্য উৎখাতে সৃদ প্রথার মূলোৎগাটনঃ

न्प (سود) कात्रजी भव । जात्रवीरक वना दश (ربَ) 'त्रिवा'। আর ইংরেজীতে বলা হয় Interest, Usury. আভিধানিক অর্থ- বৃদ্ধি, বাড়তি। আবার যারা সৃদ গ্রহণ করে ভাদেরকে कांत्रनीर्ट वना रहा (سبود خوار) 'সৃদংখার' ا

'উচ্চ মাধ্যমিক অর্থনীতি' গ্রন্থ প্রণেতা আনিসুর রহমান সৃদকে সংজ্ঞায়িত করেছেন এভাবে, সৃদ হ'ল ঋণ ব্যবহারের দাম। ঋণদাতার নিকট থেকে ঋণ গ্রহণ করে শণের পারিতোষিক হিসাবে ঋণ এহীতা ঋণদাতাকে ঋণের আসল ছাড়াও যে অতিরিক্ত টাকা প্রদান করে তাকে সূদ বলে'।১২

লর্ড কেইনুস বলেছেন, "Interest is the reward for parting with liquidity for a specified period of time". 'कान निर्मिष्ठ সময়ের জন্য নগদ অর্থ হাতছাড়া করার পারিতোষিক (বখলীল) হ'ল সদ'।^{১৩}

আলোচ্য ধারাঃ

দারিদ্র্য সৃষ্টিতে সৃদ একটি মোক্ষম হাতিয়ার। এর আন্তনপ্রবাহী নিঃশ্বাসে ধ্বংসযজ্ঞে পরিণত হ'তে পারে সুখী-সমুদ্ধ একটি পরিবার, একটি সমাজ, একটি দেশ, একটি রাষ্ট্র। দার্শনিক এ্যারিষ্টটেশ এর বিরোধিতা করেছেন হিন্দুশারও তাকে স্থান দেয়নি। আর ইসলাম তো একে সরাসরি হারাম ঘোষণা করে এর গ্রহীতাকে আল্লাহ এবং রাস্থের সাথে যুদ্ধের জন্য প্রস্তুত থাকতে বলেছে। আল্লাহ বলেন,

يَأْيُّهُمَا الَّذِيْنَ آمَنُوا اتَّقُوا اللَّهَ وَ ذَرُوا مَا بِعْيَ مِنْ الرِّبوا إِنْ كُنْتُمْ مُؤْمِنِينَ ، فَإِنْ لَمْ تَغْمَلُوا فَأَذَنُواْ بحرب من الله و رَسُوله -

'হে ঈমানদারগণ। তোমরা আল্লাহকে ভয় কর এবং সূদের যে সমন্ত বকেয়া আছে, তা পরিত্যাগ কর, যদি তোমরা ঈমানদার হয়ে থাক। অতঃপর যদি তোমরা পরিত্যাগ না কর, তবে আল্লাহ ও তাঁর রাসুলের সাথে যুদ্ধ করতে প্রস্তুত হয়ে যাও' (वाकाबार २१४-१४)।

১০. यूडाकाकु जानारेंट, यिनकाछ टा/১৮১৫ 'ছामाकुाजून किज़्न' जनरम्म ।

১১. মোছাম্বদ সাদেক, বাংলাদেশের সমষ্টি উন্নয়ন ও পদ্মী-পুনর্গঠন (णकाः वारमा धकार्ख्यो, श्रथम श्रकाणः ১৯৭৬), १४ ८।

১২. जानिमृत तस्यान, छैक प्राथापिक जर्बनीिक २व शव (ঢाका: शर्शक क्रिजर्ने, श्रथम श्रकामः २०००), पृष्ठ ६०।

১৩. यात्रुय जानी- नुक्रन रेमनाय, वैक याश्रायिक जर्बनीि७ (छाकाः पारैिप्रान नारेखिती, थपम थकानः ३৯৯৮), नृः ८७।

হাদীছের বাণী, الربّا وَمُوكله وَ شَاهِدَيْه وَ الْكَلَ الربّا وَمُوكله وَ شَاهِدَيْه وَ 'নিক্য়ই নবী করীম (ছাঃ) সৃদখোর, সৃদ গ্রহণকারী, সৃদ লেন-দেনের সাক্ষী এবং সৃদ চুক্তি লেখকের উপর অভিশাপ দিয়েছেন' (277672) 1^{58}

স্দকে বাজুবন্ধ করেই কুসীদজীবীরা লুফে নিচ্ছে দরিদ্রোর সর্বস্থ। যার কুপ্রভাব পৃথিবীর প্রায় সব স্থানেই লক্ষণীয়। বাংলাদেশেও এর প্রভাব সর্বত্র বিদ্যমান। বিভিন্ন বিদেশী এনজিও যেমন- ব্র্যাক, কারিতাস, আশা ইত্যাদি বাংলাদেশের আনাচে-কানাচে অনুপ্রবেশ করে ঋণদানের মহৎ উদ্দেশ্যকে প্ল্যাকার্ড বানিয়ে স্দের আঘাতে বাংলাদেশকে পঙ্গু করে দেয়ার দীর্ঘ মেয়াদী পরিকল্পনা চালাচ্ছে। ১৯৯৭ সালের একটি সমীক্ষায় দেখা গেছে, এনজিওগুলির প্রদন্ত মাথাপিছু ঋণের পরিমাণ ছিল মাত্র ২২৩৮/=। এই ঋণ সবটাই পরিশোধ করতে হয়েছে স্দ্রমাত যার হার খুবই চড়া। গ্রামীণ ব্যাংকের ক্ষেত্রেই এর হার ১২% হ'তে ১৭.৩%, এমনকি ক্ষেত্র বিশেষে ২১.৯% পর্যন্ত। ১৫

দেশে অবস্থিত বিদেশী সংস্থাগুলি বাদেও বাংলাদেশকে সরাসরি বিদেশ থেকে ঋণ গ্রহণ করতে হয়। আর এ ঋণ দানের পূর্ব শর্তই হ'ল সুদ। সুতরাং ঋণ করলেই আসলের সঙ্গে দিতে হয় সূদ। প্রতি বছর ঋণের পরিমাণ বৃদ্ধির সঙ্গে সঙ্গে আসল ও সূদ পরিশোধের পরিমাণও বৃদ্ধি পাছে।

একটি সমীক্ষা থেকে প্রকাশ পায়, ১৯৭১ থেকে ২০০১ সাল পর্যন্ত বাংলাদেশ বিদেশ থেকে সৃদ সমেত যে ঋণ গ্রহণ করেছে তার পরিমাণ ১ লাখ ১৪ হাষার ৪২২ কোটি টাকা। ১৬ অর্থাৎ ইতিমধ্যেই শুধু আমাদের না, ভবিষ্যৎ বংশধরদের মাথায়ও ঋণের বোঝা চাপিয়ে দেয়া হয়েছে। যা পরিশোধ করা বাংলাদেশের মত 'নুন আনতে পান্তা ফুরায়' দেশের পক্ষে অসম্ভব। ফলে সুযোগের সুবর্ণতায় বাংলাদেশকে নিলামে চড়িয়ে সাদা মানুষগুলি তাদের প্রত্যাশা প্রণের জয়গান গেয়ে উঠবে। অতএব চিন্তাশীল পাঠকের কাছে এ পর্যায়ে প্রশ্ন- আজও কি বাংলাদেশ সুদের আঘাতে তার পঙ্গুতুকে বরণ করে নেয়নিং

কাজেই অর্থনৈতিক শোষণের অন্যতম প্রধান হাতিয়ার স্দের উপর কঠোর নিষেধাজ্ঞা জারির মাধ্যমে এর মূলোৎপাটনে বাংলাদেশ সহ সারা বিশ্বকে সোচ্চার হ'তে হবে। তারই ফলশ্রুতিতে পাব আমরা দুর্গত জনতার বেহালা কান্নামুক্ত সমৃদ্ধ সমাজ।

দারিদ্য মোচনে সম্পদ কৃক্ষীগত নিষিদ্ধ করণঃ

দরিদ্রের অধিকার হনন করে অর্থের থলি বুকে চেপে সুখের পাল পার্বনে মুখরিত হওয়াকেই আমরা সম্পদ পুঞ্জীভূতকরণ এবং এর সম্পাদককে এক জঘণ্য কৃপণ আখ্যা দিতে পারি।

আলোচ্য ধারাঃ

মানুষের মন্তিষ্কপ্রস্ত যেসব ব্যবস্থা ঘারা অর্থনৈতিক কর্মকাণ্ডের উপর গুরুত্বারোপ করা হয়েছে, তার মর্মমূলে কুঠারাঘাত হেনে পারম্পরিক সহযোগিতা ও ইনছাফপূর্ণ অর্থব্যবস্থার উপর ভিত্তি করে গড়ে উঠেছে ইসলামী অর্থব্যবস্থা। তাই কোনরূপ বেইনছাফের স্থান সেখানে নেই। সম্পদ কুক্ষীগতকরণ বেইনছাফেরই একটি জীবস্ত নিয়ে সুখের স্বর্গ রচনা করে; আবার কেউ পেটে পাখর বেঁধে অচেতন নিদ্রা যায়। এর দ্বারা সামাজিক বৈষম্যের ভিত্তিই রচিত হয়। কুরআন-হাদীছে এর প্রতি চরম নিন্দা জ্ঞাপন করা হয়েছে। আল্লাহ পাক বলেন,

وَيْلُ لِكُلِّ هِمُزَةٍ لِّمُزَةٍ الَّذِي جَمْعَ مَالاً وَّ عَدَّدُه-

'যে ব্যক্তি খাদ্য ও নিত্যপ্রয়োজনীয় মালামাল গুদামজাত করবে, সে গুনাহগার হবে'।^{১৭}

ইসলামে সম্পদ সঞ্চয় অবৈধ নয়; যদি তার সুষ্ঠু বন্টনের ব্যবস্থা করা হয়। আর এ কথাও সত্য যে, বিধান মত খরচ করা হ'লে কারো হাতে অর্থের পাহাড় জমতে পারে না। কিন্তু মুসলমান আজ নাফরমান জাতিতে পরিণত হয়ে ইহুদী-নাছারার পুঁজিবাদী অর্থব্যবস্থাকে আঁকড়ে ধরে দেশ ও জাতিকে ধাংসের দিকে নিয়ে যাচ্ছে। কাজেই মানবতা বিধাংসী পুঁজিবাদকে সমাধি করার মাধ্যমে দারিদ্র্যের প্রতিকারে সকলকে একযোগে তৎপর হ'তে হবে।

পরিশেষে তাই বলতে হয়, দারিদ্রা বিমোচনে ইসলামের ভূমিকা চিরশ্বরণীয়। মানবতার ইতিহাসে একমাত্র ইসলামই প্রথম ফেলেছে দরিদ্রের জন্য চোখের পানি। তার যুগান্তকারী নীতিতেই প্রথম ভেসেছিল সাম্যের তরী। সুতরাং দারিদ্রা বিমোচনে ইসলামের সর্বতোমুখী কল্যাণকর নীতিমালার বান্তব অনুশীলনই এতে সাফল্য এনে দিতে পারে। আল্লাহ আমাদের তাওফীক দিন- আমীন!!

১৪. মুসলিম, মিশকাত হা/২৮০৭ 'সূদ' অনুচ্ছেদ।

১৫. गाँइ মুহাম্মাদ হাবীবুর রহমান, প্রবদ্ধঃ বাংলাদেশে দারিদ্র বিমোচন মাসিক নির্বার, জানুঃ ২০০৩, পৃঃ ১৬।

১৬. হারুনুর রশীদ, প্রবন্ধঃ স্বাধীনতার পর থেকে এযাবং মাথাপিছু ২৮ হাষার টাকার ঋণ ও অনুদান!, মাসিক আত-তাহরীকঃ আগষ্ট ২০০৩, পৃঃ ২১।

১৭. মুসলিম, মিশকাত হা/২৮৯২ 'সম্পদ' কুক্ষিগত করণ' অনুচ্ছেদ।

চিকিৎসা জগৎ

বাতাবী লেবু

বাংলাদেশে লেবুজাতীয় ফলের মধ্যে বাতাবী লেবু পুষ্টিসমৃদ্ধ একটি উপকারী ফল। দেশের প্রায় সব এলাকাতেই কম-বেশী এ ফলের চাষ হ'তে দেখা যায়। বাতাবী লেবু দেশের কোন কোন অঞ্চলে 'জামুরা', 'ছোলম' ইত্যাদি নামে পরিচিত। কমলা ও বাতাবী লেবুর ১০০ গ্রাম খাদ্যোপাদানে যথাক্রমে ৪০ মিলিগ্রাম ও ১০৫ মিদিগ্রাম ভিটামিন 'সি' থাকে। ভিটামিন 'সি' মানুষের জন্য অতি প্রয়োজনীয় একটি পুষ্টি উপাদান। এর রাসায়নিক নাম 'এসকরবিক এসিড'। পুষ্টি বিজ্ঞানীদের মতে, একজন পূর্ণ বয়ঙ্ক লোকের জন্য প্রতিদিন ৩০ মিলিগ্রাম ভিটামিন 'সি' প্রয়োজন হয়। শিতদের খাদ্যে দৈনিক ২০ মিলিগ্রাম এবং গর্ভবতী ও প্রসৃতি মায়ের জন্য দৈনিক ৫০ মিলিগ্রাম ভিটামিন 'সি' দরকার। ভিটামিন 'সি' স্কার্ভি রোগ প্রতিরোধ করে এবং দাঁত, মাঢ়ি ও পেশি মযবত করে। এছাড়া ভিটামিন 'সি' সর্দি-কাশি ও ঠাগুর হাত থেকে রক্ষা করে এবং দেহে রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ায়। ভিটামিন 'সি' দেহের ক্ষত নিরাময়ে সহায়তা করে ভিটামিন 'সি' পাকস্থলির সুস্থতা রক্ষা করে। এটি এমন এক ভিটামিন যা মানুষ অতিরিক্ত পরিমাণে খেলে শরীরে কোন ক্ষতি হয় না। অতিরিক্ত ভিটামিন 'সি' প্রস্রাব ও ঘামের সঙ্গে দেহ থেকে নির্গত হয়ে

বাংলাদেশের শতকরা ৯০ ভাগ পরিবার ভিটামিন 'সি'-এর অভাবে অপৃষ্টিতে ভূগছে। এই ভিটামিনের অভাব হ'লে স্কার্ভি রোগ হয়। এ রোগে দাঁতের মাঢ়ি ফুলে যায়, দাঁতের গোড়া দিয়ে রক্ত ও পুঁজ পড়ে। মাঢ়িতে ব্যথা হয় এবং অকালে দাঁত পড়ে যায়। তাছাড়া ভিটামিন 'সি'র অভাবে ক্ষতস্থান সহজে শুকায় না এবং দেহে রোগ প্রতিরোধ ক্ষমতা কমে যায়। ফলে ঘন ঘন সর্দি-কাশি ও ইনষ্ণুয়েঞ্জা দেখা দেয়। কাজেই সুস্বাস্থ্যের জন্য ভিটামিন 'সি' অত্যন্ত যরূরী। ভিটামিন 'সি'-এর চাহিদা পূরণে বিদেশ থেকে কমলালের আমদানী না করে বেশী পরিমাণ ভিটামিন 'সি' সমৃদ্ধ দেশীয় ফল যেমন- বাতাবী লেবু, আমলকী. পাতিলের, কাগজীলের, পেয়ারা, আমড়া, কামরাঙ্গা ইত্যাদি আমাদের বেশী খাওয়া উচিত। একটি বাতাবী লেবু একটি ছোট পরিবারের পুষ্টি চাহিদা মেটাতে সক্ষম। আহার উপযোগী প্রতি ১০০ গ্রাম বাতাবী লেবুতে যে পরিমাণ পুষ্টি উপাদান রয়েছে তা হচ্ছেঃ প্রোটিন ০.৫ গ্রাম, শ্বেতসার ৮.৫ গ্রাম, চর্বি ০.৩ গ্রাম, ০.০৬ মিঃ গ্রাম ভিটামিন বি-১, ০.০৪ মিঃ গ্রাম ভিটামিন বি-২, ভিটামিন 'সি' ১০৫ মিঃ গ্রাম, ক্যালসিয়াম ৩৭ মিঃ গ্রাম, লৌহ ০.২ মিঃ থাম, ক্যারোটিন ১২০ মাইক্রোথাম। এছাড়া ৩৮ কিঃ ক্যালরী খাদ্যশক্তি থাকে। বাতাবী লেবু তথু পুষ্টিকর নয়, হযমীকারক ও রোগ নিরাময়ক। বাতাবী লেবুতে এন্টি-অক্সিডেন্ট পাকে। এই এন্টি-অক্সিডেন্ট জরায়ুর মুখে, পাকস্থলী ও খাদ্যনালীর ক্যান্সার প্রতিরোধ করে এবং রক্তের কোলেষ্টেরল নাটকীয়ভাবে হ্রাস করে। পৃথিবীতে এ পর্যন্ত কমপক্ষে ৩০টি গবেষণায় এ তথ্যের সভ্যতা প্রমাণিত হয়েছে। তাই সুস্থ ও অসুস্থ প্রত্যেকের এটি উপকারী ফল। এ ফলে শর্করার পরিমাণ

কম ও সাইট্রিক এসিড বেশী থাকায় ফল টক হয়। এর রস ভায়াবেটিক রোগীর জন্য খুবই উত্তম। বাতাবী লেবুর রস প্লীহা ও যকৃতের জন্য অত্যম্ভ উপকারী। তাছাড়া সর্দি-কাশি, জণ্ডিস ও আমাশয় প্রভৃতি রোগের জন্য এর রস খুবই কার্যকরী।

স্বাদে ও পুষ্টিগুণে উৎকৃষ্ট হওয়া সত্ত্বেও আমাদের দেশে বাতাবী শেরর কদর খুব কম। দেশে এ ফলের গাছ রোপণের তেমন কোন উদ্যোগ নেই। অথচ বাংলাদেশের জন্য বাতাবী লেবু একটি আদর্শ ফল এবং কৃষকেরা অল্প আয়াসে এর চাষ করতে পারে। বাংলাদেশে বাতাবী লেবুর অসংখ্য জাত রয়েছে। তাই বাছাই প্রক্রিয়ায় উৎকৃষ্ট জাতসমূহ শনাক্ত করে জাতের উন্নয়ন সাধনপূর্বক সুপরিকল্পিতভাবে বাতাবী দেবুর গাছ রোপণ করে এর চাষাবাদ সম্প্রসারণের পদক্ষেপ গ্রহণ করা একান্ত প্রয়োজন।

। সংকলিত ।

লিভার বা যকৃতের দেশীয় চিকিৎসা

আগে যখন এখনকার মত ডাক্তার ছিল না, তখন কি রোগ বালাই ভালো হ'ত নাঃ হ'ত ঠিকই। এ জন্য গৃহের বৃদ্ধা দাদী-নানীদের कथा जनरहना करा यात्र ना। यमन धेक्नन निভात ना यकुराजत কথা। কত সহজেই না সুস্থ হ'ত এ দূরারোগ্য ব্যাধি। যেমন-

- ১. নিমপাতার রসঃ খালিপেটে ১ কাপ কাঁচা নিমপাতার রস প্রতিদিন খেলে উপকার হবে নির্ঘাত। ১ মাস খেলে লিভার কেন, অন্য আরো কত রোগ পালাবে।
- ২. করন্থার রসঃ সকাল বেলা আধা কাপ করল্লার রসের সাথে বড় চামচের এক চামচ খাঁটি মধু মিশিয়ে খেলে লিভারের ব্যারাম সেরে যাবে । ১ মাস সেব্য ।
- ৩. আনারসঃ সকালবেলা নান্তার সাথে মাঝারি একটি আনারস টুকরো করে নিয়ে মধু মাখিয়ে খেয়ে দেখুন তো। রোগ বালাই দুরে চলে যাবে।

জণ্ডিসের পরীক্ষিত ঔষধ

আখের রস, অড়হরের পাতার রস সেব্য। এতদ্ব্যতীত নিম্ন লিখিত ঔষধ সমূহ পর্যায়ক্রমে সেব্যঃ

- ১. চেলিডোনিয়াম (হোমিও) 200 শক্তি
- ২. কেলি মিউর (বায়ো) 6 X অথবা 12 X
- ৩. নেট্রাম সাল্ফ (বায়ো) 6 X অথবা 12 X

প্রতিরাতে ১নং ঔষধ দৃ'ফোটা অথবা ৫টি গ্লোবিউলুস দানা। সকালে ২নং ঔষধ ২টি বড়ি হালকা গরম পানির সাথে। বিকালে ৩নং ঔষধ ২টি বড়ি হালকা গরম পানির সাথে। ১২ বছর বয়সের নীচে হ'লে ২ ও ৩নং ঔষধ 6 X খাওয়াবেন। তিনটি ঔষধই B&T অথবা জার্মানীর তৈরী হ'তে হবে।

তক্ষ পাক খাওয়া নিষিদ্ধ। দুধ, মাছ, ডিম, গোশত থেকে বিরত থাকবেন। কলা, পেঁপে, পটল ইত্যাদি সাধারণ তরকারী ও বিভদ্ধ পানি বেশী করে খাবেন।

[विः षः वावञ्चाभवािः भाननीः সম্পাদক भक्ष्मीतः সভाপতি कर्जकः षर्तरकत উপति সফनভाবে পत्रीकिछ। कानिन्ना-हिन हाम्मे। -সম্পাদকী

×िनक चाक-चारतीक क्षेत्र कर १६ आरमा, वातिक चाज-छारतीक १२ वर्ष ५० करमा, वातिक खाच-धारतीक तुक वर्ष ५० मरणा, धानिक खाच-धारतीक २४ वर्ष ५० मरणा, धानिक खाच-धारतीक २४ वर्ष ५० मरणा

গল্পের মাধ্যমে জ্ঞান

প্রতারণা

व्यक्ष हामान मानाकी

এক মসজিদে তিনজন মুছরী যোহরের ছালাত আদায় করছিল। একজন ইমাম, অপর দু'জন মুক্তাদী। তারা ছিয়াম অবস্থায় ছিল। তাদের পাশেই কয়েকজন লোক গল্প করছিল। ঐ গল্প শুনে (১) উক্ত মসজিদ ভেঙ্গে ফেলা ওয়াজিব হয়ে গেল (২) ইমাম ছাহেবের স্ত্রী হারাম হয়ে গেল (৩) মুক্তাদীঘয়ের উপর শান্তি ওয়াজিব হয়ে গেল এবং (৪) তাদের ছিয়াম ভঙ্গ হয়ে গেল। কি আকর্য! ঐ ক'জনের গল্প এমন সর্বনাশ ডেকে আনল কি করে? তাহ'লে জানা যাক, আসল ঘটনা-

এক গ্রামের তিন ব্যবসায়ী ব্যবসার উদ্দেশ্যে বিদেশে গমন করে।
কিছুদিন পরে দু'জন ফিরে আসে। কিছু অপরজন সেখানেই রয়ে যায়।
ফিরে আসা দুই ব্যবসায়ী সংবাদ দের যে, তাদের অপর সঙ্গী ইন্তেকাল
করেছে এবং তারা তার দাফন-কাফন সম্পন্ন করে এসেছে। তারা এও
বলে যে, মরণকালে সে এ মর্মে অছিয়ত করে গেছে যে, তার নিজস্ব
বাসভবনটি যেন মসজিদে রূপান্তরিত করা হয়।

অতঃপর বাসভবনটি মসজিদে রূপান্তরিত করা হ'ল। ঐ মসজিদেই ছালাত আদায় করা হচ্ছিল। যেহেতু ঐ ব্যবসায়ীর মৃত্যুর সংবাদ দেওরা হয়েছে, সেহেতু উক্ত ব্যবসায়ীর ব্রী ৪ মাস ১০ দিন ইন্দ্রত পালন করে অন্যত্র বিবাহ বন্ধনে আবদ্ধ হয়েছে। মজার ব্যাপার হ'ল, ঐ মহিলার দ্বিতীয় স্বামী হচ্ছে উক্ত ইমাম, সাক্ষীদ্বয় হচ্ছে মুক্তাদীদ্বয় এবং মসজিদটি হচ্ছে ঘোষিত মৃত ব্যক্তির বাসভবন। উল্লেখ্য যে, যারা গল্প করছিল, তাদের মধ্যে ঘোষিত ঐ মৃত ব্যক্তিও ছিল। ঈদের চাঁদ দেখা নিয়ে তারা এ গল্প করছিল।

এক্ষণে ফল দাঁড়াল এই বে, যেহেতু স্বামী মৃত্যুবরণ করেনি, সেহেতু ঐ মহিলার বিতীয় বিয়ে তক্ষ হয়নি। অতএব, ইমাম ছাহেবের ব্রী হারাম হয়ে গেল। ঐ ব্যক্তি মৃত্যুবরণ না করায় ঘোষিত অছিয়ত মিখ্যা প্রমাণিত হ'ল। ফলে তার ঘরকে মসজিদ বানানো জায়েয় না হওয়ার দরুন তা ভেঙ্গে ফেলা ওয়াজিব হয়ে গেল। মুক্তাদীছয় যেহেতু মিখ্যা সাক্ষী দিয়ে ঐ অপকর্মগুলি ঘটিয়েছিল, সেহেতু তাদের উপর হদ ওয়াজিব হয়ে গেল। বাকী থাকে ছিয়াম ভঙ্গ হওয়ার বিষয়টি। তারা গল্প করছিল যে, ঈদের চাঁদ দেখা গেছে এবং নানা স্থানে ঈদের ছালাতও আদায় হয়ে গেছে। অতএব এই সংবাদের কারণে তাদের ছয়ামও ভঙ্গ হয়ে গেল।

চৌকিদার

মুহামাদ আতাউর রহমান

তিন পুরুষের চৌকিদার বংশের একমাত্র সম্ভান আব্দুন মূর। পিতা চৌকিদার হ'পেও সম্ভানকে উচ্চশিক্ষার শিক্ষিত করার মানসে তাকে শহরে রেখে লেখাপাড়া শিখাতে থাকে। পিতার বিশ্বাস, তার ছেলে উচ্চশিক্ষা লাভ করে সুনাগরিক হয়ে গড়ে উঠছে। ছেলে কতদূর লেখাপড়া শিখেছে, পিতা তা সঠিক না জানলেও তার ধারণা ছেলে দীর্ঘদিন ধরে শহরে থেকে উপযুক্ত শিক্ষাই সে পেয়েছে। কিন্তু বাস্তবে তা হয়ন। ছেলে অসৎ সঙ্গে পড়ে সু-শিক্ষায় বদলে কু-শিক্ষায় পারদর্শী হয়ে উঠছে। দীর্ঘদিন পর পূর্ণ যৌবনে পদার্পণ করে ছেলে বাড়ী এলে মাতা-পিতা তার বিয়ের জন্য ব্যস্ত হয়ে উঠেন। গ্রামের এক সুন্দরী মেয়ের সাথে তার বিয়ের কথাবার্তা ঠিকঠাক। মেয়েটি একদিন ছেলের বাড়ীতে এলে ছেলেটি আগের পরিচয় সূত্রে তার সাথে প্রেমালাপ

করতে গেলে মেয়েটি পদ্মীবালার লাজুকভায় ভার সাথে বিশ্বের আগে বামী-ব্রীর মত কথাবার্তা বোলচাল করতে অনিক্ষা প্রকাশ করে। এক পর্বায়ে ছেলেটি মেয়েটির হাত ধরে ফেললে মেয়েটি ভার মত এমন কুক্রচিসম্পন্ন যুবককে বিয়ে করতে অসম্বতি জ্ঞানিয়ে সেখান থেকে সরে পড়ে। ছেলেটি প্রভ্যান্তরে বলে, আমি এমন বেরসিক ও অনাধুনিক মেয়েকে কিছুতেই বিয়ে করব না। ছেলের মাতাপিতা এই বাক-বিতথার বিষয় আনৌও জ্ঞানত না। তাই তারা যখন ঐ মেয়ের সাথে তার বিয়ের কথা বলে, ছেলে ঐ অনাধুনিক ও অসভ্য মেয়েকে বিয়ে করবে না বলে মত প্রকাশ করে। ফলে বিয়ে ভেলে যায়।

একদিন ছেলে শহরের এক অফিস থেকে দশ হাযার টাকা চুরি করে পালিয়ে আসে। পুলিশ তাকে ধরার জন্য খুঁজছে। খবরের কাগজে তার ছবি প্রকাশ হয়েছে। তার ছবিসম্বলিত কাগজসহ চৌকিদারের এক হিতৈষী ছেলের পিতা চৌকিদারকে সতর্ক করতে এসে যে-ই বলেছে, তোমার ছেলের ছবি খবরের কাগজে ছেপেছে, তখনই পিতা মনে করেছে যে, তার ছেলে পরীক্ষায় খুব ভাল রেজান্ট করেছে। তাই তার ছবি কাগজে ছাপা হয়েছে। সে বাদবাকী কথা না ভনেই খুলিতে আত্মহারা হয়ে বায়। তার উল্লাস কমে এলে হিতৈষী ব্যক্তি আসল কথা ভনিয়ে দেয় এবং বলে, দশ হাযার টাকা ফেরত দিয়ে এর একটি মীমাংসা কর এবং তাকে আপাতত বাড়ী থেকে সরিয়ে রাখ।

চৌকিদার তার ছেলের চরিত্র সম্বন্ধ অবগত হয়ে একেবারে বিশ্বিত হয়ে পড়ে। সে মন্তব্য করে, প্রয়োজনে সে ছেলেকে পুলিশের হাতে ধরিয়ে দিবে। এমন ছেলের জন্য তার কিছু করার নেই। তিন পুরুষ ধরে বে বংশ পরের ধন-সম্পদ হেফাযতের দায়-দায়িত্ব পালন করে এসেছে, সেই বংশে এমন কৃপাংগার অসক্তরিত্র ছেলের কিভাবে জন্ম হ'ল, ভেবে সে অস্থির হয়ে যায়। হিতৈষী বলে যে, তোমার বাড়ী তল্পালী হবে। কাজেই পূর্বেই বিষয়টা মীমাংসা করা ভাল। কিছু চৌকিদারের একই উক্তি, এমন ছেলের জন্য সে কিছুই করবে না; বরং এ ব্যাপারে সে পুলিশকে সাহায্য করবে। এমন ছেলের মুখ সে দেখতে চায় না।

একদিন থানার বড় দারোগা কয়েকজন পুলিশসহ চৌকিদারের বাড়ী তল্পাশী করতে আসে। দারোগা চৌকিদারকে ধমক দিলে চৌকিদার বলে, তার ছেলের এই অপকর্মের বিষয়়ে সে কিছুই জানে না এবং ছেলে তাকে কোন টাকা-পয়সাও দেয়িন। বাড়ী তল্পাশী করে কিছুই পাওয়া গেল না। দারোগা যাওয়ার সময় চৌকিদারের সরকারী পোষাক ক্ষেত্রত চায় এবং বলে, তোমার ছেলের অপকর্মের জন্য তোমার চাকরী চলে গেছে। একথা ভনে চৌকিদার হাউমাউ করে কেঁদে উঠে এবং অনিক্ষা সন্ত্রেও পোষাক ক্ষেত্রত দেয়।

রাতের বেলা চৌকিদার আগের অভ্যাস মোভাবেক পাহারার কাঞে বেরিয়ে যেতে প্রস্তুত হ'লে ব্রী তাকে মনে করিয়ে দেয় যে, তার চাকরি চলে গেছে। একদিন গভীর রাতে গ্রামের এক বাড়িতে ডাকাতির চিংকার তনে চৌকিদার সেখানে যেতে বের হ'লে ব্রী তাকে নিষেধ করে। চৌকিদার বলে, 'গ্রামে ডাকাতি হচ্ছে আর আমি নীরবে বসে থাকব, এ হ'তে পারে না'। তাই বলে সে সেখানে ছুটল। অতঃপর স্যোগ বুঝে ডাকাত সরদারকে সে নিচ্ছ অল্প দিয়ে মাটিতে লুটিয়ে পড়ে এবং কিছুক্ষণের মধ্যে মৃত্যুবরণ করে। অন্যান্য ডাকাতরা পালিয়ে বায়। ডাকাত সরদার চৌকিদারেরই একমাত্র পুত্র আব্দুন নুর। ডাকাতির ধবর থানায় পৌছলে দারোগা ছাহেব তদস্তে আসেন। চৌকিদারের হাতেই ডাকাত সরদার তারই ছেলে আব্দুন নুরের মৃত্যু সংবাদও থানায় পৌছে। দারোগা চৌকিদারকে কিছু পুরন্ধারসহ তার পোযাক ক্ষেত্রত দেন। চৌকিদার স্বীয় চাকরি ফেরত পেয়ে আনন্দে তধু নীরবে কেঁদে চলে।

কবিতা

হও তৎপর

্মহামাদ শাহজাহান আলী মহেশ্বর পাশা তহশীল ক্যাম্প **रेक्षिनियातिः करमञ्ज, पৌमजभुत्र, খुमना**।

জাগো মুসলিম মর্দে মুজাহিদ*্* জাগো হে সকল ভাই ছুবহে ছাদিকের আযান ঘোষিছে ঘুমের সময় নাই। গণ আদালতী সন্ত্ৰাসী যত ঘষেটি-মীর জাফর হাঙ্গামা দারা দেশ বিকাইতে হইয়াছে তৎপর। মানে না তাহারা দেশের আইন মানে না সংবিধান দেশ প্রেমহীন বেদিল তাহারা পরজীবী অজ্ঞান। হও তৎপর অতি সত্ত্বর সন্ত্ৰাস ঠেকাইতে মেতেছে যাহারা এই হীন কাজে প্রভূদের ইঙ্গিতে! ***

বিস্ফোরণ

-আব্দুস সুবহান वि,.... (अचान), वाःमां (टाय वर्ष) **পाংশা विश्वविদ्যालग्न करल**क, त्राक्रवाड़ी ।

আত্মঘাতী!

নিন্দাবাদের যিন্দাঝড়ে আত্মঘাতী সংঘ খুন করেছে বিশ্ব বিবেক মানবতার ভঙ্গ! মানবতার সঙ্গে এ কী জঘন্যতর জঙ্গ? নিকর্মা নিরর্থক হায়-হায়রে জাতিসংঘ।

কফি আনান!

বুশ-টনিদের হারেম বধু জাতিসংঘের বর নবাব! ইরাকে কেন জ্বলছে আগুন, জবাবটা দাও আনান সাব নবাব তুমি জবাব দিবে মানুষ মারা কোন্ স্বভাব? তেল খনি আর স্বাধীন ভূমি দখল করা কোন প্রভাব?

বৃশ-ব্রেয়ার।

বুশ-ব্লেয়ার তেল চাইছে, তাই এ ভীষণ যুদ্ধ! গণহত্যা, ধ্বংসলীলায় ইরাক অবরুদ্ধ! অত্যাচারীর অত্যাচারে ইরাকবাসী ক্ষুব্ধ, মরুর বুকে গাড়বে এবার দস্যু-দালাল সুদ্ধ। বি.বি.সি!

বিশ্বে এখন ব্রিটিশ বেতার মিথ্যা প্রচার তরঙ্গ, মানবতার চশমাধারী প্রতারণার কু-রঙ্গ। বুশ-ব্রেয়ার ভক্তদের আর মূর্খ শ্রোতার আড়ঙ্গ বিশ্ববিবেক তাই বি,বি,সি'কে কয় বেয়াদব তরঙ্গ। শবে বরাত

শেখ মাহদী হাসান कांत्रवामा (तांष, अग्राभमा, यत्मात्र।

আঁধারের সমুদ্র কেঁড়ে জগতবাসী ছুটিছে, আলোকের অনেষায় দেখ কত লোক জুটিছে। সারারাত জেগে জেগে সরল-গরল বিশ্বাসে, অশ্রুর নদী বয়ে যায় গম্ভীর নিঃশ্বাসে। ছালাত-যিক্র গুঞ্জনে মসজিদ মুখরিত, কবর যিয়ারতে আত্মীয়-মৃত পীর স্বরিত। সারাবছর কখনও ছালাতের খাতা খুলেনি, তারাও এ রাতে মসজিদে গমনে ভূলেনি। পেটুক আলেমেরা জলসায় বয়ানে নিরত. বানোয়াট কাহিনীর ঝড় বয়ে যায় তার স্বরে: মিথ্যা হাদীছ রটনায় বুক কি কাঁপেনা ডরে? একদল মুসলিম এসব থেকে সদা বিরত, তাঁরা বলে, 'কোথা পেলে এসব আচার ইবাদত? ফায়ছালা হ'ত যদি এ রাতে মানুষের বারাত, দিনে ছিয়াম আর ছালাত যদি থাকত এ রাতে. প্রিয় নবী (ছাঃ) বলতেন সেটা ছাহাবীদের সভাতে'। সুমহান ইসলামে সকল বিদ'আত ঘূণিত, যাবতীয় ইবাদত কুরআন–হাদীছে বর্ণিত। এ রাতে পীরের মাযারগুলো টাকায় ডুবে থাকে, আবেদেরা (?) ফজর অন্তে তয়ে তয়ে নাক ডাকে! দিনের বেলায় হরদম হালুয়ার ভোজবাজি, নবীর দাঁত শহীদ হয়েছিল ওহোদ সমরে নরম রুটি হালুয়া খেয়েছিলেন রাসূল আজি (?) দু'মাস আগে তাই পেট ভরি রুটি, সুজি, খামরে! পনেরো শা'বানে নানান বিদ'আতের ছড়াছড়ি, দলীলহীন আমল ইসলামে দারুন কড়াকড়ি। ইসলামে সকল বিদ'আত ঘূণিত যাবতীয় ইবাদত কুরআন-হাদীছে বর্ণিত।

আত-তাহরীক

-মুহামাদ ও'আইব আলী সাং- দুবইল, (পূর্বপাড়া) नाताग्रवश्रुत्र, यान्ना, नखर्गा ।

আত-তাহরীক আমার গোলাপ-বেলী হাসনাহেনা-জুঁই-চামেলী॥ আত-তাহরীক আমার প্রভাত বেলার অবাক সূর্যোদয়, আত-তাহরীক আমার পাগল করা ঝর ঝর ঝরণাধারা

আত-তাহরীক আমার প্রাণের পরশ একান্ত আশ্রয়া আত-তাহরীক আমার পুষ্পমালা দেয় জুড়িয়ে মনের জালা আত-তাহুরীক আমার দুঃখ-সুখে বড়ই আপনজন, আত-তাহরীক আমার সুখের দোলা, ক্রু তারে যায় না ভুলা আত-তাহরীক আমার সকল সুখের মধুর অনুরনন।

- সোনামশিদের পাতা

গত সংখ্যার মেধা পরীক্ষা (অংক)-এর সঠিক উত্তর

১. ৩ (৩×২=৬ ÷৩=২)।

২. ৯৯ ৷

৩. ব্লাভ ৮-টা ২০ মিনিট ৪৮ সেকেও।

76401

৪.২টি বৃত্ত।

৫. ১ বিয়োগ করলে।

গত সংখ্যার সাধারণ জ্ঞান (উদ্ভিদ) -এর সঠিক উত্তর

- ১. পেয়ারা।
- ২. গাঁদা, শাপলা, সূর্যমুখী, গোলাপ, কমল।
- ৩. ডাব ও কলা।
- 8. কলা গাছ।
- ৫. তাল, খেজুর, নারিকেল ও সুপারী।

চলতি সংখ্যার মেধা পরীক্ষা (বর্ণ সাজ)

শব্দ সংকেত অনুযায়ী বর্ণমিশেল থেকে প্রয়োজনীয় বর্ণ নিয়ে সঠিক শব্দ তৈরি করুন। বর্ণমিশেলের প্রতিটি সারির অবশিষ্ট বর্ণগুলি সঠিকভাবে সাজালেই পাওয়া যাবে সঠিক উত্তর। ভাছাড়া প্রশ্নসংকেত তো আছেই।

| শব্দ সংক্ৰেড | বৰ্ণ মিশেল | ্সঠিক শব্দ |
|-------------------------|------------|------------|
| অন্ধকার | রহমিতি | |
| ভাগ্য | আলদীটলা | |
| স্বভাব | হারিত্রচ | |
| অন্ত রা ল | আলবহেডা | |
| অগ্নিপৃজক | বেশেখাতা | |
| কথা | বৃতিরবি | |

গ্রন্থ সংকেতঃ

বর্তমান বাংলাদেশে পৃথিবীর সর্বাধিক সংখ্যক অন্যূন দু কোটি ... বসবাস।

> 🗍 রচনায়ঃ মুহাম্মাদ গুলামুশ হ**ৰ** ৭ম শ্রেশী নওদাপাড়া মাদরাসা, রাজশাহী।

চলতি সংখ্যার সাধারণ জ্ঞান (ইসলামের ইতিহাস)ঃ

- ১. দ্বীন প্রতিষ্ঠা করতে গিয়ে সর্বপ্রথম কোন্ নবী বাধার সম্মুখীন হয়েছিলেন?
- ২. এই পৃথিবীতে প্রথম شارع الشريعة শরী'আত প্রবর্তক) কাকে বলেঃ
- ৩. নবীর পুত্র হওয়া সম্বেও কে হেদায়াত প্রাপ্ত হয়নিং তার পিতার নাম কিং
- ৪. হ্যরত নূহ (আঃ) কত বছর দা'ওয়াত দিয়েছিলেনা
- কতজন নৃহ (আঃ)-এর দা'ওয়াত কবুল করেছিল।

🗇 मध्यरदः ইमामूकीन

কেন্দ্রীয় সহ-পরিচালক, সোনামণি।

সোনামণি সংবাদ

প্রশিক্ষণঃ

মঞ্চপাড়া, বাগমারা, রাজশাহী ॥ ১ আগট, তক্রবারঃ অদ্য মঞ্চপাড়া আহলেহাদীছ জামে মসজিদে সকাল ১০-টায় সোনামণি এনামূল হকের কুরআন তেলাওয়াত এবং আশরাফুল ইসলামের জাগরণী পরিবেশনের মাধ্যমে সেনামণি বিশেষ প্রশিক্ষণ শিবির তক্ত হয়।

উক্ত প্রশিক্ষণে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন 'সোনামণি' কেন্দ্রীয় সহ-পরিচালক আবৃল হালীম বিন ইলইয়াস। তিনি সোনামণি সংগঠনের মূলমন্ত্র, প্রতিযোগিতার ওকত্ব এবং সালামের উপকারিতা ও পদ্ধতি সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করেন। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন 'সোনামণি' রাজশাহী মহানগরীর সহ-পরিচালক হালেম আলী। তিনি 'সোনামণি' সংগঠনের নামকরণ ও সোনামণি কেন্দ্রীয় সাংস্তিক প্রতিযোগিতা ২০০৩-এর উপর ওক্তর্থুর্ণ প্রশিক্ষণ দান করেন।

মণিঝাম গংখামপুর, বাষা, রাজশাহী, ১ আগষ্ট, তক্রবারঃ অদ্য সকাল ৭.৩০ মিনিট হ'তে ১১.৪৫ মিনিট পর্যন্ত মণিথাম ফুরকানিরা মাদরাসার প্রায় ৮০ জন সোনামণির উপস্থিতিতে এক গুরুত্বপূর্ণ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে উদ্বোধনী ভাষণ পেশ করেন সোনামণি বাঘা থানার প্রধান উপদেষ্টা জনাব মাওলানা আবুল হোসাইন। প্রধান প্রশিক্ষক হিসাবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় সহ-পরিচালক শিহাবুদ্দীন আহমাদ।

অনুষ্ঠানে জাগরণী পরিবেশন করে সোনামণি পারুলা খাতুন। প্রশিক্ষণ শেষে সোনামণিরা সাংস্কৃতিক প্রতিযোগিতা ও সম্মেলন ২০০৩-এ যোগদানের স্বতঃকূর্ত সম্মতি জ্ঞাপন করে। উষ্ণ প্রশিক্ষণ দান করেন নওদাপাড়া মাদরাসা শাখার সহ-পরিচালক মুহাম্মাদ সাইফুল ইসলাম ও স্থানীয় উপদেষ্টা জনাব মুহাম্মাদ আবু তালেব।

হাবাসপুর, বাষা, রাজশাহী, ১ আগষ্ট, তক্রবারঃ অদ্য বাঘা সোনামণি সাংগঠনিক থানার পরিচালক জনাব মুহাম্বাদ আমীনুল ইসলাম-এর সভাপতিত্বে হাবাসপুর আহলেহাদীছ জামে মসজিদে এক বিশেষ সোনামণি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

উক্ত প্রশিক্ষণে প্রধান প্রশিক্ষক হিসাবে উপস্থিত ছিলেন 'সোনামণি' কেন্দ্রীয় সহ-পরিচালক জনাব শিহাবৃদ্দীন আহমাদ। অন্যান্যদের মধ্যে প্রশিক্ষক ছিলেন নওদাপাড়া মাদরাসা শাখার সহ-পরিচালক সাইফুল ইসলাম। প্রশিক্ষণ পরিচালনা করেন 'বাংলাদেশ আহলেহাদীছ যুবসংঘ' হাবাসপুর শাখার সভাপতি মুহাম্মাদ গিয়াছুদ্দীন। প্রশিক্ষণে প্রায় ৬৫ জন সোনামণি যোগদান করে। প্রশিক্ষণে কুরআন তেলাওয়াত করে সোনামণি ইলইয়াস।

চারঘাট, রাজ্বশাহী, ২ জাগষ্ট, শনিবারঃ অদ্য যোধরঘু ফুরজ্বানিরা মাদরাসায় সকাল ৭.৩০ মিঃ হ'তে সোনামণি সাবিনা ইয়াসমিনের কুরজান তেলাওয়াত এবং শিলা খাতুনের জাগরণী পরিবেশনের মাধ্যমে এক বিশেষ সোনামণি প্রশিক্ষণ তরু হয়। প্রশিক্ষণে উদ্বোধনী ভাষণ প্রদান করেন অত্র মাদরাসার শিক্ষক জনাব মুস্তায় আলী।

উক্ত প্রশিক্ষণে প্রধান প্রশিক্ষক হিসাবে উপস্থিত ছিলেন সেনামণি

কেন্দ্রীয় সহ-পরিচালক শিহাবুকীন আহমাদ। অন্যান্যের মধ্যে প্রশিক্ষক ছিলেন নওদাপাড়া মাদরাসা শাখার সহ-পরিচালক সাইকুল ইসলাম।

একইদিন বাদ যোহর ভায়া লন্ধীপুর দারুস সালাম সালাফিয়াহ মাদরাসায় মাহবুবুর রহমানের কুরআন ভেলাওরাত ও ওমর কারকের জাদরণী পরিবেশনের মাধ্যমে এক বিশেষ সোনামণি প্রশিক্ষণ ভক্ক হয়।

মাওলানা মুডাকীযুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত উচ্চ প্রশিক্ষণে উরোধনী ভাষণ পেশ করেন ভারা লক্ষীপুর প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব আবুল কালাম।

উক্ত প্রশিক্ষণে কেন্দ্রীয় প্রশিক্ষক হিসাবে উপস্থিত ছিলেন 'সোনামণি' কেন্দ্রীয় সহ-পরিচালক শিহাবৃদ্ধীন আহমান। অন্যান্যের মধ্যে প্রশিক্ষক ছিলেন 'সোনামণি' নঙদাপাড়া মাদরাসা শাখার সহ-পরিচালক সাইকুল ইসলাম। প্রশিক্ষণ পরিচালনা করেন হাকেয় ছানাউল্লাহ।

একই দিন বাদ আছর চক শিমুলিরা আহলেহাদীছ ছামে মসজিদে নিশুকা ইরাসমীনের কুরজান তেলাওরাতের মাধ্যমে 'সোনামণি' বিশেষ প্রশিক্ষণ ওক্ল হয়।

জনাব আগাউদ্দীনের সভাগতিত্বে অনুষ্ঠিত উক্ত প্রশিক্ষণে উন্ধোধনী ভাষণ পেশ করেন জন্মনাল আবেদীন। উক্ত প্রশিক্ষণে কেন্দ্রীয় প্রশিক্ষক হিসাবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় সহ-পরিচালক শিহাবুদ্দীন আহমাদ। অন্যান্যের মধ্যে প্রশিক্ষক ছিলেন নগুদাগাড়া মাদরাসা শাখার সহ-পরিচালক সাইকুল ইসলাম।

ক্রেন্ত্রীর সাংস্থৃতিক প্রতিবোগিভা২০০৩ -প্রর ফলাকল গত ২৫ ও ২৬ সেন্টেম্বর রোজ বৃহন্দতি ও বক্রবার সোনামণি কেন্দ্রীয় সাংস্থৃতিক প্রতিযোগিতা ২০০৩ আল-মারকার্ল ইসলামী আস-সালাকী, নওদাপাড়া, রাজপাহীতে অনুষ্ঠিত হয়। এতে বিবয় ভিত্তিক বিজয়ীরা হ'লঃ

আকীদা (বাদক)ঃ ১ম- মুযাফফর হোসাইন (রাজনাহী), ২য়-মুহামাদ মুকাবফল হোসাইন (বতড়া) ও ৩য়- মুহামাদ আলী (রাজনাহী)।

আকুীদা (বালিকা)ঃ ১ম- মুসামাৎ শিলা পারতীন (রাজশাহী), ২য়- উমাইরাহ বাতুন (ঐ) ও ৩য়- পারুলা বাতুন (ঐ)।

জাগরণী (ৰালক)ঃ ১ম- মুনীক্লববামান (নওগাঁ), ২য়- আবু রায়হান (সাভকীরা) ও ওয়- মুবাক্লর হোলাইন (রাজণাহী)।

জাগরণী (বালিকা)ঃ ১ম- তাসলীমা জাহান তামান্না (রাজশাহী), ২য়- জিন্নাতুন নিসা (ঐ) ও ৩র- পারুলা খাতুন (ঐ)।

বিভদ্ধ কুরজান ভেলাওরাভ (বালক)ঃ ১ম- আবু রারহান (সাতকীরা), যিত্রুর রহমান (রাজশাহী) ও ৩য়- মুনীরুববামান (নওগাঁ)।

বিতৰ বুরজান ভেলাওরাত (বালিকা)ঃ ১ম- পারুলা খাতুন (রাজশাহী), ২য়- শারমিন আখতার (এ) ও ৩য়- যাকিয়া খাতুন (পাবমা)।

ধাকৃতিক দৃশ্য অংকন (বালক)ঃ ১ম- রাবীব আমীন (রাজশাহী), ২র- তারেক রহমান (ঐ) ও ৩র- হাবীবুর রহমান (ঐ)। ৰাস্তিক দৃশ্য অংকন (ৰালিকা)ঃ ১ম- মুসামাং ভাওহীদা ভাসমীন (রাজশাহী), ২ম- দিল আক্রোবা (ঐ) ও ওয়- মাকরহা সুলডানা (ঐ)।

[विद्यातिक वित्नार्धे जर्मकेन जरवाम क्लाप्य उक्रमः]

সোনামণি সংলাপ

রাজশাহী, ২৬ সেপ্টেম্ম ডক্র-বারঃ জদ্য সকাল ৯-টায় রাজশাহী বেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত 'সোনামণি ৫ম বার্ষিক্র সম্বেলনে' সোনামণি সদস্যরা 'বৌজুকের মরণ কৌজুক' শিরোনামে একটি মনোজ্ঞ সংলাপ পরিবেশন করে, যা উপস্থিত সুধীজন কর্তৃক বিপুলভাবে প্রশংসিত হয়। সংলাপ পরিচালনা করেন সোনামণি সহ-পরিচালক ইমামুদ্দীন (চাঁপাই নবাবগঞ্জ) ও জোহা খান (রাজশাহী)। আগলুকের চরিত্রে অভিনয় করেন (১) দাদাঃ আবদূল আলীম (যশোর), (২) বরঃ আবদুর রহমান (রাজশাহী), (৩) ছেলের বাবাঃ আবদুল মুস্ক্রীত (ঐ), (৪) মেরের বাবাঃ ক্ষরলে রাক্রী (গাইবাছা), (৫) ঘটকঃ জাহালীর আলম (নাটোর), (৬) ছেলের বাবার চাকরঃ আহিদুল ইসলাম (রাজশাহী) ও (৭) মেরের বাবার চাকরঃ আহিদুল ইসলাম (পাবনা)।

সোনামণির চরিত্রে অভিনয় করে বথাক্রমে হাবীবুর রহমান (চাঁপাই নবাবগঞ্জ), বিশ্বর রহমান (রাজপাহী), আকবর আলী (ঝিনাইদহ), মুবাককর হোসাইন (রাজপাহী), মুকাববল হোসাইন (বগুড়া), মুনীক্রববামান (মঙগাঁ), হাবীবুর রহমান (বঙ্ড়া), আবদুরাহ মুবীন (নঙগাঁ), ছাবির আহমাদ (দিনাজপুর), ক্রহল আমীন (বঙ্ড়া) ও আব্বীবুল হাসান (বঙ্ড়া)।

খোকা

-মুহামাদ আশকাকুর রহমান

মাগো ভোমার খোকন দেখো যুদ্ধে বাবার সাত্র পরেছে বর্ণতিরারের ঘোড়ার চড়ে মার্থায় সোনার ভাজ পরেছে। মুক্তি সেনার বেশ ধরে মা যাতে খোকা দুর অজানায় যেমন করে যুদ্ধ যুবক যুদ্ধে গিয়ে আর ফিরে না। ভেমনি বদি ভোমার ছেলে জীবন বিলায় দ্বীনের তরে দেশবে ও মা তোমার খোকা व्यना निर्द्य चरत्र चरत्र । কাঁদবে নাভো সেদিন মাণো বুক ভাসিয়ে চোখের জলে তেবো না মা ভোমার খোকার জীবনটা যায়নি বিকলে।

स्टाप दिएक

নিজৰ উদ্যোগে গ্যাসকৃপ খননের সিদ্ধান্ত

সরকার গ্যাস সংকট মোকাবেলায় নিজম উদ্যোগ ও অর্থায়নে ণ্যাসকৃপ খননসহ ণ্যাস সেষ্টরের উন্নয়নের সিদ্ধান্ত নিয়েছে। ক্রমবর্থমান চাহিদা মেটাভে গৃহীত বিভিন্ন প্রকল্প বান্তবায়নের জন্য বাজেট বরাজের অভিবিক্ত ২২৪ কোটি টাকা দেয়া হবে পেট্রোবাংলাকে। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিরার সভাপতিত্বে গভ ৩১ আগট অনুষ্ঠিত সরকারের নীতিনিধারকদের ওকত্পূর্ণ বৈঠকে উল্লেখিত সিদ্ধান্ত নেয়া হয়। সকল জন্তুনা-কল্পনার অবসান ঘটিয়ে প্রধানমন্ত্রী বৈঠকে গ্যাস রফতানি ইস্যু উত্থাপনেরই সুযোগ দেননি। প্রধানমন্ত্রী নিজস্ব অর্থায়নে নতুন নতুন গ্যাসকৃপ বননের মাধ্যমে ক্রমবর্ধমান চাহিদা মেটাতে নির্দেশ দিয়েছেন। তিনি বিদ্যুত কেন্দ্র, শিল্প কারখানা, সিএনজি ফিলিং টেশন ও আবাসিক গ্রাহকদের বেকোন মূল্যে নিরবৃদ্ধিনভাবে গ্যাস সরবরাহ নিন্টিত করার নির্দেশ দিয়েছেন জ্বালানি মন্ত্রণালয়কে।

প্রধানমন্ত্রীর আড়াই ঘন্টার দীর্ঘ বৈঠকে প্রাকৃতিক গ্যাসের ভবিষ্যুৎ চাহিদা ও সরবরাহের মধ্যে ভারসাম্য বজায় রাখতে কর্মকৌশল নির্বারণ করা হয়েছে। এ বৈঠকে প্রধানমন্ত্রী গ্যাস ও ছালানি ভেলের ফুল্য নীতি জনুমোদন করেন। একই সময় ধ্রথানমন্ত্রী ১লা সেপ্টেম্বর থেকে বিদ্যুতের মূল্যবৃদ্ধি ও সমন্বয়ের প্রভাব নাকচ করে দেন। জ্বালানি ও বিদ্যুৎ বিভাগের দুই প্রতিমন্ত্রীর উদ্দেশ্যে প্রধানমন্ত্রী বলেন, জনগণের ভোটে জনগণের খেদমত করার জন্য আমরা ক্ষমতায় এসেছি। জনসাধারণের ভোগান্তি বা কষ্ট হয় এমন কোন পদক্ষেপ নেয়া যাবে না।

শে' কোটি টাকা ব্যয়ে যাত্রাবাড়ী-ভলিন্তান ৭ কিঃ মিঃ ফ্রাইওভার হচ্ছে

রাজধানী শহর ঢাকার যানজট নিরসন ও অবকাঠামোগত উন্নয়নে ৭ কিলোমিটার দীর্ঘ যাত্রাবাড়ী-গুলিন্তান ফ্লাইওভার নির্মাণের সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন হয়েছে। আগামী অষ্টোবরে প্রধানমন্ত্রী এই ফ্লাইওভারের ভিত্তিখন্তর স্থাপন করবেন। তিন বছরের মধ্যে ফ্লাইওভারের নির্মাণ কাজ সম্পন্ন হবে। ৫শ' কোটি টাকার সরকারী অর্থারনে এই ফ্লাইওভার নির্মাণ সম্পন্ন হ'লে ঢাকা শহরের যানজট নিরসন হবে। প্রায় ৩০টি যেলা থেকে আগড যানবাহনকে কাচপুর-যাত্রাবাড়ী এলাকায় আর আটকে পড়ে থাকতে হবে না। একই সাথে ঢাকার পার্শ্ববর্তী ৫০ কিলোমিটার এলাকার মানুষ ও প্রতিদিন ঢাকায় কাজ শেষে আবার নিজ এলাকায় কিরে বেডে পারবে।

বিশ্বারনের নামে অর্থনীতিকে ভারতীয়করণ করা হচ্ছে

-शानर्টिनिस्न विभिष्ठे वृद्धिकीवीशव

ৰাংলাদেশে বিশ্বায়নের প্রভাব নিয়ে গত ৩০ আগষ্ট ঢাকার হোটেল সোনারগাঁরে 'ইনষ্টিটিউট কর রিসার্চ এও ডেভেলপমেন্ট' আয়োজিত এক গোলটেবিল আলোচনায় দেশের খ্যাতনামা অর্থনীভিবিদ, শিক্ষাবিদ, রাজনীভিক ও সাংবাদিকরা বলেছেন, বিশারনের নামে বাংলাদেশের অর্থনীতির যে ভারতীয়করণ করা হচ্ছে, সেটাই আমাদের জন্য সবচেয়ে বেশী ক্ষতিকর ও ভন্নাৰহ। এর মাধ্যমে বাংলাদেশের রাষ্ট্রীয় সার্বভৌমত্ত্ব এখন দ্রুভ বিশৃত্তির পথে এপিয়ে চলেছে। তারা বলেন, প্রকৃতপক্ষে বিশায়ন আমাদের জন্য যতটুকু না ক্ষতিকর, তার চেয়ে কয়েকশ' ৩৭ বেশী ক্ষতিকর এই অর্থনীতির ভারতীয়করণ। বিশায়নের অন্তহাতে অত্যন্ত সুকৌশলে নকাইয়ের দশকের তরু থেকে এই তৎপরতা তরু হয়েছে এবং দিন দিনই ভারতীর পণ্য আগ্রাসনের থাবা বিশাল থেকে বিশালতর হচ্ছে ৷

আলোচনা সভায় বভারা বলেন, বিশ্বায়নের কারণে বাংলাদেশের মত দরিদ্র রাষ্ট্রগুলি আরো দরিদ্র হবে এবং নিজম স্বকীয়তা হারাবে। বিশ্বায়ন থেকে আমাদের কিছুই পাবার নেই মন্তব্য করে তারা বলেন, বিশ্বায়নের ফলে ২০০৫ সালেই প্রথম ধারায় বাংলাদেশের প্রায় ১০ লাখ শ্রমিক বেকার হয়ে যাবে। এরপর ধাংস হবে এদেশের কৃষি। বাংলাদেশকে তখন একটি আমদার্নীনির্ভর দাসরাষ্ট্র হয়ে বেঁচে থাকতে হবে। আমদা ও রাজনীতিকদের নির্বৃদ্ধিতা এবং লোভ আর বিশ্বব্যাংক আইএমএফের ছার্ছে আমরা নিজেদের শিল্পায়নের ভিত্তি মবকুত ना करवड़े निहाबनरक कारमित्र मूर्च छिएन निरम्न विश्वासन्तर जाश्चरन केंग्नि निरहि । छात्रा जारता वरनन, विशासन कारता जना পৌষ মাস আবার কারো জন্য সর্বনাশ।

মানুষ বেচাকেনার হাট বসে কটিকছড়ির গহীন অসলে

অবিশাস্য হ'লেও সত্য যে, কুরবানীর গরুর বাজারের ন্যায় ফটিকছড়ির গভীর **অরণ্যে মানুব বেচাকেনার হাট বলে।** তবে **मि मानूब कान क्षाबाब्य नहा, नहा कान निर्माण अभिक किरवा** পাহাড়ে পাছ কাটার করাভ কলের কোন কীণকার শ্রমিক। এ মানুষ্ণলি হচ্ছে সমাজের বিভ্ৰান, ধনাঢা কোটিপভি বা কোন কোটিপতির আদরের দুলাল, নডুবা কোন সরকারী-বেসরকারী বড় কর্মকর্তা কিংবা বিদেশী কোন এনজিও কর্মকর্তা। মানুষ বেচাকেনার এ সওদাগররা হ'ল অপহরণকারী মাকিয়া চক্রের পার্জা। এভাবে বেচাকেনার মানুষঙলিকে মাফিয়া পরিভাষায় 'গরু' বলা হয়। এসব অপহরণকারী মাফিয়া পাতাদের গড়ফাদার কোন না কোন বড় রাজনৈতিক দলের নেতা কিংবা তাদের সশত্র ক্যাডার শাখার হেড কমানডেন্ট বলে চট্টগ্রামের লোকজন জানে। এভাবে গত ১৫ বছরে জঙ্গলে 'মানুষ গরু' বাজারে বেচাকেনা হয়েছে ৩ শতাধিক 'গৰু'। কোনটা বিক্রি হয় ৫০ লাখে, কোনটা ২০ আবার কোনটা ১০ লাখে। ভিন্ন ভিন্ন সূত্র জানায়, এ সমরের মধ্যে আবার দরদাম ঠিক লা হওয়ায় ২০টি 'গরু'র গলায় 'কুলের মালা'ও (হড্যা করা) পরানো হয়েছে। ফটিকছড়িতে 'মানুষ গল্ল' বেচাকেনার প্রধান হাট এখানকার কাঞ্চন নগর, রাঙ্গামাটি এবং মন্দাকিনীসহ গভীর অরণ্যের নির্মন স্থানে। পরিকল্পনা অনুযায়ী মাঞ্চিয়া সিভিকেটের সদস্যরা চট্টগ্রাম শহর কিংবা পার্শ্ববর্তী বেলা-উপযেলার গ্রামগঞ্জ হ'তে 'মানুষ গরু' ধরে ফটিকছড়ির নির্দিষ্ট 'গরু' বাজারে নিয়ে যায়। সেখানে গরুটির স্বাস্থ্য দেখে কিনে নেয় নির্দিষ্ট সওদাগর। ভারপর গরুটিকে রাখা হয় জঙ্গলের গভীরে কোন ক্রডেঘরে নতুবা কোন সুড়কের আবাসস্থলে। এরপর তরু হয় মুক্তিপণ নামের দরদাম হাঁকানের কাজ।

ভাল গাছ দেশের অর্থনীভিকে বদলে দিতে পারে

ভাল গাছ দেশের অর্থনীভিকে বদলে দিতে পারে। বর্তমানে বাংলাদেশে রস উৎপাদনক্ষম তাল গাছের সংখ্যা প্রায় ১ কোটি। পরিক্সিভভাবে রস সংগ্রহ করা হ'লে তাল রস থেকেই ১২ লাখ মেট্রিকটন চিনি উৎপাদন করা সম্ভব। বর্তমানে দেশে চিনির

চাহিদা ৬ লাখ মেট্রিকটন। আঁখ থেকে উৎপাদিত হয় মাত্র ২ লাখ মেট্রিকটন। যথায়থ পদক্ষেপ নেয়া হ'লে তাল গাছই চিনি শিল্পে বিপ্লব ঘটাতে সক্ষম হবে। গবেষক এস,এম, আর, বুলবুল প্রায় একযুগ গবেষণা করে সশুতি এক সেমিনারে এই তথ্য প্রকাশ করেন। তিনি বলেন, বর্তমানে দেশে ছোট-বড় মিলিয়ে প্রায় ৩ কোটি তালগাছ আছে। রস উৎপাদনে সক্ষম ১ কোটি তালগাছ হ'লে বছরখানেক পরেই এই সংখ্যা ২ কোটিতে দাঁড়াবে। তিনি জানান যে, দেশে বিদ্যমান সড়ক, মহাসড়ক, রেলপথ ও ভেড়িবাঁধের দু'পাশে ১৪ কোটি তালের চারা রোপন করা সম্ভব। তার মতে, ২০০৩ সালে তালগাছ বনায়নের ব্যাপক উদ্যোগ গ্রহণ করা হ'লে ১৫ বছর পরে বর্তমান ৩ কোটি এবং নতুন রোপিত ১৪ কোটি তালগাছ থেকে প্রায় ১ কোটি মেট্রিক টন চিনি উৎশাল সমব।

'এনজিও'র অর্থে গঠন হচ্ছে সর্বহারা পার্টি 'এনজিও'র নামে দেশ-বিদেশের বিভিন্ন প্রতিষ্ঠান থেকে বিপুল অঙ্কের টাকা এনে সেই টাকা দিয়েই সর্বহারা পার্টি গঠন করা হচ্ছে বলে অভিযোগ পাওয়া গেছে। অভিযোগে বলা হয়েছে, এনজিও'র অর্থে গঠিত এ ধরনের সর্বহারা পার্টির প্রধান কাজই হচ্ছে খুন-খারাপী, রাহাজানি, ডাকাতি, ধর্ষণসহ নানা ধরনের যুলমবাজি। এ ধরনের একটি এনজিও হচ্ছে 'বাংলাদেশ রুরাল এডভাগমেন্ট প্র ভলান্টারী এন্টারপ্রাইজ' ('ব্রেভ')। যার নেভৃত্বে রয়েছে জনৈক আনওয়ারুল্লাহ। অভিযোগ রয়েছে, ব্রেউকে ব্যবহার করে সে দেশ-বিদেশের বিভিন্ন সূত্র থেকে বিপুল সংকের টাকা সংগ্রহ করে এবং ঐ অর্থ আত্মসাৎ করে তা দিয়ে সর্বহারা পার্টি পঠন করে। বিষয়টি বিভিন্নভাবে সরকারের নযরে আনার চেটা করা হ'লেও আনওয়ারুল্লাহুর এনজিও থেকে অবৈধভাবে প্রাপ্ত লাখ লাখ টাকার অর্থ সকল সুবিচারের পথ বন্ধ করে দিয়েছে বলে অভিযোগ রয়েছে। এনঞ্চিও ফাণ্ড দিয়ে এভাবে অন্ত্রধারী সংগঠন করতে দেওয়ার ফলে বরিশাল যেলার আগৈলঝাড়া ও উজিরপুর এলাকার জনজীবনে নেমে এসেছে চরম পাশবিক নির্যাতন। খুন-ডাকাতি সবই সংঘটিত হচ্ছে। থেকতার হচ্ছে, এনজিওর টাকার জোরে আবার বেরিয়েও আসছে।

বেসরকারী শিক্ষক-কর্মচারীরা অবসর ভাতা পাবেন ৭৫ মাসের বেতনের সমপরিমাণ

সরকারী কর্মকর্তা-কর্মচারীদের মত দেশের বেসরকারী শিক্ষক-কর্মচারীরাও এককাশীন মোটা অংকের অবসর ভাতা পাবেন। ২৫ বছর চাকরি শেষে অবসর নেওয়া প্রত্যেক বেসরকারী শিক্ষক-কর্মচারী তাদের চাকরিকালীন সময়ে সর্বশেষ মূল বেতনের ৭৫ মাসের সমপরিমাণ অর্থ এককালীন পাবেন। গত ৮ সেন্টেম্বর শিক্ষামন্ত্রণালয়ে মন্ত্রণালয়ের অভিরিক্ত সচিব রফীকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত অবসর ভাতা প্রবিধান কমিটির বৈঠকে এ সংক্রান্ত খসড়া চূড়ান্ত করা হয়। গত ১ জুলাই ২০০০ সাল থেকে যারা অবসর গ্রহণ করেছেন, তারা পুরোপুরিভাবে এই সুবিধা পাবেন। আর চাকরির কার্যকাল ধরা হবে যেদিন থেকে বেসরকারী শিক্ষক-কর্মচারীদের বেতন স্কেল তরু হয়েছে সেদিন থেকে। বেসরকারী কুল, কলেজ ও মাদরাসার যেসব শিক্ষক-কর্মচারী ১ জুলাইয়ের পরে চাকরি থাকাকালে মৃত্যুবরণ করেছেন তারাও অবসর সুবিধা পাবেন। শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা যায়, প্রাথমিকভাবে এ অবসর সুবিধার আওতায় আসছেন প্রায় আড়াই লাখ বেসরকারী শিক্ষক-কর্মচারী।

বিদেশ

ধৃমপানে বছরে সাড়ে চার লাখ মার্কিনীর

৮৬ লাখ আমেরিকান ধূমপানজনিত বিভিন্ন ধরনের পীডায় আক্রান্ত। সরকারী সূত্রে গত ৪ সেপ্টেম্বর এ খবর দেয়া হয়। আটপান্টাস্থ কেন্দ্রীয় রোগ নিয়ন্ত্রণ ও প্রভিরোধক কেন্দ্র জানিয়েছে, আগে ধূমপান করেছে এবং এখনো ব্রীতিমত করছে এমন আমেরিকানরা ১০% জটিল রোগে আক্রান্ত হয়েছে। ২০০০ সালে টেলিফো পরিচালিত এক জরিপে আরো উদঘাটিত হয় যে, রোগে আক্রান্তর অর্ধেকই ব্রহাইটিস এ আক্রান্ত হয়েছিল। এরপ ধূমপানজনিত রোগে আক্রান্ত হয়ে প্রতি বছর গড়ে ৪ লাখ ৪০ হাযার আমেরিকানের প্রাণহানি ঘটছে।

ফ্রালে প্রথম মুসলিম কুল চালু

ক্যাথলিক খুষ্টান অনুসারী অধ্যুষিত রাষ্ট্র ফ্রান্সের উক্তবিদ্যালয়গুলিতে সাধারণত মুসলিম রীতি অনুযায়ী ভার্ক পরা নিষিদ্ধ । এ অবস্থায় সেখানে গত **৩**রা সেন্টেম্বর থেকে একটি মুসলিম উক বিদ্যালয় চালু হয়েছে। মাথায় কার্ক পরা কিছ শিক্ষিকা ও ছাত্রীদের নিয়ে এ বিদ্যালয়ের কা**জ ওক হয়েছে** উত্তরাঞ্চলীয় শহর নিনে পাঁচ রুমের একটি ভবনে ৬ জন বালক আর ৬ জন বালিকা নিয়ে ১২শ' শতাব্দীতে স্পেনের বিখ্যাত মুসলিম দার্শনিক 'লিসি এভারোজ'-এর নামে প্রতিষ্ঠিত উক্ত विमानाय भवादेक याग्र जानाता द्या इत्य ডেপুটি প্রিন্সিপাল পাক্নাও মামিচি বলেন, আমাদের শিক্ষাদান হবে ফ্রেঞ্চ ভাষাতে, এর শিক্ষকরা সকলে নিবেদিতপ্রাণ। তিনি আরো বলেন, পরবর্তী বছরগুলিতে এর সম্প্রসারণ করা হবে এবং তা অমুসলিম শিক্ষার্থীদের জন্যও উন্মুক্ত করে দেয়া হবে।

উল্লেখ্য যে, জ্রালের দিতীয় বৃহত্তম ধর্ম অনুসারী ৫০ লাখ মুসলমান এ বছরের ওরুতে একটি কাউন্সিল গঠন করে, যাতে করে তারা মুসলিম কমিউনিটিতে নিয়মিত যোগাযোগ করতে পারে। মামিচি সাংবাদিকদের বলেন, আমরা ধর্মীয় রক্ষণশীল নই, কিন্তু মুসলিম সংকৃতিকে অন্যতম একটি অবলয়ন হিসাবে ধরে রাখতে চাই।

ভারতীয় মুসলিম নেতা নোবেল পুরুষারের জন্য মনোনীত

উত্তর আমেরিকার ইসলামী সোসাইটি জানিয়েছে, মানবভার সেবা এবং উন্নয়নে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে ২০০৩ সালের নোবেল শান্তি পুরহারের জন্য ভারতীয় মুসলিম নেতা সৈয়দ হাসানকে মনোনয়ন দেওয়া হয়েছে। সৈয়দ হাসান ভাঁর জীবনের ৬০ বছর উৎসর্গ করেছেন মানুষের মঙ্গলের জন্য। তিনি ভারত ভিত্তিক শিক্ষা প্রতিষ্ঠান ও মানব সেবামূলক সংগঠন 'ইনসান' (মানুষ)-এর প্রতিষ্ঠাতা পরিচালক। অনুনুত সম্প্রদায়ের মধ্যে শিক্ষার আলো ছড়ানো, বয়ঙ্কদের স্বাক্ষরতা, বাল্য বিবাহ রোধ. পশ্চাৎপদ সম্প্রদায়ের লোকজনদের কর্মসংস্থান এবং মানবিক সহায়তা প্রদানে এই প্রতিষ্ঠান বরাবরই এগিয়ে আছে। অবিশ্বাস্য হ'লেও সত্য যে, সৈয়দ হাসান যন্ত্রা রোগীদের রক্ত ও শয্যা নিজের হাতে পরিষ্কার করেন এবং মেথরদের সাথে একত্তে বসে আহার গ্রহণে তার কোন দ্বিধা-সংকোচ নেই। সৈয়দ হাসান

all the second of the second

যুক্তরাদ্রের সাউদার্ন ইলিনয়িস ইউনিভার্সিটি থেকে মান্তার্স ও ডন্টরেট ডিগ্রী লাভ করেন। তিনি একজন ধর্মপ্রাণ মুসলমান এবং ইসলামের প্রতি তার স্পৃত্ প্রভার সর্বদাই তার কার্যক্রম ও মিশনের মধ্য দিয়ে প্রতিক্রনিত হয়েছে। তিনি ৫০ টাকা ভাড়ার একটি কুঁড়ে ঘরে তার 'ইনসান' প্রতিষ্ঠা করেন। বর্তমানে ২শ' একর জমির উপর ২শ' বাড়ীর কমপ্রেক্স হচ্ছে এই 'ইনসান' ভুল এও কলেজ।

ঋণে জর্জরিত ভারতীয় কৃষকরা বেছে নিচ্ছে আত্মহত্যার পথ

ভারতীয় কৃষকরা পাওনাদারের নাজেহাল থেকে বাঁচতে আত্মহত্যার পথ বেছে নিচ্ছে। ভারতের দক্ষিণাঞ্চলীয় রাজ্য কর্নাটকে কেবল গত আগষ্ট মাসেই ৯০ জনের বেশী কৃষক আত্মহত্যা করেছে। আর এই আত্মঘাতী কৃষকদের ২১ জনই মানিয়া যেলার। রাজ্যের স্বরাষ্ট্রমন্ত্রী ও ধরা নিয়ন্ত্রণ কমিটির প্রধান মন্ত্রিকা রঞ্জন বলেন, গত সাত বছরের আত্মহত্যার এক সমীক্ষায় দেখা গেছে, কর্নাটকে প্রতি বছর ৬০০ থেকে ৬৮০ জন কৃষক আত্মহত্যা করে থাকে। যেমন মান্দ্রিয়ার মাদ্রর এলাকার কেএন রমেশ নামের ২৪ বছর বয়সী এক কৃষক ৮০ হাষার রূপী ঋণ পরিশোধ করতে না পারায় গলায় ফাস নিয়ে আত্মহত্যা করে। গ্রামের অপর এক কৃষক কীটনাশক খেরে প্রাণনাশ করে। উল্লেখ্য যে, এখানকার কৃষকেরা আঁখ, লাল বজরা, ধান ও তুঁত চাবে ব্যবহারের জন্য রাষ্ট্রীয় ব্যাংক, সমবায় কিংবা মহাজনদের কাছ থেকে টাকা ধার নিয়ে থাকে।

এডওয়ার্ড টেলর রেখে গেলেন হাইড্রোজেন বোমা

হাইদ্রোজেন বোমার জনক এডওয়ার্ড টেলার গত ১০ সেন্টেম্বর ৯৫ বছর বয়সে মৃত্যুবরণ করেছেন। পৃথিবীর মানুষ সৌভাগ্যবশত এখনো হাইদ্রোজেন বোমার মর্মান্তিক অভিজ্ঞতা অর্জন করেনি। তবে বিজ্ঞানীদের মতে, হাইদ্রোজেন বোমা পারমাণবিক বোমার চেয়ে অনেক বেশী মারাত্মক ও ভয়াবহ। বিতীয় বিশ্বযুদ্ধে পারমাণবিক বোমার যে বিয়োগান্তক অভিজ্ঞতা পৃথিবীবাসী অর্জন করেছে তা ভুলে যাওয়ার মত নয়। সূতরাং হাইদ্রোজেন বোমার অভিজ্ঞতা যদি বিশ্ববাসীকে কোনদিন অর্জন করতে হয়, তাহ'লে সেই অভিজ্ঞতা যে কত ভয়াল ও সর্বনাশা হবে তা কয়না করতেও গা শিউরে উঠে।

সুইডিশ পররাষ্ট্রমন্ত্রী ছুরিকাঘাতে নিহত

সুইডেনের পররাষ্ট্রমন্ত্রী আন্না লিও গত ১১ সেন্টেম্বর হাসপাতালে মারা গেছেন। তিনি ১০ সেন্টেম্বর রাজধানী ক্টকহোমে একটি শিশিং সেন্টারে কেনাকাটা করার সময় অজ্ঞাত আততায়ীর হাতে উপর্যুপরি ছুরিকাহত হন। লিও বুকে, পেটে ও হাতে আঘাত পান এবং অক্লোপচারের ১০ ঘন্টা পরও তার জ্ঞান ফেরেনি বলে জানা যায়। হাসপাতাল সূত্রে জানা যায়, সুইডেনের জনপ্রিয় এই রাজনীতিক ছুরিকাঘাতের স্থানে আত্যন্তরীণ রক্তক্ষরণের কারণে মারা যান। উল্লেখ্য যে, সুইডেনে প্রধানমন্ত্রী ছাড়া অন্য মন্ত্রী ও রাজনীতিকরা দেহরক্ষী ছাড়াই চলাফেরা করেন।

প্রতি ১০ জন মার্কিনীর মধ্যে ৬ জনই বুশের ইরাক নীতিতে অসম্ভুষ্ট

মার্কিন প্রেসিডেন্ট জর্জ ডব্লিউ বৃশের প্রতি জনসমর্থন হাস পেয়েছে। তার ইরাক নীতিতে মার্কিনীরা অসম্ভষ্ট। গত ১৪ সেপ্টেম্বর ওরাশিটেন পোষ্ট ও এবিসি নিউজ পরিচালিত এক নরা জনমত জরিপে একথা জানা যার। জনমত জরিপে বলা হয়, বহু আভ্যন্তরীপ বিষরে বুশের কার্বকলাপে মার্কিন জনগণের সমর্থন সর্বনিম্ন পর্যায়ে এসে ঠেকেছে। ইরাক যুদ্ধের ব্যয় মেটাতে বুশ ৮ হাযার ৭শ' কোটি ডলার বরাদ্দ চেয়েছেন। এতে প্রতি ১০ জন মার্কিনীর মধ্যে ৬ জনই তার প্রতি অসম্ভূষ্ট। ৫৫ শতাংশ আমেরিকান ইরাকে মার্কিন সৈন্য হতাহত হওয়ার ঘটনাকে অগ্রহণযোগ্য বলে আখ্যায়িত করেছেন।

CONTRACTOR OF THE SECOND

উত্তর কোরিরার ৪০০০ কিলোমিটার পাল্লার ক্ষেপণাত্র উদ্ভাবন

উত্তর কোরিয়া দূরপালার শক্তিশালী ক্ষেপণাত্র উদ্ধাবন করেছে। এই ক্ষেপণাত্র গোটা জাপান এবং দূরবর্তী যুক্তরাট্রের গুয়াম এলাকায় আঘাত হানতে সক্ষম।

চক্ষিণ কোরিয়ার বহুল প্রচারিত পঞ্জিকা কোসান ইলবোর খবরে বলা হয়, উত্তর কোরিয়ার নবোদ্ধাবিত ব্যালেন্টিক ক্ষেপণান্ত্রের পাল্লা হবে ৪ হাযার কিলোমিটার। গত বছর এই দূরণাল্লার ক্ষেপণান্ত্র উদ্ভাবন করা হ'লেও এতদিন তা মোডায়েন করা হয়নি। এর আগে উত্তর কোরিয়া আড়াই হাযার কিলোমিটার পাল্লার বে তায়েপোড়ং-১ ক্ষেপণান্ত্র উদ্ভাবন করে তা জ্ঞাপানের অধিকাংশ এলাকায় আঘাত হানতে সক্ষম। ১৯৯৮ সালে পিয়ংইয়ং এই ক্ষেপণান্ত্রের পরীক্ষামূলক উৎক্ষেপণ ঘটায়। প্রশান্ত মহাসাগরের দিকে উড়ে যাওয়ার সময় ক্ষেপণান্ত্রটি জ্ঞাপানের মৃল ভূখও অভিক্রম করে। ধারণা করা হয়, উত্তর কোরিয়ার কাছে ১৩শা কিলোমিটার পাল্লার অন্তত ৭শা ক্ষেপণান্ত্র রয়েছে।

উল্লেখ্য যে, বিশের পঞ্চম বৃহত্তম সেনাবাহিনীর অধিকারী উত্তর কোরিয়ার নিয়মিত সেনাসংখ্যা হচ্ছে ১২ লাখ। এছাড়াও রয়েছে বিপুল সংখ্যক রিজার্ভ সৈন্য।

ব্যর্থতার মধ্য দিয়ে শেব হ'ল কানকুন সম্মেলন

মেক্সিকোর কানকুনে অনুষ্ঠিত বিশ্ববাণিজ্য সংস্থার ৫ম মন্ত্রী পর্যায়ের সম্মেলন ধনী ও গরীব দেশগুলির মধ্যে ডিক্ত বিরোধের ফলে গত ১৪ সেন্টেম্বর ব্যর্থ হয়ে গেছে। তবে ধনী দেশের সাথে স্বার্থের বোঝাপড়ায় গরীব দেশগুলি কোমর শব্দ করে দাঁড়ানোর ফলে বিশ্ববাণিজ্যে তারা নতুন শক্তি হিসাবে আবির্ভূত হয়েছে। এতে ভবিষ্যতে তাদের জন্য সম্ভাবনার নতুন দরজা चुनर्त राम भर्यरक्कता मन्ने करत्न । এ সম্মেলন बार्थ इख्यांग्र অর্থনীতির বিশ্বায়ন হুমকির মধ্যে পড়েছে। অন্যদিকে কানকুন সম্মেলন ব্যর্থ হওয়ায় বিশ্বায়ন বিরোধী বিশেষ করে কানকুনে বিশ্বায়নের বিরুদ্ধে বিক্ষোভকারীরা অত্যন্ত খুশি। সম্মেলন ব্যর্থ হওয়ায় ধনী দেশগুলি হতাশা প্রকাশ করেছে। অপরদিকে সম্মেলন ভত্তল হওয়ার জন্য গরীব দেশগুলি মার্কিন যুক্তরাষ্ট্র এবং ইউরোপের ধনী দেশগুলির স্বার্থপরতা ও একওঁয়েমিকে দায়ী করেছে। কানকুন সম্বেলনের পুরো পাঁচদিনই গরীব *দেশগুলি* ধনীদেশে কৃষি ভর্তৃকি বন্ধের দাবী নিয়ে আলোচনা করে। আলোচনার এক পর্যায়ে গরীব দেশের আমলাতম্ভ সংস্কার ও দুর্নীতির অবসান সম্পর্কিত ধনী দেশগুলির শর্ত মানতে গরীবরা রায়ী না হওয়ায় আলোচনা ভতুল হয়ে যায়। উল্লেখ্য যে, ১৯৯৯ সালে যুক্তরাষ্ট্রের সিয়াটেলে অনুষ্ঠিত বিশ্ববাণিজ্য সংস্থার গোলমেলে সম্মেলনের পর বিশ্ববাণিজ্য উদারীকরণ এবারের মত আর কখনও এত বিপর্যয়ের মুখে পড়েনি।

আমি দিনের বেলা মাছ শিকার করি আর রাতে নামি মার্কিন সৈন্য শিকারে

ইরাকে মার্কিন ও বৃটিশ বাহিনীর দখলদারিত্বের বিরুদ্ধে প্রতিরোধ সংগ্রাম তীব্রতর হয়ে ওঠার প্রেক্ষিতে ইরাকের গেরিলা বাহিনীতে যোদ্ধাদের সংখ্যাও বাডছে। প্রাথমিক পর্যায়ে এই সংগ্রাম উত্তর ও পশ্চিম ইরাকে সীমাবদ্ধ থাকলেও বর্তমানে তা সম্প্রসারিত হচ্ছে শী'আ অধ্যুষিত দক্ষিণ ও মধ্য ইরাকের বিস্তুত এলাকায়। ইরাকী গেরিলাদের উপর্যুপরি বোমা ও রকেটচালিত গ্রেনেড হামলায় ৩১ আগষ্ট পর্যন্ত ৬৭ জন মার্কিন এবং ১৪ জন বৃটিশ সৈন্য নিহত হয়েছে বলে দখলদার কর্তপক্ষ স্বীকার করেছে। নিরপেক্ষ সূত্র বলেছে, নিহতের সংখ্যা আরো অনেক বেশী ৷

সশস্ত্র গেরিলা গ্রুপ পর্যায়ে প্রতিরোধ বাহিনী গড়ে উঠার পাশাপাশি অনেক দেশপ্রেমিক ইরাকী ব্যক্তিগত উদ্যোগেও স্বতঃফুর্তভাবে সুযোগ পেলেই হামলা চালাচ্ছে দখলদার বাহিনীর বিরুদ্ধে। এই রকম একজন স্বতঃস্কৃত গেরিলা ইরাকীর নাম ছালাহদীন। পেশায় জেলে। নদীতে মাছ ধরার পাশাপাশি এই অসম সাহসী ব্যক্তি পরপর কয়েক দফা সফল হামলা চালান मार्किन वार्रिनीद विकल्प । हानाहकीन ठाढ श्रक्छ नाम नग्न। কৌতৃহলী সাংবাদিকরা সাক্ষাৎকারে তার নাম জানতে চাইলে তিনি এই নামেই তার নিজের পরিচয় দেন। তিনি বলেন, বিভিন্ন এলাকায় মার্কিনীদের বিরুদ্ধে ছন্মনামে গেরিলা হামলা চালাতে হচ্ছে। অবশ্য তার ছালাহুদীন নাম ধারণ করার পিছনে অন্য একটি গৌরবজনক কারণও রয়েছে। ঐতিহাসিক ধর্মযুদ্ধের (ক্রুসেড) মুসলিম পক্ষের বীর নায়ক ছালাহুদ্দীনের প্রতি শ্রদ্ধাবশতঃ তিনি একজন জিহাদী ব্যক্তি হিসাবে নিজের নাম রেখেছেন ছালাছদ্দীন। তিনি মার্কিন-বৃটিশ বাহিনীর বিরুদ্ধে ঘুণা প্রকাশ করে বলেন, আমি দিনের বেলায় মাছ শিকার করি এবং রাতে শিকার করি মার্কিন সৈন্য। তার মতে মার্কিন সৈন্য শিকার করা মাছ শিকার করার চেয়ে অনেক সহজ্ঞ।

রাজনীতি নিয়ে ব্যস্ত থেকে ছাত্ররা দেশের অর্থ অপচয় করে

-মাহাথির

মালয়েশিয়ার প্রধানমন্ত্রী ডঃ মাহাথির মূহাম্মাদ গত ৬ সেন্টেম্বর বলেছেন, विश्वविদ্যালয়ের যেসব ছাত্র পড়াশোনায় মনোযোগী না হয়ে নিজেদেরকে রাজনীতিতে ব্যস্ত রেখেছে, তারা কেবল দেশের অর্থের অপচয় করছে। এই অর্থ এদের পেছনে ব্যয় না করে গ্রামীণ সমাজের উন্নয়নে ব্যয় করা যেতে পারে বলে তিনি মন্তব্য করেন। প্রধানমন্ত্রী বলেন, আমরা দেখতে পাচ্ছি যে, কতিপয় ছাত্র ক্যাম্পাস বহির্ভূত রাজনীতিকে অগ্রাধিকার দেয়। তারা পড়াশোনা করে না।

ফিলিন্ডীনী প্রধানমন্ত্রীর পদত্যাগ

ফিলিন্তীনের প্রধানমন্ত্রী মাহমূদ আব্বাস গত ৬ সেপ্টেম্বর পদত্যাগ করেছেন। চার মাস আগে তিনি এই পদে অভিষিক্ত হয়েছিলেন। প্রেসিডেন্ট ইয়াসির আরাফাতের সঙ্গে তার আগে থেকেই মতপার্থক্য ছিল। তারপরও প্রেসিডেন্ট ইয়াসির

আরাফাত তাকে প্রধানমন্ত্রী নিযুক্ত করেছিলেন। বলা হয়ে থাকে. যুক্তরাষ্ট্রের চাপের মুখেই তিনি তাকে প্রধানমন্ত্রী করেন। গত চার মাসে তাদের মধ্যকার মতপার্থক্য হ্রাস তো দরের কথা, আরো বৃদ্ধি পায়। প্রধানমন্ত্রী মাহমূদ আব্বাস আরো ক্ষমতার প্রত্যাশী ছিলেন। তিনি ফিলিন্ডীনী নিরাপন্তাবাহিনী নিয়ন্ত্রণের নিরংক্রণ ক্ষমতা দাবী করেন, যা প্রেসিডেন্ট ইয়াসির আরাফাতের হাতে ন্যন্ত। প্রেসিডেন্ট ইয়াসির আরাফাত জনরোষ বৃদ্ধির আশংকায় এই ক্ষমতা হস্তান্তরে রাযী হ'তে পারেননি।

বিতীয়তঃ প্রধানমন্ত্রী মাহমূদ আব্বাস রোডম্যাপ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সংক্ষার সাধনে সম্পূর্ণ ক্ষমতা দাবী করেন। এই ক্ষমতাও নানা কারণে প্রেসিডেন্ট ইন্নাসির আরাফাত দিতে রাযী হননি। বস্তুতঃ এই দু'টি ব্যাতা প্রধানমন্ত্রীর হাতে হস্তান্তরিত হ'লে প্রেসিডেন্টের হাতে আসলে কোন ক্ষমতাই **থাকে** না। এ নিয়ে উভয়ের মধ্যে বিরোধ এমন পর্যায়ে উপনীত হয় যে. প্রধানমন্ত্রী ফিলিন্তীনী পার্লামেন্টের কাছে তাকে উল্লেখিত ক্ষমতা প্রদান অথবা অপসারণের আহ্বান জানান।

বিশ্ব মুসলিমের মধ্যে সেতু বন্ধনের উদ্যোগ নিচ্ছে মালয়েশিয়ার একটি কোম্পানী

তথ্য যোগাযোগ প্রযুক্তির সুযোগকে কাজে লাগিয়ে মালয়েশিয়াভিত্তিক একটি আইসিটি নেটওয়ার্কিং কোম্পানী বিশ্বব্যাপী মুসলমানদের মধ্যে সেতু বন্ধনের উদ্যোগ নিচ্ছে। কোম্পানীটি ইসলামী সম্বেলন সংস্থার (ওআইসি) সদস্য দেশগুলিকে তথ্যপ্রযুক্তি বিষয়ে সহায়তা করবে। বিশেষ করে ইন্টারনেটের মাধ্যমে বিশ্বব্যাপী মুসলমানদের মধ্যে ব্যবসা, অর্থ, শিক্ষা, সামাজিক ও সরকারী প্রতিষ্ঠানের ব্যাপারে তথ্য বিনিময় করবে। কোম্পানীটির প্রধান নির্বাহী কর্মকর্তা ও সভাপতি ডঃ ইকান্দার বাহারিন বলেন, তথ্য যোগাযোগ প্রযুক্তি এবং ইন্টারনেট বিশ্ব উৎপাদনশীলতা বৃদ্ধিতে মুসলমানদের লিংকেজ ও নেটওয়ার্কের সুবিধা দিতে পারে[।] কোম্পানীটি দ**শম ও**আইসি শীর্ষ সম্মেলনের জন্য অফিসিয়াল ওয়েব সাইট সৃষ্টি করবে।

যুব সমাজকে ধাংসের পথে নেয়ার জন্য যৌনতা ও সম্ভাসে পূর্ণ বিদেশী ছারাছবিই দায়ী

–মাহাথির

মালয়েশিয়ার প্রধানমন্ত্রী মাহাথির মুহান্দাদ সেদেশের যুব্ সমাজকে ধাংসের পথে নেয়ার দায়ে যৌনতা ও সন্ত্রাসে পরিপূর্ণ বিদেশী ছায়াছবিকে দায়ী করেছেন।

'দি নিউ সানডে টাইমস' পত্রিকার এক সাক্ষাৎকারে তিনি ক্ষোভ প্রকাশ করে বলেন, এসব ছাড়া কি আর কোন ছবি নেই? সমস্ত কিছু জুড়ে তথু যৌনতা আর সন্ত্রাস। তিনি হলিউডের জনপ্রিয় তারকা আরনন্ড শোয়ার্জনিগারের উদ্ধৃতি দিয়ে বদেন, 'থামাও এসব, বদলাও এসব গোলাগুলি আর ইত্যা'।

ইরাক যুদ্ধে এ পর্যন্ত ১১২৪ সৈন্য আহত

ইরাকী নেতা সাদ্দাম হুসাইনের প্রতি অনুগত সৈন্যদের অব্যাহত হামলায় রণাঙ্গণে নাটকীয়ভাবে মার্কিন সৈন্যদের হতাহত হওয়ার সংখ্যা বৃদ্ধি পাচ্ছে এবং প্রতিদিন গড়ে অন্তত ১০ জন সৈন্য লড়াইয়ে আহত হচ্ছে বলে সরকারীভাবে ঘোষণা করা হয়েছে। মার্চে যুদ্ধ ওরু হওয়ার পর থেকে এ পর্যন্ত এক হাযার ১শ' ২৪ জন মার্কিন সৈন্য আহত হয়েছে।

প্রেসিডেন্ট জর্জ ডব্লিউ বুশ ১ মে ইরাকে বড় ধরনের লড়াই শেষ হওয়ার ঘোষণা দেয়ার পর অপ্রত্যাশিতভাবে যে সমস্ত মার্কিন সৈন্য আহত হচ্ছে তাদের কথা চাপা পড়ে যাচ্ছে। ইরাকে বর্তমানে আহতের সংখ্যা ১৯৯১ সালে উপসাগরীয় যুদ্ধে আহত সৈন্যদের দিওণের চেয়ে বেশী। গত আগটে মার্কিন সৈন্যদের উপর গেরিলা হামলার সংখ্যা ৩৫ শতাংশের বেশী বৃদ্ধি পেয়েছে। শেষ সম্ভাহে ৫৫ জন আহত হয়। ১৯ মার্চ থেকে ৩০ এপ্রিল পর্যন্ত ৫৫০ জন সৈন্য আহত হয়। পরবর্তীকালে ১ মে থেকে এ পর্যন্ত আরও ৫৭৪ জন সৈন্য আহত হয়েছে।

অধিকৃত ইরাককে ওআইসি শীর্ষ সমেলনে যোগদান করতে দেওয়া হবে না

-মালয়েশিয়া

মালরেশিয়া জোর দিয়ে বলেছে, অক্টোবরে তার দেশে অনুষ্ঠিতব্য ইসলামী সম্মেলন সংস্থার (ওআইসি) দশম শীর্ষ সম্মেলনে ইরাককে যোগদান করতে দেওয়া হবে না। মালয়েশিয়ার পররাষ্ট্রমন্ত্রী সৈরদ হামীদ আলবার গত ৭ সেন্টেম্বর এ কথা বলেন। তিনি আরো বলেন, যতদিন ইরাক ইরাকীদের হাতে না আসবে এবং ইরাকীদের দারা ইরাকের নেতা নির্বাচিত না হবে, ততদিন ওআইসিতে ইরাকের আসন শূন্য থাকবে। আলবার বলেন, ইরাক পরিস্থিতি এবং সেদেশে যুক্তরাষ্ট্রের ভূমিকার মালয়েশিয়া ও অন্যান্য মুসলিম দেশ অত্যন্ত উদ্বিগ্ন। মুসলমানরা চায়, যুক্তরাই যেন ইরাক ছেড়ে চলে যায় এবং তারা আরো কামনা করে, ইরাকীদেরই তাদের নেতা নির্বাচন করতে দিতে হবে। তিনি আরো বলেন, জার্মানী ও ফ্রান্সের মতই মালয়েশিয়া ইরাকে জ্ঞাতিসংঘকে প্রত্যক্ষভাবে জড়িত করতে চায়।

লিবিয়ার উপর থেকে জাতিসংঘ নিষেধাজ্ঞা প্রত্যাহার

দকারবিতে প্যানএস বিমান বিক্ষোরণ ঘটনার ১৫ বছর পর লিবিয়ার উপর আরোপিত জাতিসংঘ নিষেধাজ্ঞা গত ১২ সেন্টেম্বর প্রভ্যাহার করা হয়েছে। নিরাপত্তা পরিষদে ১৩-০ ভোটে নিষেধাজ্ঞা প্রত্যাহারের প্রস্তাব পাস হয়। ফ্রান্স ও যুক্তরাষ্ট্র বৈঠকে অনুপস্থিত ছিল। এর আগে গত আগষ্ট মাসে দুর্ঘটনার দায়িত্ব মেনে নিয়ে নিহত ২৭০ জন আরোহীর জন্য দিবিয়া ২শ' ৭০ কোটি ডলার ক্ষতিপূরণ দিতে রাযি হয়।

ইরাকের মাটিতে মার্কিন সৈন্যদের কবর রচনা করুন!

-अभागा विन लाएन

যুক্তরাষ্ট্রে ১১ সেন্টেম্বরের হামলার দিতীয় বার্ষিকী পালনের প্রাক্কালে গত ১০ সেপ্টেম্বর কাতার ভিত্তিক আল-জাজিরা টেলিভিশনে প্রচারিত এক ভিডিও টেপে ওসামা বিন লাদেন শূঁশিয়ারী উচ্চারণ করে বলেছেন, আমেরিকানদের উপর আরো আঘাত হানা হবে। তিনি ইরাকে মার্কিন সৈন্যদের কবর রচনা করার জন্য ইরাকী গেরিলাদের প্রতি আহ্বান জানিয়েছেন। প্রায় দু'বছরের মধ্যে ওসামা বিন লাদেনের এটি প্রথম ভিডিও চিত্র। ৮ মিনিটের এই টেপে দেখানো হয়েছে, বিন লাদেন তার প্রধান সহচর আয়মন আল-জাওয়াহিরির সঙ্গে দুর্গম পার্বত্য এসাকায় হাঁটছেন। বিশেষজ্ঞদের মতে, বিন লাদেন সুস্থ আছেন এবং সক্রিয় রয়েছেন। এটা বুঝানোর জন্য এবং আল-কায়েদা সদস্যদের মনোবল অটুট রাখার জন্যই দৃশ্যত এই টেপ প্রচার করা হয়েছে। টেপে আরো বলা হয়েছে, আল-কায়েদা এ পর্যন্ত যে হামলা চালিয়েছে তা ছিটেফোঁটা মাত্র। যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে লড়াই পুরোদমে এখনো **ওরু** হয়নি।

জাতিসংঘ গল্পগুজবের আসর

-যাহাথির

মালয়েশিয়ার প্রধানমন্ত্রী মাহাথির মুহাম্মাদ জাতিসংঘকে একটি গ্রুগুজবের আসর হিসাবে আখ্যায়িত করে বলেন. সদস্যদের সূষ্ঠ প্রতিনিধিত্ব করার লক্ষ্যে পরিবর্তন আনার কোন রাজনৈতিক ইচ্ছা এ বিশ্বসংস্থার নেই। গত ১০ সেন্টেম্বর পুত্রজোয়া সম্মেশন কেন্দ্রে আসনু ১০ম ওআইসি শীর্ষ সমেলনের প্রস্তুতি সংক্রান্ত এক ব্রিফিংয়ে ভিনি বলেন, যেখানে বাদবাকী বিশ্বকে আরো গণতান্ত্ৰিক হওয়ার জন্য বলা হচ্ছে সেখানে বাস্তবতা হচ্ছে. অধিকাংশ উনুত দেশ আন্তর্জাতিক বিষয়াদিতে গণতান্ত্রিক নয়। মাহাথির বলেন, দিতীয় বিশ্বযুদ্ধের অব্যবহিত পরে প্রতিষ্ঠিত এ বিশ্বসংস্থার সেকেলে বিশ্বশক্তির কাঠামোই প্রতিফলিত হচ্ছে। আমি পরিবর্তনের কোন সম্ভাবনা দেখছি না। আমার মনে হচ্ছে, বিশ্বশক্তি আবার জাতিসংঘকে অবজ্ঞা করবে। কারণ আমরা তাদের হাতে ভেটো ক্ষমতা তুলে দিয়েছি। কিন্তু তারা নিজেদের ভেটো ক্ষমতাকে সম্মান দিক্ষেন না। সুতরাং জাতিসংঘের আর কোন গুরুত্ব নেই। তিনি আরো বলেন, ভেটো ক্ষমতার অধিকারী যুক্তরাষ্ট্র জাতিসংঘের অনুমোদন ছাড়া এবং অন্যান্য গুরুত্বপূর্ণ সদস্যদের মতামত উপেক্ষা করে ইরাকে হামলা চালিয়েছে।

ইরাকে হ্যরত আলী (রাঃ)-এর মাযারে বোমা বিক্যোরণ

বাগদাদের ১৮০ কিলোমিটার দক্ষিণে অবস্থিত ইরাকের মধ্যাঞ্চলীয় শহর নাজাফে গত ২৯ আগষ্ট শুক্রবার জুম'আর ছালাতের পর মহানবী মুহাম্মাদ (ছাঃ)-এর প্রিয় জামাতা হযরত আলী (রাঃ)-এর মাযারের প্রবেশপথের বাইরে এক শক্তিশালী গাড়ীবোমা বিক্ষোরণে সর্বোচ্চ শী'আ নেতা আয়াতুল্লাহ মুহামাদ বাকের আল-হাকীম সহ কমপক্ষে ৮০ জন মুছল্লী নিহত এবং প্রায় ২০০ জন আহত হন। এ ভয়াবহ গগণবিদারী বিক্ষোরণে সেখানে থাকা পাঁচটি গাড়ী এবং আশপাশের বেশ কয়েকটি দোকান ভন্মীভূত ও ধোঁয়ায় আচ্ছন্ন হয়ে যায়। কিছু দোকান ও স্থাপনা মাটির সঙ্গে মিশে যায়।

নিহত আল-হাকীমের পরিবার ও সংখ্যাগুরু শী'আ গোষ্ঠীগুলি এ হত্যাকাণ্ডের জন্য সান্দাম হসাইনের অনুগত বাহিনীকে দায়ী করেন। তবে কোন গোষ্ঠী এ বর্বরোচিত হামলার দায়িত স্বীকার করেনি।

THE PROPERTY OF THE PERSON NAMED IN

বোবাদের জন্য ভাব প্রকাশের যন্ত্র

বোবাদের জন্য সহজে ভাব প্রকাশের উপযোগী একটি যন্ত্র উদ্ভাবন করেছেন যুক্তরাক্রে মেরিল্যাওে ইনস্টিটিউট অব ডিজএবলিটিজ রিসার্স এও ট্রেনিং ইনকর্পোরেটর গবেষক জোসে হার্নেন্দেজ রেবোলার। এই যন্ত্রের নাম একসিলি গ্লোব। এতে রয়েছে বিশেষ ধরনের দন্তানা যা হাতে পরতে হয়। হাতের ভঙ্গির সাথে সাথে যন্ত্রের মনিটরে ফুটে উঠবে ভাষা। ফলে মুখে কথা না বলেও বোবারা হাত নেড়ে যেকোন ব্যক্তিকে মনের ভাব বুঝিয়ে দিতে পারবেন।

নিরাপন্তার নতুন যন্ত্র

নিরাপন্তার চিন্তায় ব্যন্ত সবাই। নিরাপন্তা ব্যবস্থা জোরদার ও নিস্কিন্দ্র করতে পৃথিবীতে বহু গবেষণা হয়েছে, উদ্ভাবিত হয়েছে জনেক যন্ত্র। গবেষণা বা যন্ত্র উদ্ভাবন এখনো থেমে থাকেনি। এবই থারাবাহিকতার জাপানের প্রখ্যাত ইলেট্রনিক্স যন্ত্র নির্মাতা 'হিটাচি' উদ্ভাবন করেছে নতুন ধরনের বায়োনেট্রিক সিকিউরিটি সিন্টেম। এখানে পাসওয়ার্ডের বদলে যন্ত্রের নির্দিষ্ট অংশে বুড়ো আসুল রাখতে হবে। আসুলের ছাপ থেকে যন্ত্র ব্যক্তিকে চেনেনের, তিনি বৈধ না অবৈধ। যন্ত্রটির নাম দেরা হয়েছে 'সেকুরা বেইন অটেসটর'।

হাত ও পায়ের তালুর ঘাম বন্ধে মেশিন আবিষার

যশোরের হোমিওপ্যাথি চিকিৎসক ডাঃ এস.এম. আবদুরাহ হাত ও পারের তালুর ঘাম বন্ধে 'সোয়েটিং রিমোভাল মেশিন সোরেরিমা' নামে একটি যন্ত্র উদ্ভাবন করেছেন। তিনি যশোর প্রেসক্লাবে এক সাংবাদিক সম্বেলনে তার উদ্ভাবিত যন্ত্র দেখিয়ে দাবী করেন যে, যাদের হাত ও পায়ের তালু ঘামার দীর্ঘদিনের সমস্যা রয়েছে তাদের ঐ যন্ত্রের সাহায্যে মাত্র অল্পদিনের মধ্যেই স্থারীভাবে সমাধান করা সম্বে। জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি যাদুঘর-এর অধীনে গবেষণার মাধ্যমে ডাঃ এস.এম. আবদুরাহ দীর্ঘ প্রচেটার পর নতুন এই রোগ নিরাময় যন্ত্রটি উদ্ভাবন করেছেন। তিনি বলেন, মন্তিক এ রোগের জন্য দায়ী বলা যেতে পারে। শরীরের ঘর্ম প্রস্থিতিল মূলতঃ শরীরের তাপ নিয়ন্ত্রণের কাজে নিয়োজিত থাকে। বিশেষ কোন কারণে মন্তিক এই নিয়ন্ত্রণ ক্ষমতা হারিয়ে ফেললে তথনি এ রোগের উদ্ভব ঘটে।

সব্জি বীজ শোধন যন্ত্ৰ

দেশে এই প্রথম সব্জি বীজ শোধন যন্ত্রের উদ্ভাবনের মধ্য দিয়ে বীজ বাহিত রোগ দমনে কৃষিক্ষেত্রে আত্মনির্ভরশীপতার যাত্রা তরু হ'ল। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগে স্থাপিত আন্তর্জাতিক মানের আইপি এম ল্যাবরেটরিতে বীজ শোধন যন্ত্রটি উদ্ভাবিত হয়েছে। আইপি এম ল্যাব-এর প্রধান গবেষক প্রফেসর ডঃ মুহামাদ বাহাদুর মিঞার প্রত্যক্ষ গবেষপায় এটি উদ্ভাবিত হয়েছে। স্বল্প খরচে এবং প্রযুক্তিতে সবজ্ঞি চাষীরা উক্ত যন্তর্টি ব্যবহার করতে সক্ষম হবেন।

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় আইপিএম ল্যাবঃ উদ্ভাবিত বীজ্ব শোধন যন্ত্রটির ব্যবহার ও কার্যকরিতা বিষয়ে ইতিমধ্যেই সবজি চাষীদের মধ্যে ব্যাপক আশা ও উৎসাহব্যঞ্জক সাড়া জেগেছে। প্রথমে বীজগুলিকে ঠাগ্রা পানিতে ৩-৪ ঘটা ভিজ্ঞিয়ে রাখতে হবে। ভিজানোর পর যদ্রটির ভিতর দু'লিটার পরিষার পানি দিতে হবে। বিদ্যুৎ সংযোগ দেয়ার পর যদ্পের সামনের বাতিটি জ্বলে উঠবে। ১০ মিনিট এ অবস্থার রাখলে যদ্পের পানির তাপমাত্রা ৫৩-৫৬০ সেন্টিরেড-এ পৌছরে। এ সময় যন্ত্রটি নাড়াচাড়া করতে হবে, যাতে সকল অংশে সমান তাপমাত্রা বজার থাকে। এরপর ভিজানো বীক্ষ সরবরাহকৃত কাপড়ের নলের মধ্যে ভরে থলেসহ গরম পানিতে ১৫ মিনিট ভ্বিয়েরাখতে হবে। এ সময় বীজভর্তি থলেটি বারবার নাড়াচাড়া করতে হবে যেন পুলের সমস্ত বীক্ষ পানির সংশর্শে জ্ঞাসে।

क्षेत्र होता. अभिने बार-वासीन १४ वर्ष ३४ अस्ता, अधिन बार-बारीक वर्ष को ३५ अस्त

পৃথিবীর প্রতিবেশী মঙ্গলগ্রহ স্বচক্ষে দেখল পৃথিবীবাসী

সৌরজ্পতের গ্রহমন্তলের পৃথিবীর সবচেয়ে নিকটতম প্রতিবেশী মঙ্গল্যহ। গত ২৭ আগষ্ট (বুধবার) দুপুর ১২-টার কিছু পরে নিকটবর্তী হরেছিল যমজ খ্যাত সৌরজগতের দুই বাসিন্দা গ্রহ পৃথিবী ও মঙ্গল তখন পৃথিবী থেকে মঙ্গলের দূরত্ব ছিল মাত্র ৫ কোটি ৬০ লাখ কিলোমিটার। মহাকাশ বিজ্ঞান জগতের বিশ্বরুকর এ ঘটনা ইতিপূর্বে ৬০ হাষার বছর আগেও একবার ঘটেছিল। তখন পৃথিবীর জ্ঞান-বিজ্ঞান কিংবা সভ্যভার উন্মেৰ ঘটেনি। পৃথিবীর নিকটে আসা মঙ্গল গ্রহটিকে দেখার দুর্গন্ত এই সুযোগটি তাই কাজে লাগাতে বিশ্বব্যাপী বিজ্ঞানমনত্ব মানুহ পূৰ্ব থেকেই ব্যাপক আথহী হয়ে উঠে। সুউচ্চ ভবনের ছাদ, ৰোলা মাঠ, সাতার তীর প্রভৃতি স্থানে আগ্রহীরা টেলিকোপ ও বাইনোকুলার নিয়ে প্রস্তৃতি নেয় মঙ্গল গ্রহ দেখার। বাংলাদেশী মঙ্গল প্রেমীরাও পিছিয়ে থাকেনি। জ্যোতির্বিদ এ**মারখানকে** সভাপতি করে বাংলাদেশে গঠিত হয় মঙ্গল উৎসব কমিটি। দেশের বিভিন্ন স্থানে টেলিঙ্কোপ দিয়ে সাধারণ মানুষকে মঙ্গল এহ দেখানোর ব্যবস্থা করা হয়। বিজ্ঞান চেতনা<mark>য় মানুবের এই</mark> উৎসুক্য আমাদের ভবিষ্যৎ বিনির্মাণে কাজে লাগুক এটাই সবার প্রত্যাশা।

তরুণ সিরাজুল ইসলামের উদ্ভাবন মাছের খাবার তৈরীর পিলেট মেশিন

আমাদের দেশে প্রাণীজ প্রোটিনের ব্যাপক ঘাটিত প্রণে মাছ চাবে কৃত্রিম খাদ্য প্রদান করা আবশ্যক। প্রাচীন পদ্ধতি অনুযায়ী খৈল, ক্ড়া, উটকির ওঁড়া ইত্যাদি পানিতে ছিটিয়ে দিলে যেমন অর্ধেক খাবার গলে নষ্ট হয়ে যায় এবং আর্থিকভাবে ব্যাপক ক্ষতি হয় তেমনি পুকুরের পানি নষ্ট হয়। এসব সমস্যার কথা চিন্তা করে সিরাজুল ইসলাম মিরন নামের এক তরুণ এই যন্ত্রটি উদ্ভাবন করেছেন। এই যন্ত্রটি মৎস্য চাষী ভাইদের জন্য বিভিন্নভাবে উপকারী। যেমনঃ এই মেশিনে প্রতিদিন ৫০০-১০০০ কেজি দানাদার খাবার উৎপাদন করা যায়। এতে যেকোন সাধারণ লোক খাবার তৈরী করতে পারবেন। মেশিনের সাথে খাবার তৈরীর পদ্ধতি ও ফর্মূলা শেখানো হয়। নিজস্ব মেশিনে তৈরী খাবার বাজারে প্রাপ্ত খাবারের চেয়ে ৩০% কম মূল্যে তৈরী করা যায়। সৃষম শিলেট খাবারে মাছের বৃদ্ধির হার ২ঃ১ অর্থাৎ প্রতি ২ কেটি খাবারে ১ কেটি মাছ উৎপাদিত হবে।

পাঠকের মতামত

দরসে কুরআনের মাননীয় লেখককে জানাই অশেষ ধন্যবাদ

মাসিক 'আত-তাহরীক' জুলাই ২০০৩ সংখ্যায় প্রকাশিত দরসে কুরআন 'হীন কারেমের সঠিক পদ্ধতি' শীর্ষক সুন্দর ও সার্থক দরস পেশ করার জন্য মাননীয় লেখককে জানাই অপেষ ধন্যবাদ। দরসের আলোচনাটি তত্ত্ব ও তথ্যে তরপুর এবং সময়োপবোগী ও মনোমুগ্ধকর। চিন্তাশীল পাঠকদের জন্য ররেছে এতে চিন্তার খোরাক। মতবাদ বিক্লুর বর্তমান বিশ্বের অনৈইসলামী সংগঠন সমূহের কথা বাদ রেখেও ইসলামের নামে দেশ-বিদেশে যে সকল সংগঠনের উৎপত্তি হচ্ছে, তাদের মধ্যে রাস্লুরাহ (ছাঃ)-এর অনুসৃত পদ্ধা ও পদ্ধতি অনুপস্থিত।

সম্প্রতি দেশে জিহাদ ও বি্তালের নামে কিছু চরমপন্থী সংগঠনের পদধানি শোনা যাছে। যারা কুরআন ও হাদীছের অপব্যাখ্যা করে ছাত্র ও যুব সম্প্রদায়কে বিপথণামী করছে। এমনকি তাদের প্রচারিত বই-পুত্তকে কোন কোন আহলেহাদীছ নেতা ও সংগঠন এবং তাঁদের লিখিত বই-পত্রের নাম উল্লেখ করে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে বিরূপ সমালোচনা করা হয়েছে। আমার মতে, দ্বীন কায়েমের সঠিক পদ্ধতি ও পদ্মা না জানা এবং জ্ঞানের অপরিপঞ্কতাই ঐ সকল চরমপন্থী ভাইদের ভ্রান্তির পথে পরিচালিত করছে।

দেশের সকল ইসলামী সংগঠন দ্বীন কায়েম করতে চার। কিছু
দ্বীন কায়েমের সঠিক পদ্ধতি কি হবে, তা পরিকারভাবে কেউ
বলতে সং সাহস নিয়ে এগিয়ে আসছে না। সত্য ও সঠিক কথা,
রাস্পুরাহ (ছাঃ)-ই আমাদের একমাত্র অনুসরণীয় ও অনুকরণীয়
আদর্শ। তার সুনাতী জীবনাদর্শই বিশ্ব মুসলিমের নিকট
চিরকালের তরে আঁধার সমুদ্রে আলোকত্ত। আজও সেখান
থেকেই আমাদের আলো গ্রহণ করতে হবে, পেতে হবে
পথ-নির্দেশ। রাস্লে করীম (ছাঃ)-এর দ্বীন কায়েমের পদ্ধতি
ছিল দা ওয়াত ও বার আত'। যার কলশ্রুতিতে গড়ে উঠবে
হিমারত ও বার আত'।

দরসের মাননীয় লেখক কুরআন ও সুনাহর অতল গহরের প্রবেশ করে রাসৃল (ছাঃ)-এর জীবন পদ্ধতি অবলয়নে 'দা'ওয়াত ও বায়'আতে'র নিখুঁত চিত্র আমাদের সামনে তুলে ধরেছেন। সাথে সাথে বাংলাদেশ প্রেক্ষিত আলোচনায় চরমপন্থী ও দলীয় রাজনীতিতে বিশ্বাসী ভাইদের স্বন্ধপ উন্মোচন করতঃ তাদের গলদ আন্থীদা তুলে ধরেছেন অত্যন্ত সাহসিকতার সাথে, দলীল-দালায়েলের ভিত্তিতে।

অত্র দরসটি কেবলমাত্র 'আত-তাহরীকে'র পাতায় সীমাবদ্ধ না রেখে দেশের সর্বমহলে অগণিত পাঠকের হাতে পৌছে দেয়ার নিমিন্তে পুন্তিকা আকারে অবিলম্বে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য 'হাদীছ ফাউণ্ডেশন বাংলাদেশ'-এর সচিব মহোদরের দৃষ্টি আকর্ষণ করছি। পরিশেষে লেখকের নিকট হতে আরও বেশী বেশী গবেষণামূলক দরস প্রত্যাশা করে তাঁর সুস্থতা ও দীর্যায়ু কামনা করে শেষ করছি। ওয়াসসালাম।

> * आयुन रागीप विन मानमूकीन महकाती अथापक, कक्षिमा त्रश्यान महिमा करमक ताहातापान, निरताकपुत्र।

সংগঠন সংবাদ

আন্দোলন

কর্মী প্রশিক্ষণ

চট্টখাম, ২৫শে জ্লাই, ডক্রবারঃ অদ্য সকাল ৯-টা থেকে রাত ৯-টা পর্যন্ত যেলা কর্মী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। ওরুতে সকাল ৯-টা থেকে ১১-টা পর্যন্ত লিখিত মান উন্নয়ন পরীক্ষা গ্রহণ করা হয়। অতঃপর ছালাত ও খাওয়ার সময়টুকু বাদে অবিরতভাবে প্রশিক্ষণ চালু থাকে। যেলা সভাপতি জনাব ছদকল আনামের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত প্রশিক্ষণ শিবিরে প্রধান অতিথি মৃহতারাম আমীরে জামা'আত দেশব্যাপী কেন্দ্রীয় প্রশিক্ষণ কর্মসূচী অনুযায়ী কার্যক্রম পরিচালনা করেন।

মাযহাবী গোঁড়ামী পরিত্যাগ করে পবিত্র কুরআন ও ছহীহ হাদীছের দিকে ফিরে চলুন

-আমীরে জামা আত

চাকা, ২৭শে জুলাই, রবিবারঃ অদ্য সকাল ৮-৩০ মিনিটে কাঁটাবন জামে মসজিদে আল-হিকমা দাওয়াত ও কল্যাণ সংস্থা আরোজিত ইমাম প্রশিক্ষণে সংস্থার সহ-সভাপতি জনাব ডঃ মুছলেছদীনের পরিচালনায় 'ইজতিহাদ যুগে যুগে' শীর্ষক আলোচ্য বিষয়ে বক্তব্য রাখতে গিয়ে মুহতারাম আমীরে জামা'আত প্রফেসর ডঃ মুহামাদ আসাদ্ল্রাহ আল-গালিব মুসলিম জনগণের প্রতি উপরোক্ত আহ্বান জানান। তিনি বলেন. ইসলাম মানবজাতির চিরন্তন কল্যাণের জন্য আল্লাহ প্রেরিত সর্বশেষ ও পূর্ণাঙ্গ জীবন বিধান। এতে মানবজীবনের সম্ভাব্য সকল সমস্যার মৌলিক সমাধান নিহিত রয়েছে। রাসুলুল্লাহ (ছাঃ) ও খুলাফায়ে রাশেদীন ছিলেন ইসলামের বান্তব রূপকার। ভাঁদের রেখে যাওয়া দৃষ্টান্ত অনুসরণ করে মানুষের ধর্মীয় ও বৈষয়িক জীবন পরিচালনা করাই হ'ল ইসলামের মূল দাবী। পবিত্র কুরআন ও ছহীহ হাদীছ সমূহে সংকলিত ইসলামের বিধান সমূহ মানব জীবনের সকল দিক ও বিভাগের নিঃসন্দেহে সর্বযুগীয় সমাধান। কুরআন ও সুন্নাহে অভিজ্ঞ ও তাকুওয়াশীল বিশ্বানগণের দায়িত হ'ল সেগুলি থেকে প্রয়োজনীয় গবেষণার মাধ্যমে অস্পষ্ট বিষয় সমূহে সমাধান খুঁজে বের করা। সমস্যার মৌলিক প্রকৃতি সকল যুগে এক হ'লেও স্থান-কাল-পাত্রভেদে ধরণ ভিন্ন হ'তে পারে। শরী'আত গবেষণা তথা ইজতিহাদের মাধ্যমে সে সব সমস্যার সমাধান দিয়ে যেতে হবে। নইলে ইসলামকে মানুষ মধ্যযুগীয় বলে প্রত্যাখ্যান করবে। যেমন আজকাল অনেকের মধ্যে উক্তরপ প্রবণতা দেখা যাছে।

তিনি বদেন, আমাদেরকে অবশ্যই মাযহাবী গোঁড়ামী পরিভ্যাগ করতে হবে এবং পবিত্র কুরআন ও ছহীহ হাদীছের দিকে ফিরে যেতে হবে। সর্বদা উক্ত দৃই উৎস থেকে আলো নিতে হবে ও যুগ-জিজ্ঞাসার জবাব দানে ইজতিহাদে মনোনিবেশ করতে হবে।

কেননা আল্লাহ পাক ইজতিহাদের এই নে'মতকে কিয়ামত অবধি তাঁর নির্বাচিত বান্দাদের জন্য অবারিত রেখেছেন। এটি কখনোই বিগত কোন একটি যুগ পর্যম্ভ সীমাবদ্ধ নয়।

মূহতারাম আমীরে জামা'আত স্বীয় বন্ধব্যে পবিত্র কুরআন, ছহীহ হাদীছ, ইন্ধমায়ে ছাহাবা ও বিগত বিধানগণের বহু উদ্ধৃতি প্রমাণ হিসাবে উপস্থাপন করেন। যাতে উপস্থিত ইমাম ও ওলামায়ে কেরামের মধ্যে বিপুল আগ্রহের সৃষ্টি হয়।

মসজিদ উদ্বোধন

দিনাজপুর, ১৫ই আগষ্ট, তক্রবারঃ অদ্য চিরিরবন্দর উপযেলাধীন ভাবকী-চণ্ডীপাড়া নবনির্মিত আহলেহাদীছ জ্ঞামে মসজিদের উদ্বোধনী খুৎবা প্রদানকালে মুহতারাম আমীরে জামা'আত প্রফেসর ডঃ মুহামাদ আসাদুল্লাহ আল-গালিব বলেন, 'মানবজাতির শত্রু' বলে ধিকৃত ওয়ারেন হেষ্টিংস (১৭৭৪-১৭৮৫)-এর স্বৈর শাসনামলে এবং 'চিরস্থায়ী বন্দোবন্তের' মাধ্যমে মুসলমানদেরকে ভূমিহীন করে হিন্দু জমিদারদের টিরস্থায়ী দাসত্ত্বে শৃংখলে আবদ্ধকারী হিংস্র খলনায়ক লর্ড কর্ণওয়ালিস (১৭৮৬-১৭৯৩)-এর অবর্ণনীয় যুলুমের মধ্যেও দিনাজপুরের এই অজ পাড়াগাঁয়ে ময়লুম আহলেহাদীদ্গণের পক্ষে ১৭৮০ সালে এই মসজিদ প্রতিষ্ঠা করা নিঃসন্দেহে একটি দুঃসাহসিক ব্যাপার ছিল বৈ-কি! ভিনি বলেন. বিগত দিনে আহলেহাদীছগণের নেতৃত্বে পরিচালিত ভারতবর্ষ ব্যাপী জিহাদ আন্দোলনের রক্তরাঙা পথ বেয়েই আজ স্বাধীন বাংলাদেশের রাষ্ট্রীয় কাঠামো আমরা লাভ করেছি। দখলদার বিদেশী বেনিয়া ইংরেজ দস্যুদের বিরুদ্ধে সশস্ত্র জিহাদের স্চনাকারী আমাদের সেই বীর পূর্ব-পুরুষদের সোনালী ঐতিহ্যের ধারক হিসাবে আজ যারা আমরা স্বাধীন বাংলাদেশের নাগরিক হিসাবে বসবাস করছি, আমাদেরকে সবসময় স্বদেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব এবং সর্বোপরি ইসলামী ঐতিহ্যের নিরংকুশ ধারাকে অক্ষুণু রাখতে হবে। ইসলামের নামে যেসব শিরক ও বিদ'আত এবং হিন্দুরানী ও পান্চাত্য রসম-রেওয়াজ আমাদের সমাজে ঢুকে পড়েছে, সেসব থেকে সমাজকে পরিচ্ছন করতে হবে। নইলে আমাদের ঘাড়ে বন্দুক রেখেই বিদেশীরা আমাদের উপরে শাসন ও শোষণ চালাবে, যা তারা এখনো ক্মবেশী চালিয়ে যাচেছ। অতএব ফিরে চলুন মদীনার সেই ফেলে আসা নির্ভেজাল ইসলামের দিকে। পবিত্র কর্তান ও ছহীহ হাদীছের দিকে, আমাদের ইহকালীন মঙ্গল ও পরকালীন মুক্তির দিকে। 🕨

তিনি স্থানীয় মুছল্লীদের নিকট থেকে এই মসজিদকে শিরক ও বিদ'আত মুক্ত রাখার ব্যাপারে এবং সর্বদা পবিত্র কুরআন ও ছহীহ হাদীছ অনুযায়ী মসজিদ পরিচালনা ও ইবাদত অনুষ্ঠানের ব্যাপারে ওয়াদা গ্রহণ করেন।

বক্তব্যের ওরুতে মুহতারাম আমীরে জামা'আত উক্ত মসজিদের কুয়েতী দাতা ও দাতাসংস্থা 'জমঈয়াতু এহইয়াইত তুরাছিল ইসলামী' বাংলাদেশ অফিসের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং আল্লাহ পাকের নিকটে তাদের জন্য খাছ দো'আ করেন।

